www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

HOSPITALITY MANAGEMENT
Rs. 2600/- (প্রতি মাসে)
100% Job Guarantee
www.mitmeducation.org
MITM-Panskura (P.S)
M : 9564784173

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

BCA & HOTEL MANAGEMENT
(প্রতি মাসে)
www.mitmeducation.org
MITM-Panskura (P.S)
M : 7586053479

বর্ষ ৩৮ সংখ্যা ৪৪ কলকাতা শুক্রবার, ১ জুন ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫ দাম ₹৫.০০ ২৪ পাতা R. N. 37120/80

## রাজ্যের সরকারি হাসপাতালে ১২১২

### মেডিক্যাল টেকনোলজিস্ট

মেডিক্যাল টেকনোলজিস্ট পদে ১,২১২ জন কর্মী নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট হেলথ সার্ভিসে। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২ মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম তথ্য জানানো হয়েছিল। এই সংখ্যায় মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা-সহ দরখাস্ত করার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MT/Phar./Physio./48/1/2018.

শূন্যপদের বিবরণ: **মেডিক্যাল টেকনোলজিস্ট গ্রেড-থ্রি: ক্রিটিক্যাল কেয়ার:** ৫১৭টি (সাধারণ ২৬৫, তফসিলি জাতি ১১৫, তফসিলি উপজাতি ৩২, ও বি সি-এ ৫৩, ও বি সি-বি ৩৬, দৈহিক প্রতিবন্ধী ১৬)। **এক্স-রে (রেডিওডায়াগনস্টিক্স):** ২১৫টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৩, ও বি সি-এ ২১, ও বি সি-বি ১৬, দৈহিক প্রতিবন্ধী ৭)। **ই সি জি:** ৩০২টি (সাধারণ ১৫৪, তফসিলি জাতি ৬৮, তফসিলি উপজাতি ১৮, ও বি সি-এ ৩০, ও বি সি-বি ২২, দৈহিক প্রতিবন্ধী ১০)। **ডায়ালিসিস:** ৩৫টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। **পারফিউশনিস্ট:** ৩৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ২)। **রেডিওথেরাপিস্ট:** ৬৩টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৬, দৈহিক প্রতিবন্ধী ২)। **ক্যাথ ল্যাব:** ৩২টি (সাধারণ ১৫, তফসিলি

এরপর বাইশের পাতায়

## কলকাতা পুলিশে ১৯৫ সিভিক ভলান্টিয়ার

১৯৫ জন সিভিক ভলান্টিয়ার নেবে কলকাতা পুলিশ। নিয়োগ করা হবে কলকাতা পুলিশের বিভিন্ন ডিভিশন ও ইউনিটে। প্রথমে ২ সপ্তাহের ট্রেনিং। মহিলারাও আবেদন করতে পারেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: FRC/Recruit/05/2018.

**শূন্যপদের বিবরণ:** ডিটেকটিভ ডিপার্টমেন্ট: ৬০টি, কলকাতা পুলিশ ডগ স্কোয়াড: ১০টি, কলকাতা মাউন্টেড পুলিশ: ১০টি, পুলিশ হাউসিং এস্টেট: ৭০টি, কলকাতা পুলিশ স্পোর্টস সেকশন: ২৫টি, ইস্ট ডিভিশন, কলকাতা পুলিশ: ২০টি। ইস্ট ডিভিশনের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। অন্যান্য ইউনিটের ক্ষেত্রে পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট।

এরপর বাইশের পাতায়

### ভেতরের পাতায়

✓আধুনিক অফিস সামলানোর প্রশিক্ষণ ...পৃঃ ৯
✓হোটেল ম্যানেজমেন্টের ৬টি শাখায় ডিপ্লোমা ...পৃঃ ১০
✓গোষ্ঠীবদ্ধ রন্ধনশালা ...পৃঃ ১৩
✓প্যারামেডিক্যাল টেকনোলজি ...পৃঃ ১৩
✓সোশ্যাল ওয়ার্কের কোর্স ...পৃঃ ১৫

## সরকারি হাসপাতালে ৩৪৪ নিরাপত্তারক্ষী

সরকারি হাসপাতালে ৩৪৪ জন সিকিউরিটি পার্সোনেল নিয়োগ করবে কলকাতা পুলিশ। নিয়োগ হবে এক বছরের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর FRC/Recruit/06/2018.

ডিভিশন অনুসারে শূন্যপদের বিবরণ: নর্থ ডিভিশন: টালা পুলিশ স্টেশন: ২৯টি, জোড়াবাগান পুলিশ স্টেশন: ১৩টি, কাশীপুর পুলিশ স্টেশন: ১৩টি। ইস্টার্ন সুবার্বান ডিভিশন: এন্টালি পুলিশ স্টেশন: ২৫টি, ফুলবাগান পুলিশ স্টেশন: ২৫টি, বেলেঘাটা পুলিশ স্টেশন: ২৫টি। সেন্ট্রাল ডিভিশন: বৌবাজার পুলিশ স্টেশন: ৫০টি, মুচিপাড়া পুলিশ স্টেশন: ১৩টি। সাউথ ডিভিশন: ভবানীপুর পুলিশ স্টেশন: ৬৩টি। সাউথ ইস্টার্ন ডিভিশন: বেনিয়াপুকুর পুলিশ স্টেশন: ২৫টি। সাউথ সুবার্বান ডিভিশন: যাদবপুর পুলিশ স্টেশন: ৩৩টি, নেতাজিনগর পুলিশ স্টেশন: ৯টি। সাউথ ওয়েস্টার্ন ডিভিশন: পর্ণশ্রী পুলিশ স্টেশন: ৯টি, সরশুনা পুলিশ স্টেশন: ৩টি। পোর্ট ডিভিশন: নাদিয়াল পুলিশ স্টেশন: ৯টি।

শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। প্রার্থীকে অবশ্যই কলকাতা মিউনিসিপ্যালিটির অধীনস্থ এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট পুলিশ স্টেশনের আওতাধীন এলাকার বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। খেলাধুলায় পারদর্শী হলে এবং এন সি সি ক্যাডেট বা বয় স্কাউট বা এন এস এস ভলান্টিয়ার বা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার বা সিভিক ভলান্টিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা বা

এরপর বাইশের পাতায়

## উত্তর চব্বিশ পরগনায় ১৯০ স্টাফ নার্স

১৯০ জন স্টাফ নার্স নেবে উত্তর চব্বিশ পরগনা জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল আর্বান হেলথ মিশনে। কেবল মহিলারা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/NHM/2018/944.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ১০৩, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি-এ ১৯, ও বি সি-বি ১৪।

**শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয়

এরপর বাইশের পাতায়

পশ্চিমবঙ্গ সরকার
যুব কল্যাণ দপ্তর
VOCATIONAL TRAINING INSTITUTE
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
YOUTH SERVICE DEPT. Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

| ADVANCE DIPLOMA/DIPLOMA | | | CERTIFICATE | | |
|---|---|---|---|---|---|
| COURSE | DURATION | AMOUNT | COURSE | DURATION | AMOUNT |
| INTERIOR DECORATING & DESIGN | 18 Months | 10,100/- | TEXTILE DESIGNING | 6 Months | 2,500/- |
| | | | BEAUTICIAN | 6 Months | 2,100/- |
| FASHION DESIGNING | 18 Months | 8,150/- | AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING | 6 Months | 2,500/- |
| COMPUTER HARDWARE & NETWORKING | 12 Months | 5,000/- | | | |
| TELEPHONE & MOBILE REPAIRING | 12 Months | 5,000/- | ANCHORING | 6 Months | 2,100/- |
| STILL PHOTOGRAPHY | 12 Months | 3,350/- | ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING | 6 Months | 2,500/- |

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।
MOULALI : New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9874126490
DURGAPUR : 2nd Administrative Building, City Centre, Ph. : 0343 2544432 / 9830275795
HOWRAH : 158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema) Hazra Building, Howrah - 711101 Near UCO Bank, Ph.: 9230704344/9143163495/9433045288
SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239
ভর্তি চলিতেছে ভর্তি চলিতেছে

## হুগলিতে ১০০ স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান, মেডিক্যাল অফিসার-সহ বিভিন্ন পদে ১০০ জন স্বাস্থ্যকর্মী নিয়োগ করবে হুগলি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল হেলথ মিশন, ন্যাশনাল এইডস কন্ট্রোল প্রোগ্রাম, ন্যাশনাল আর্বান হেলথ মিশন-সহ বিভিন্ন সরকারি স্বাস্থ্য প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 4165.

শূন্যপদের বিবরণ: **স্টাফ নার্স (এন ইউ এইচ এম):** ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। স্থানীয় বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান (এন ইউ এইচ এম):** ১৪টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি বা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। এম এস

এরপর বাইশের পাতায়

## উচ্চমাধ্যমিকদের ট্রেনিং দিয়ে নৌবাহিনীতে নাবিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। প্রশিক্ষণ হবে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস (এএ)-ফেব্রুয়ারি ২০১৯ ব্যাচে। শুধুমাত্র অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর ফেব্রুয়ারি মাস থেকে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও ফিজিক্সের সঙ্গে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। খেলাধুলা ও সাঁতারে আগ্রহ থাকলে অগ্রাধিকার।

**জন্মতারিখ:** ১-২-১৯৯৯ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/১২ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/১২ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, মৃগীরোগ থাকলে এবং কোনও মানসিক অসুস্থতায় ভুগে থাকলে, হৃদযন্ত্রের রোগ থাকলে, কানে কোনও সংক্রমণ থাকলে বা চোখের অপারেশন হয়ে থাকলে চলবে না।

এরপর তেইশের পাতায়

রবীন্দ্রপাঠ ভবন™
NSDC National Skill Development Corporation
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
NSDC, NCVT, BSS (Govt. Of India)
ITI কোর্সে সরাসরি ভর্তি
NCVT (Govt. Of India) অনুমোদিত
ITI (DRAUGHTSMAN & SURVEYOR)
কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়
100% Placement এর সুবিধাযুক্ত (M) 8335066915
CIVIL ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা
জয়েন্ট ছাড়াই সরাসরি ভর্তি চলছে
Duration: A) 3 Years For 10th pass students
B) 2 Years For ITI / NCVT / 10+2 Vocational
নার্সিং ট্রেনিং
ANM - NURSING (2 YEARS)
মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পাশ মেয়েরা নার্সিং কোর্সে ভর্তি হয় নিজেদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। (M) 8335066916



বিউটিশিয়ান ট্রেনিং
কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়।
100% Placement
মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং
Perfect Teacher



BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244 / 8335066915
E-mail: rabindra_path_bhaban@yahoo.co.in web: rabindrapathbhaban.info

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪৪ □ ১ জুন ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

**EMPLOYMENT NOTICE STAFF RECRUITMENT FOR THE YEAR 2017-2018 IN THE JUDGESHIP OF CITY SESSIONS DIVISION, CALCUTTA**

Notification for Recruitment to fill up the 05 (Five) posts of English Stenographer (Group-B); 13 (Thirteen) Posts of Lower Division Assistant (Group-C); and 31 (Thirty-One) posts of Group-D in the Judgeship of City Sessions Division, Calcutta. For details, please visit www.calcuttahighcourt.nic.in or www.ecourts.gov.in/citysessionscourtcalcutta. The said Notification is also available in the Notice Board of City Sessions Court, Calcutta at Bichar Bhawan, 2 & 3, Bankshall Street, Kolkata-700 001. (PRASENJIT BISWAS) Chief Judge, City Sessions Court, Calcutta-cum-Chairman, District Recruitment Commitee City Sessions Division, Calcutta.

□

**স্টার হোটেলে 6-17,500/-**
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**হোটেলে চাকরি**
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**ব্যাঙ্কে চাকরি**
সরাসরি Bank ও অফিসিয়ালে বিভিন্ন কাজে প্রচুর প্রার্থী চাই। বেতন: 12K-25K, নৈহাটি কল্যাণী কৃষ্ণনগর দমদম হাওড়া হুগলি বারাসাত গড়িয়া: 90731-45817/90731-45096 (VCS).

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## কর্মখালি

VODA/ JIO/ AIRTEL/ 4G কাস্টমার কেয়ারে (10-6 P.M) NEW SIM সংক্রান্ত কাস্টমারদের Incoming Call verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) সরাসরি নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. SAL: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. HNG, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240, জয়নগর: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

Call Center ও Banking-এ Spot Joining চলছে। বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ চলছে। M.P-M.A. বেতন: 10,850/- P.F, ESI, Car, Inc-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORI, KGP, MDN. বাঁকুড়া, দুর্গাপুর: 83275-86122, মেদিনীপুর, ঝাড়গ্রাম: 84368-61388, হাওড়া, কলকাতা: 98007-80569.

□

কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F, ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315, মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 90075-59111.

□

SBI/Airtel 4G কাস্টমার কেয়ারে বাংলা ভাষী M/F চাই। যোগ্যতা: M.P-H.S, বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 85848-87134.

□

**স্টার হোটেলে চাকরি**
লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজাবাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

Jio/Airtel 4G/Voda কাস্টমার কেয়ারে বাংলা ভাষী রাজ্যের বিভিন্ন জেলা থেকে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: MP-HS. বেতন: INC + OT-সহ 10,800/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 90517-30543.

□

KUTCHINA Req. Urgently Fresher Sales Exe-GL-Accountant-Hooghly. Fixed Sal + PF + ESI + Incentive. Ph: 80137-11058. S & P Kitchen & Home Appliances Pvt. Ltd. 70/A/2, Indira Gandhi Road, Konnagar, Hooghly, Pin-712 235.

□

GP INFO SOLUTIONS requires Sales Officer (06) Nos. Salary Rs. 12,000/- pm. M: 99333-55749 contactssp2016@gmail.com Add: 18/2, Raj Ballav Saha Lane, Howrah-711 101.

□

Req Telecallers, Sales Exec, Corporate Sales, Service Exec. for indoor/outdoor sale of financial product. Fixed Salary + PF + ESI + Inc. Caseast, BC-92, Rajdanga, Kol-107, 8697747486/hr.admin@caseast.co.in

□

**স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে**
সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gsjob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7. (M): 77184-52562.

□

**DIRECT নিয়োগ**
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
বেতন: 10,600/- –28700/-
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে নিশ্চিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**Bright Service URGENT VACANCY Mo. 75518-14141**
গ্যারান্টি-সহ বন্দরে বিভিন্ন পদে সরাসরি কাজের নিয়োগ চলছে। বয়স: (17-42), যোগ্যতা: (অষ্টম-স্নাতক), বেতন: 16,500/- – 52,500/- সঙ্গে থাকা-খাওয়া, কোম্পানির খরচ। এছাড়া সঙ্গে PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুব্যবস্থা আছে। পোস্টিং এরিয়া: খিদিরপুর, হলদিয়া, আন্দামান, মুম্বই, চেন্নাই, গোয়া, বিশাখাপত্তনম, আরো অন্যান্য স্থানে। যোগাযোগ: Mo: 75518-14141, Station Rd, Ranaghat, Nadia.

□

**LUCKY SERVICE Govt. Regd. No.: L/C: 786799 Mo: 7551815577**
সরাসরি যোগ্যতা অনুযায়ী ছেলেদের জন্য জরুরি ভিত্তিতে কাজের নিয়োগ চলছে ভারতবর্ষের বিভিন্ন Bank ও Port স্থায়ী কাজ। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক, বয়স: ১৮ থেকে ৪৫-এর মধ্যে। বেতন: 12,200/- থেকে 52,800/- মধ্যে। যোগ্যতা অনুযায়ী পদ ও বেতন। এছাড়া থাকা, খাওয়া, P.F, ESI, OT, Bonus-এর সুব্যবস্থা আছে। ইচ্ছুক ব্যক্তিরা অতি সত্বর সমস্ত Documents-সহ নিজেরা যোগাযোগ করুন। এজেন্ট স্বাগত। Station Rd, Ranaghat, Nadia.

□

**ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**
Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, N. Corporate, Pinkal More, শ্যামনগর।

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ স্পট জয়েনিং GOVT R/L No.-63732 বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,300/- – 45,700/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ করুন। S. J. S, সোদপুর, 4, No. অটো স্ট্যান্ড। M: 87688-22677.

□

**AIRPORT ও মেট্রোরেলে**
বিভিন্ন Pvt. ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 42,500/-. ফর্ম দেওয়া চলছে। 77187-18137, G. P. CIT Rd, Kol-54 (G.P).

□

## কর্মখালি

**BANK KYC-তে 28 জন কম্পিউটার অপারেটর**
স্থায়ী পদে অফিসিয়াল Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop Kol-108. বারাসাত: 83368-25979, কলকাতা: 83368-25980.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- – ১৬,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 86979-66868, নর্থ/সাউথ ২৪ পরগনা: 78908-24031, বর্ধমান/ হুগলি: 74494-06185, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463.

□

**সরাসরি নিয়োগ**
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**
হাওড়া ও হুগলি: 70443-81672
শ্রীরামপুর ও ব্যান্ডেল: 75969-50023
ধুলাগড় ও বালি: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918
বজবজ ও ঠাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
নৈহাটি ও ডানলপ: 74497-02185
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
Need Counseling, ডানলপ-108.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীন Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**Govt Reg. L O-WB. 7562 M: 8348032205**
উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T, Rd, Nowa Para, শ্যামনগর।

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**Govt. Regd. L/No.: WB 6290 M: 8327062290**
সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা। Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-), OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। Sara Corporate, Garulia Rd, Shyamnagar.

## স্কুল-কলেজ শিক্ষা

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং ও চাকরি, বালিগঞ্জ**
Pre Primary, Primary & Montessori Teachers Training (1 year)-এ সরাসরি ভর্তি চলছে। Installment ও চাকরির সুযোগ। approved by BSS & NCVT Govt. of India. রবীন্দ্র পাঠভবন, বালিগঞ্জ: 74784-30465, 97326-84328.

□

**Distance / Regular Course**
B. ED (W.B) 60,000/- M.ED (A-P) 60,000/-. MP, H.S, B.A, M.A, Rajarhat, Dum Dum, Garia: 98746-06164, 87770-49063.

□

ভর্তি চলছে WBCS (Plm/Main) 55% (110) কমন না পেলে টাকা ফেরত। PSC, SSC Others পড়ানো হয়। সোনারপুর, মুনলস্যার: 90077-36900.

□

**ACHIEVEMENT**
FOR: WBCS, Bank, SSC, Rail, Primary etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘড়িয়া, শিয়ালদহ, ব্যারাকপুর, বারুইপুর। নতুন শাখা: বারাসাত: 98305-38588 / 85828-04688 / 92316-10947.

□

Math & Eng. সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**প্যারামেডিকেল ও নার্সিং**
DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিকেল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 90623-62321.

□

**নার্সিং কোর্সে ভর্তি**
INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

**নার্সিং কোর্সে ভর্তি**
INC ও KNC অনুমোদিত GNM, B. Sc ও M. Sc কোর্সে ভর্তি চলছে। Bank Loan-এর সুবিধা। Placement Assistance, ANM নার্সদের বিশেষ সুবিধা GNM-এর জন্য। New Dolphin Nursing & Coaching Center, মথুরাপুর ও সন্তোষপুর। 98301-36581 / 70018-08120.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS & NCVT Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

15 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়, গড়িয়া, শিয়ালদায়, ইসলামপুর (উঃ দিঃ) Bank, Rail, WBCS, CGL, Gr-D ইত্যাদির Maths, G.K, G.I, English. Huge Success, সেকেন্ডে উত্তর, Monthly Fees, 97480-32827.

□

**NCVT কোর্সে ভর্তি চলছে**
কর্মসংস্থানের সুযোগ পেতে হলে, সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চন্ডীপুর উন্নয়ন কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার। 94330-78824, 98744-49706.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**
ANM Nursing (2 Years) ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা মাধ্যমিক/উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment সহ অন্যান্য আরও সুযোগ সুবিধা। Approved by BSS NSDC Govt. of India. রবীন্দ্র পাঠভবন, বালিগঞ্জ: 97326-84328, 74784-30465.

□

**CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY**
GNM & B.Sc Nursing & BSS Govt. of India স্বীকৃত DMLT DPT ECG X-Ray Scan MRI Dialysis OT ICU Eye ডেন্টাল হোমিওপ্যাথি আয়ুর্বেদ কোর্সে ভর্তি চলছে। যোগাযোগ: MPHS কলেজ ক্যাম্পাস-126B, রাজা রামমোহন সরণি, কোল-9. শিয়ালদহ পূরবী সিনেমার কাছে। হেড অফিস-22, রাধানাথ মল্লিক লেন, কোল-12, কলেজ স্কোয়ার, CU-র কাছে। 93310-62421.

□

WBCS, (Prelims, Main, Interview) পড়াই। Group-C-তে ৯ জন সফল। কোনও শর্টকাট পদ্ধতি নেই। সাগর রায় 94772-19086। হাওড়া ময়দান।

□

WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি কোর্সে সঠিকভাবে প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট চাকরি পেয়েছে। কেবলমাত্র ছাত্রীরাই ফোন করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর, 90075-34791.

□

**মাসিক মাহিনায় কোচিং**
CGL, BCS, RAIL, RPF, WB POLICE & COMB. ডেমো ক্লাস করে ভর্তি, নৈহাটি, মগরা (হুগলি) 80177-50538, M Sarkar, Joka, Kol-104.

□

**উইমেন্স মন্টেস্সরি ট্রেনিং**
অ্যাফিলিয়েটেড 45 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান, অল ইন্ডিয়া ইনস্টিটিউট মন্টেসরি ট্রেনিং-এ ভর্তি। 59/C, সতীন রায় রোড, বেহালা, কলি-34. ফোন: 2348-2855, 98313-95169.

□

**ATTITUDE ACADEMY**
MEDICAL REPRESENTATIVE Training For Graduates, below 24 years, Kolkata: 89104-12558 / 98310-71332, 53 MB, Sector-V, KOLKATA.

**জুয়েলারি ডিজাইনিং পাঠ্যক্রম**
**An ISO 9001:2008 Academy & Govt. Regd.**
স্বামী প্রণবানন্দ জেমস অ্যান্ড জুয়েলারি অ্যাকাডেমি শ্রীরামপুরে শুরু হচ্ছে প্রফেশনাল জুয়েলারি ডিজাইনিং শীর্ষক পাঠ্যক্রম। মেয়াদ ১বছর। সপ্তাহে তিন দিন, কম্পিউটারে ক্যাড ডিজাইনিং সহ হাতে-কলমে ম্যানুয়াল ডিজাইনিং প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শুরু ২রা জুলাই, ২০১৮। যোগ্যতা মাধ্যমিক পাশ। মোট আসন: ২০। প্রশিক্ষণ শেষে সুনিশ্চিত কর্মসংস্থান। যোগাযোগ: ৩৩/৫ ঠাকুরদাস বাবু লেন, বৃন্দাবন অ্যাপার্টমেন্ট, শ্রীরামপুর, হুগলী।
**Web: www.spgja.com**
ভর্তির পূর্বে ISO সহ সরকারি রেজিস্ট্রেশন অবশ্যই দেখে নিন।
**Mob: 9903055848**

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# স্টেপলারের পিন তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** স্কুল-কলেজ, অফিস-আদালত সর্বত্রই কাগজপত্র একসঙ্গে আটকে রাখতে স্টেপলার ব্যবহৃত হয়। এই মেশিনের সাহায্যে স্টেপলারের পিন তৈরি করে বাক্সে ভরে দোকানে সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে লোহার বা তামার রোল কিনে আনতে হবে। বড়বাজার অঞ্চলে সস্তায় এই তারের রোল কিনতে পাওয়া যায়। তামার তারের ক্ষেত্রে কেজিপ্রতি দাম পড়বে ৫০০-৬০০ টাকা। লোহার তারের ক্ষেত্রে কেজিপ্রতি দাম পড়বে ৩০-৩৫ টাকা। এবার মেশিনের রোলারে এই তারের রোল রেখে রোলারে লাগানো তারের একটা মুখ মেশিনের মধ্যে লাগিয়ে মেশিন চালু করলে নিজে থেকেই স্টেপলারের পিন তৈরি হয়ে যাবে। ছোট-বড় বিভিন্ন মাপের পিন তৈরির জন্য আলাদা অ্যাটাচমেন্ট পাওয়া যায়। স্বয়ংক্রিয় এই মেশিনে এককেবারে ২০ থেকে ২৫টি করে স্টেপলারের পিন তৈরি হওয়া সম্ভব। এই মেশিন চালাতে ১ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর-সমেত এই স্বয়ংক্রিয় মেশিনটির দাম পড়বে ১ লাখ ৬০ হাজার টাকা। এর মধ্যে একটি অ্যাটাচমেন্টের খরচও ধরা আছে। এককেটি অ্যাটাচমেন্টের দাম ৩০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছি। চামড়ার জিনিস তৈরির প্রশিক্ষণ নিতে চাই। ব্যবসার ইচ্ছা। কোথায় প্রশিক্ষণ দেওয়া হয়? —পবিত্র সাহা, বাটানগর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজিতে ‘বুট, শু অ্যান্ড লেদার গুডস ম্যানুফ্যাকচারিং কোর্সে জুতো-সহ চর্মজাত বিভিন্ন সামগ্রী তৈরি শেখানো হয়। ২ বছরের অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স এটি। ২ বছরের ফি ১ হাজার টাকার মধ্যে। ভর্তি নেওয়া হয় একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। যোগাযোগের ঠিকানা: ব্লক-এল বি, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৯৮। ফোন: ২৩৩৫-৬৯৭৭। ওয়েবসাইট: www.gcelt.gov.in

□ *ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারের ছাত্র। ছোট আকারের ম্যানুফ্যাকচারিংয়ের ব্যবসায় আগ্রহী। ব্যবসার হিসেবপত্র কীভাবে রাখতে হয় এবং কোথা থেকে কী কী লাইসেন্স সংগ্রহ করা যায় সে-সম্পর্কে প্রশিক্ষণ নিতে চাই। কোথায় কম খরচে প্রশিক্ষণের ব্যবস্থা হতে পারে? —সুজিত মাইতি, শিবপুর, হাওড়া।*

□□ বিজ্ঞান, কারিগরির ছাত্রছাত্রীদের নিখরচায় ব্যবসার প্রশিক্ষণ দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের বিশেষ প্রকল্প রয়েছে। প্রশিক্ষণের মেয়াদ ৬ সপ্তাহ। কেন্দ্রীয় সরকারের এই প্রকল্প অনুসারে প্রশিক্ষণ দেয় এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। শীঘ্রই পরবর্তী প্রশিক্ষণ আয়োজিত হবে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.silpasathi.in

□ *সফটি আইসক্রিম তৈরির মেশিনের দাম কেমন? কোথায় কিনতে পাওয়া যাবে? —শঙ্কর দলুই, আরামবাগ, হুগলি।*

□□ একরঙা সফটি তৈরির মেশিনের দাম ১ লক্ষ টাকা। দু-রঙের সফটি তৈরির মেশিনের দাম অন্তত ২ লক্ষ টাকা। কার্লিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে মেশিন কিনতে পাবেন।

□ *জৈব কম্পোস্ট তৈরি শিখতে চাই। অল্প খরচে আমার জেলায় কোথাও শেখানোর ব্যবস্থা আছে কি? —সালাউদ্দিন মণ্ডল, দেউলটি, হাওড়া।*

□□ আপনার জেলায় না হলেও, কাছাকাছি, কোলাঘাটে জৈব কম্পোস্ট তৈরির সরকার স্বীকৃত ৬ মাসের প্রশিক্ষণের ব্যবস্থা আছে। ৬ মাসের মোট খরচ ৩৫০ টাকা। ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: বাগানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির (উচ্চমাধ্যমিক), কোলাঘাট, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৮-৭০৮২২।

□ *ভারত থেকে কোন কোন দেশে ফুল রপ্তানি হয় এবং কী কী ফুল রপ্তানি হয় জানতে চাই। —প্রবীর দাশ, বগুলা, নদিয়া-৭৪১ ৫০২।*

□□ প্রধানত আমেরিকা, ইংল্যান্ড নেদারল্যান্ডস, জার্মানি ও সংযুক্ত আরব আমিরশাহিতে ভারত থেকে ফুল রপ্তানি হয়ে থাকে। রপ্তানির বাজারে যে-সব ফুলের কদর বেশি সেগুলি হল: গোলাপ, রজনীগন্ধা, ক্রিসেনথিমাম, জারবেরা, গ্ল্যাডিওলাস, জিপসোফিলা, অর্কিড, অ্যাস্টার প্রভৃতি। প্রসঙ্গত, উপযুক্ত পরিকাঠামোর অভাবে পশ্চিমবঙ্গ থেকে অল্প ফুলই রপ্তানি হয়। মহারাষ্ট্র, কর্নাটক, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, হরিয়ানা ও রাজস্থান থেকেই বেশি পরিমাণে ফুল রপ্তানি হয়ে থাকে। এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (অ্যাপেডা) দেওয়া তথ্য অনুসারে ২০১৪-১৫ আর্থিক বছরে ভারত থেকে ২২,৯৪৭.২৩ মেট্রিক টন ফুল রপ্তানি হয়েছে। মূলত কাট-ফ্লাওয়ার রপ্তানি হয়।


## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার পাতা

### মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর ছেলে মেয়েদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ

বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বাণিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে ১০০% চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৩৮৪৭৮৩৬২৫ নম্বরে। visit : www.tiem.co.in

**TIEM**
THE INSTITUTE OF EDUCATION & MANAGEMENT
Govt. Reg. : S/2L/No. 33016

**Hotel & Hospitality Management**

কেন TIEM-এ ভর্তি হবেন ?
- ভর্তির সময় Job bond Letter.
- Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা।
- Instalment এ Course Fees দেওয়ার সুবিধা।
- ন্যূনতম Course Fees এবং অফুরন্ত সুযোগ।
- Fully AC Campus. ❖ wi-fi connectivity.
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free

Admissions OPEN

100% JOB Guarantee
Else Money Back
*Disclaimer

15.06.2018 তারিখের মধ্যে ভর্তি হলে *Scholarship*-এর সু-ব্যবস্থা

কোর্স করলেই 100% চাকরী

**Tamluk Campus :**
Hospital More, Tamluk,
Purba Medinipur
7384783625/9134049034

**Kolkata Campus :**
6, Seal's Garden Lane
Kolkata - 700 002
9002469602/9134050664

Visit : www.tiem.co.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৩ মে-১৮ মে

**১৩ মে** পাক জঙ্গিরাই ২৬/১১ হামলা চালিয়েছিল বলে সংবাদমাধ্যমের কাছে মন্তব্য করে ২৪ ঘন্টার মধ্যেই কথা ঘোরালেন প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। তাঁর মুখপাত্র এ দিন বলেছেন, 'ভারতীয় সংবাদমাধ্যম নওয়াজের মন্তব্যের ভুল ব্যাখ্যা করেছে। পাক সংবাদমাধ্যম ও সামাজিক মাধ্যমের একটা বড় অংশও সত্যাসত্য যাচাই না করে সেই অপপ্রচারে বিশ্বাস করেছে।'

## মার্কিন দূতাবাস উদ্বোধন ঘিরে উত্তপ্ত গাজা



১৪ মে: জেরুজালেমে ইজরায়েলের মার্কিন দূতাবাস উদ্বোধনকে ঘিরে উত্তপ্ত হয়ে উঠল গাজা ভূখণ্ড। ইজরায়েলি সেনার গুলিতে অন্তত ৫২ জন প্যালেস্তিনীয় প্রাণ হারালেন। আহত হয়েছেন অন্তত দেড় হাজার বিক্ষোভকারী। গোটা বিশ্বের আপত্তিতে কান না দিয়ে সম্প্রতি জেরুজালেমকে ইজরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্বীকৃতি প্রদানের পরও উত্তপ্ত হয়ে উঠেছিল গাজা ভূখণ্ড। প্যালেস্তাইনের পক্ষ থেকে দাবি করা হয়েছে ৬০ জনের মৃত্যু হয়েছে। এ দিনের সংঘর্ষে ২৭০০ জন আহত হয়েছেন বলেও দাবি করেছে তারা। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার দপ্তর ইজরায়েলের কড়া সমালোচনা করেছে। দপ্তরের মুখপাত্র রুপার্ট কোলভিল জেনিভায় বলেছেন, 'কেউ সীমান্তের দিকে এগিয়ে আসছে বলে তাদের গুলি করে মারতে হবে!'

**১৪ মে** কেন্দ্রীয় মন্ত্রিসভায় ফের বড়সড় রদবদল করে ফেললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তার জেরে বস্ত্র মন্ত্রকের দায়িত্ব হাতে থাকলেও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দায়িত্ব হারালেন স্মৃতি ইরানি। রাজ্যবর্ধন রাঠোর স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দায়িত্ব সামলাবেন। অর্থমন্ত্রী অরুণ জেটলি অসুস্থতার কারণে সরে দাঁড়ানোয় তিনি পুরোপুরি সুস্থ হয়ে না ফেরা পর্যন্ত অর্থ মন্ত্রকের দায়িত্ব সামলাবেন পীযুষ গোয়েল। রেল মন্ত্রকের সঙ্গে এই অতিরিক্ত দায়িত্ব পাচ্ছেন তিনি।

**মার্কিন প্রবাসী বিশিষ্ট পদার্থবিদ ইসিজি** সুদর্শন প্রয়াত হলেন। কোয়ান্টাম অপটিক্সে বিশেষ অবদানের জন্য পরিচিত সুদর্শন টেক্সাসে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ন'বার নোবেল পুরস্কারের জন্য তাঁর নাম মনোনীত হয়েছিল। তবে পদ্মবিভূষণ, পদ্মভূষণ, ওয়ার্ল্ড অ্যাকাডেমি অব সায়েন্স, সিভি রমন অ্যাওয়ার্ডের মতো অসংখ্য সম্মানে ভূষিত হয়েছেন তিনি। 'সুদর্শন-গ্লবার কোয়ান্টাম রিপ্রেজেন্টেশন অব লাইট'-এর জন্য নোবেল পেয়েছিলেন শুধুমাত্র গ্লবার। পরবর্তী সময়েও এই তত্ত্বকে কাজে লাগিয়ে অনেকেই নোবেল পেয়েছেন, কিন্তু সুদর্শনকে কখনওই নোবেল পুরস্কারের যোগ্য বলে মনে করা হয়নি।

## মালয়শিয়ায় মুক্ত হলেন পাকাতান নেতা ইব্রাহিম



১৬ মে: মালয়শিয়ায় জেল থেকে মুক্তি পেলেন সে দেশে সদ্য ক্ষমতায় আসা পাকাতান হারাপান (অ্যালায়েন্স অব হোপ)-এর প্রতিষ্ঠাতা ৭০ বছর বয়সি আনোয়ার ইব্রাহিম। জেল থেকে ছাড়া পেয়ে রাজা পঞ্চম সুলতান মহম্মদের সঙ্গে দেখা করতে যান আনোয়ার। সেখানেই তাঁকে স্বাগত জানান প্রধানমন্ত্রী মহাথির মহম্মদ। কুড়ি বছর আগে মহাথিরের উপপ্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর পদ ছেড়ে রাস্তায় নেমেছিলেন ইব্রাহিম। মহাথিরের ইস্তফার দাবিতে গড়েন বিরোধী দলের জোট পাকাতান হারাপান। ১৯৯৯ সালে মহাথিরই প্রথমবার তাঁকে জেলে পাঠিয়েছিলেন। পুলিশ আনোয়ারের বিরুদ্ধে সমকামের অভিযোগ আনে। ২০০৩ সালে স্বেচ্ছানির্বাসন নিয়ে নেন ২২ বছর প্রধানমন্ত্রী থাকা মহাথির। নাজিব রাজাককে প্রধানমন্ত্রী করে একচেটিয়া ক্ষমতা ধরে রাখে ইউনাইটেড মালয় ন্যাশনাল অর্গানাইজেশন (ইউএমএনও)। ২০০৪-এ জেল থেকে বেরিয়ে আইনি লড়াই শুরু করেন আনোয়ার। নিষেধাজ্ঞা উঠে যেতে ২০০৮ সালে ভোটে দাঁড়িয়ে এমপি-ও হন তিনি। কিন্তু পুরনো অভিযোগে সরকার তাঁকে ২০১৫ সালে ফের বন্দি করে। ইতিমধ্যে নাজিব রাজাকের বিরুদ্ধে দুর্নীতি ও দমন-পীড়নের অভিযোগ ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। এই পরিস্থিতিতে নিজের দলের বিরুদ্ধেই রাস্তায় নামেন ৯২ বছরের মহাথির। নিজের দল ছেড়ে আনোয়ারের হয়েই পাকাতান হারাপানের নেতৃত্ব তুলে নেন। নিজে প্রধানমন্ত্রী হলেও মহাথির ঘোষণা করেছেন বছর দু'য়েকের মধ্যেই প্রধানমন্ত্রীর আসন ছেড়ে দেবেন আনোয়ারকেই।



> আপনারা আপনাদের পরমাণু অস্ত্রের কথা বলেন, কিন্তু আমাদের অস্ত্রগুলো এতটাই ভয়ানক যে ঈশ্বরের কাছে প্রার্থনা করি সেগুলো যেন ব্যবহারের দরকার না পড়ে।
>
> ডোনাল্ড ট্রাম্প, *মার্কিন প্রেসিডেন্ট*
>
> *উত্তর কোরীয় শাসক কিম জং উনের আগ্রাসী বিবৃতিতে ১২ জুনের শান্তি বৈঠক বাতিল করার চিঠিতে*

## বর্ণবৈষম্যের প্রতিবাদে কানে একজোট কৃষ্ণাঙ্গ অভিনেত্রীরা



১৮ মে: ফরাসি চলচ্চিত্র ইন্ডাস্ট্রিতে বর্ণবৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে কান উৎসবে সামিল হলেন ১৬ জন কৃষ্ণাঙ্গ অভিনেত্রী। প্রতিবাদের নেতৃত্ব দেন সেনেগালের বিশিষ্ট অভিনেত্রী আইসা মেইগা। অভিনেত্রী র‍্যাচেল খান হেনস্থার বিষয়ে বলেছেন, 'কাজের লোক এবং যৌনকর্মীর চরিত্রে যেখানে আফ্রিকান উচ্চারণ প্রয়োজন, আমাকে সে সব চরিত্রের প্রস্তাব দেওয়া হয়।' রেড কার্পেটে একে অপরের হাত ধরে নিজেদের প্রতিবাদ জানিয়েছেন তাঁরা।

**১৫ মে** পঞ্চায়েত নির্বাচনে রাজ্যের বিভিন্ন অংশে হিংসার ঘটনায় ২১ জনের মৃত্যু হল। ১৪ মে অর্থাৎ ভোটের দিন রাত পর্যন্ত নিহতের সংখ্যা ছিল ১৪। তৃণমূল কংগ্রেস দাবি করেছে মৃতদের মধ্যে ১০ জনই তাদের দলীয় কর্মী ও সমর্থক। অন্যদিকে, পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে গণতন্ত্র 'নিহত' হয়েছে বলে সরব হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেন, 'কাল অনেক নির্দোষ ব্যক্তির মৃত্যু হয়েছে। শুধু বিজেপি নয়, তৃণমূল ছাড়া সব রাজনৈতিক দলকেই এর শিকার হতে হয়েছে। নিহত হয়েছে গণতন্ত্র।' প্রধানমন্ত্রীর নির্দেশে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রিপোর্টও চেয়েছে নবান্নর কাছে।

**কর্নাটকে বিধানসভা নির্বাচনের ফল** ঘোষিত হল। কোনও দলই সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় ফল হয়ে রইল ত্রিশঙ্কু। নির্বাচন হওয়া ২২২ আসনের মধ্যে বিজেপি ১০৪টি আসন পেয়ে একক বৃহত্তম দল হলেও তারা সংখ্যাগরিষ্ঠতা থেকে ৮ আসন কম পেয়েছে। কংগ্রেস পেয়েছে ৭৮টি আসন। জনতা দল (এস) ৩৭টি আসনে জয় পেয়েছে।

**ভারতের প্রাক্তন অ্যাটর্নি জেনারেল মুকুল** রোহতগিকে লোকপাল নিয়োগের জন্য কমিটিতে অন্যতম সদস্য হিসেবে নির্বাচন করা হল। কেন্দ্র এ দিন সুপ্রিম কোর্টে এ কথা জানিয়েছে। গত বছর পি পি রাওয়ের প্রয়াণের পর থেকে আইনি বিশেষজ্ঞের পদটি খালি ছিল। সেই জায়গাতেই এলেন রোহতগি।

**পাকিস্তানের অন্তত তিনটি প্রাদেশিক** আইনসভায় প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ উঠল। বিরোধী দল তেহরিক-ই-ইনসাফ আবার শাস্তি হিসেবে নওয়াজকে ফাঁসি দেওয়ার দাবি তুলেছে। কয়েকদিন আগেই এক সাক্ষাৎকারে নওয়াজ বলেছিলেন, পাক জঙ্গিরাই মুম্বইয়ে জঙ্গি হামলা চালিয়েছিল। পরে নিজের বক্তব্য পাল্টালেও দেশজুড়ে সমালোচনার ঝড় ওঠে।

**গত ৫৮ মাসের রেকর্ড ভেঙে কলকাতায়** সর্বোচ্চ দামে উঠল পেট্রল। কর্নাটকে ভোটের পর থেকেই পেট্রল ও ডিজেলের দাম বাড়ার যে ধারা শুরু হয়েছিল তা বজায় ছিল এ দিনও। এদিন কলকাতায় পেট্রলের দাম লিটারে ১৪ পয়সা বেড়ে হয় ৭৭.৭৯ টাকা। গত ৫৮ মাসে এটিই সর্বোচ্চ দর। ২০১৩ সালের ১৫ ও ১৬ জুলাই এর আগের সর্বোচ্চ নজির ছিল ৭৭.৭৬ টাকা। ডিজেলের দামও এ দিন লিটার পিছু ২১ পয়সা বেড়ে হয় ৬৯.১১ টাকা।

**১৬ মে** কর্নাটকে কংগ্রেস-জেডি (এস) জোট সরকার গড়ার দাবি জানালেও একক সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে বিজেপিকেই প্রথমে সরকার গড়তে ডাকলেন রাজ্যপাল ভাজুভাই ভালা। রাজভবন থেকে বি এস ইয়েদুরাপ্পাকেই শপথ নেওয়ার জন্য চিঠি পাঠানো হয়েছে। বলা হয়েছে ১৫ দিনের মধ্যে তাঁকে সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে হবে। অন্যদিকে, এ দিনই কংগ্রেস-জেডি (এস)-সহ মোট ১১৭ জন বিধায়কের সমর্থন পত্র ভাজুভাই ভালার হাতে তুলে দেওয়া হয়েছে। বিজেপির শপথে স্থগিতাদেশ চেয়ে এ দিন রাতেই সুপ্রিম কোর্টে গিয়েছে কংগ্রেস এবং জেডি (এস)।

**ভারতের প্রতি চিনের ঔদ্ধত্যপূর্ণ আচরণে** ক্ষোভ প্রকাশ করল আমেরিকা। ভারতের সঙ্গে সীমান্ত সমস্যা হলেই চিন যে ভাবে হুমকির রাস্তায় হাঁটছে তা নিয়ে আমেরিকা আশঙ্কিত বলে গুয়াহাটিতে জানালেন মার্কিন কনসাল জেনারেল ক্রেগ হল। তাঁর সঙ্গে প্রথমবার উত্তর-পূর্ব ভারত সফরে গিয়েছেন মার্কিন দূতাবাসের ডিফেন্স অ্যাটাশে ব্রিগেডিয়ার জেনারেল ডেভিড ই ব্রিগ্যাম। হল বলেছেন, 'আমেরিকার তরফে চিনকে বারবার অনুরোধ করা হয়েছে, ভারত-সহ প্রতিবেশীদের সঙ্গে সৌহার্দ্যমূলক সম্পর্ক রাখার জন্য। কিন্তু চিন মাঝেমধ্যেই অন্য রাস্তা নিচ্ছে। আন্তর্জাতিক নিয়ম-নীতির আওতায় থেকে ও শান্তি আলোচনা করেও সীমান্ত সমস্যা মেটানো সম্ভব।' হল আরও জানিয়েছেন, চিন অরুণাচলকে দক্ষিণ তিব্বত বলে দাবি করলেও ১৯৬০-এর দশক থেকেই আমেরিকা ভারত-চিন নিয়ন্ত্রণরেখা হিসেবে ম্যাকমোহন লাইনকেই মেনে এসেছে।

## পঞ্চায়েতে বিপুল জয় তৃণমূলের, সন্ত্রাসের অভিযোগ বিরোধীদের



১৭ মে: রাজ্যের পঞ্চায়েত নির্বাচনে জয়ী হল তৃণমূল কংগ্রেস। বেশির ভাগ জায়গাতেই তৃণমূল তাদের আধিপত্য বজায় রাখলেও রাজ্যে মূল বিরোধী শক্তি হিসেবে উঠে এসেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেছেন, 'এত সন্ত্রাস সত্ত্বেও বিজেপি যে রাজ্যে প্রধান বিরোধী দল হয়ে উঠেছে, সেটাই বড় ব্যাপার।' এ বারের পঞ্চায়েত ভোটে গ্রাম পঞ্চায়েত স্তরে ৩৪.৫ শতাংশ আসনেই প্রার্থী দিতে পারেনি বিরোধীরা। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে বিনা লড়াইয়ে ৩৩.১৮ শতাংশ আসন জিতে নিয়েছে শাসক দল। বিরোধীরা তুলনায় বেশি লড়াই করেছে জেলা পরিষদে, সেখানে মোট ৮২৫টি আসনের মধ্যে ভোট হয়েছে ৬২২টি আসনে। বিনা প্রতিদ্বন্দ্বিতার আসন ছিল ২৪ শতাংশ। তৃণমূলের থেকে অনেকটা দূরে থাকলেও গ্রাম পঞ্চায়েতে ৫,৭৭৬ আসন পেয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছে বিজেপি। পঞ্চায়েত সমিতিতে ৭৬০ এবং জেলা পরিষদে ২২ আসন পেয়েও দ্বিতীয় স্থানে রয়েছে বিজেপি। তৃণমূল কংগ্রেসের প্রাপ্ত আসন গ্রাম পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে যথাক্রমে ২১,২৬৯, ৪,৯৭৪ ও ৫৯০।

**১৭ মে** কর্নাটকের সরকার গঠনের বিষয়ে দেশের সর্বোচ্চ আদালত সাড়ে তিন ঘন্টা তর্ক-বিতর্কের পর জানিয়ে দিল রাজ্যপালের সিদ্ধান্তের ওপর কথা বলা বা তা বাতিল করার ক্ষমতা তাদের নেই। তবে সংখ্যাগরিষ্ঠতা প্রমাণে ১৫ দিন কেন সময় দেওয়া হয়েছে, আর আদৌ এভাবে ইয়েদুরাপ্পা মুখ্যমন্ত্রী হতে পারেন কি না তা নিয়ে ফের শুনানি হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। অন্যদিকে, এ দিন সকালে কর্নাটকের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ইয়েদুরাপ্পা। শপথ নিয়ে তিনি দাবি করেন সংখ্যাগরিষ্ঠতা প্রমাণে কোনও সমস্যা হবে না।

**১৮ মে** কিউবায় বিমান দুর্ঘটনায় শতাধিক মানুষের মৃত্যু হল। রাজধানী হাভানা থেকে গুলগিন যাচ্ছিল বোয়িং ৭৩৭ বিমানটি। ১০৪ জন যাত্রী ও ন'জন বিমানকর্মী নিয়ে হোসে মার্তি বিমানবন্দর থেকে ওড়ার কয়েক মিনিটের মধ্যেই ভেঙে পড়ে বিমানটি। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, মাটিতে পড়ার সঙ্গে সঙ্গেই বিমানটিতে আগুন ধরে যায়।

**আবারও বন্দুকবাজের হামলায় রক্তাক্ত** হল আমেরিকার স্কুল। টেক্সাসের সান্টা ফে হাইস্কুলে স্থানীয় সময় সকাল সাড়ে সাতটা নাগাদ নির্বিচারে গুলি চালাতে শুরু করে এক বন্দুকবাজ। গুলিতে নিহত হয়েছে ১০ জন। তাদের মধ্যে এক জন শিক্ষক, বাকিরা পড়ুয়া। ১৭ বছর বয়সি এক পড়ুয়াকে পাকড়াও করেছে পুলিশ। গ্রেপ্তার করা হয়েছে অপর এক সন্দেহভাজনকেও।

## ফ্রান্স বিশ্বকাপ নিয়ে বিস্ফোরক স্বীকারোক্তি প্লাতিনির



১৮ মে: ১৯৯৮ সালের বিশ্বকাপ কেলেঙ্কারি নিয়ে বিস্ফোরক বক্তব্য পেশ করলেন ফ্রান্সের ফুটবল কিংবদন্তি মিশেল প্লাতিনি। ২০ বছর আগে তাঁদেরই করা এক অনৈতিক কার্যকলাপের কথা তুলে ধরলেন তিনি। যদিও দুর্নীতির অভিযোগে ফিফা এবং উয়েফা থেকে এখন নির্বাসিত প্লাতিনি। প্রাক্তন এই উয়েফা প্রেসিডেন্ট বলেছেন, '১৯৯৮ সালের বিশ্বকাপের ক্রীড়াসূচি গড়ার ক্ষেত্রে আমরা কিছুটা চাতুরি করেছিলাম। ঘরের মাঠের বিশ্বকাপটা যাতে আমরা জিততে পারি সে জন্যই ফাইনালের আগে যাতে ব্রাজিলের সঙ্গে দেখা না হয়, সে রকম একটা প্রস্তাবিত সূচি মানার ফলেই আমরা ফাইনালে উঠি। এবং চ্যাম্পিয়নও হই ব্রাজিলকে ৩-০ হারিয়ে।' তবে ব্যক্তিগতভাবে কাজটা অনৈতিক নয় বলেই মনে করেন প্লাতিনি। তাঁর যুক্তি আয়োজক দেশ সূচি গড়ার জন্য সুপারিশ করার সুযোগ পেয়েই থাকে। আয়োজক দেশের বাছাই মর্যাদাও পায়। এ বারও রাশিয়ার বাছাই মর্যাদা পেয়েছে। প্লাতিনি বর্তমানে বিশ্ব ফুটবলে নির্বাসিত। আর্থিক দুর্নীতির কারণে তাঁর আট বছর নির্বাসন হয়েছিল ২০১৫ সালে। পরে তা কমে চার বছর হয়। অর্থাৎ ২০১৯ সালের আগে প্লাতিনি ফুটবলের কোনও কর্মকাণ্ডে যুক্ত হতে পারবেন না। তার আগেই তাঁর এই মন্তব্য ফিফাকে কিছুটা হলেও চাপে ফেলল বলে মনে করছে আন্তর্জাতিক ফুটবল মহল।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ব্যাঙ্ক

□ *সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —সুজন মাইতি, মুস্তাফানগর, উত্তর দিনাজপুর।*

□□ সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হতে পারে জুনে। অনলাইন পরীক্ষায় ৪০টি করে প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে সময়সীমা): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৪০ মিনিট), জেনারেল /ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (২০ মিনিট), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ মিনিট) এবং ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৪০ মিনিট)। নেগেটিভ মার্কিং আছে। দেখুন এই ওয়েবসাইট: www.southindianbank. com

## রেল

□ *ভারতীয় রেলে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সাগর দাস, কিশোরপুর, হুগলি।*

□□ ভারতীয় রেলে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। এ বছর যারা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন, তারা রেজাল্ট হাতে পেলে তবেই আবেদন করতে পারবেন। এ ছাড়া উচ্চতা হতে হবে অন্তত ১৬৫ সেমি (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি থাকতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (শুধু তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬.২ ও ৮১.২ সেমি)। অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indianrailways.gov.in দরখাস্তের শেষ তারিখ ৩০ জুন।

□ *ভারতীয় রেলে আর পি এফ এবং আর পি এস এফে কনস্টেবল পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শুভ মুখার্জি, রামচন্দ্রপুর, মুর্শিদাবাদ।*

□□ ভারতীয় রেলে কনস্টেবল পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিকেল টেস্ট ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা দেড় ঘণ্টার। মোট ১২০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে— জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), পাটিগণিত (৩৫ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর)। মাধ্যমিক মানের প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। এ ক্ষেত্রে এক-তৃতীয়াংশ নম্বর কাটা যাবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা বাংলা ভাষায় পরীক্ষা দিতে পারবেন। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, ১৪ ফুট লং জাম্প ও ৪ ফুট হাই জাম্প। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.indianrailways.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *রাজ্য সরকারের প্যারামেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —মধুমিতা দে, পাঁচলা, হাওড়া।*

□□ সরকারি মেডিক্যাল কলেজ, হাসপাতাল এবং পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে প্যারামেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখায় ২ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া হবে। প্রার্থী বাছাই করা হবে 'স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৮'-র মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই। আসনসংখ্যা: সরকারি প্রতিষ্ঠানে ১,১৭৬টি এবং সরকার অনুমোদিত অন্যান্য প্রতিষ্ঠানে সম্ভাব্য আসনসংখ্যা ৯১৮টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। বয়স হতে হবে ১৭ বছরের মধ্যে। কোর্স ফি সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। ১১ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.smfwb.in বা www.smf wbee.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে ফি জমা দিতে হবে। অথবা, অনলাইনে ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ প্রিন্ট আউট ১১ জুনের মধ্যে সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Post Bag No.781, Circus Avenue Post Office, Kolkata-700 001.

□ *কলকাতার সাইয়ে ফুটবলে স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সন্তোষ রায়, ঠাকুরপুকুর, কলকাতা।*

□□ স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্স করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার কলকাতা কেন্দ্রে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে আন্তর্জাতিক স্তরের ক্রীড়াপ্রতিযোগিতায় অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া ইউনিভার্সিটি বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইউথ ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার-সার্ভিসেস মিট বা ইন্টার রেলওয়েজ চ্যাম্পিয়নশিপ বা অল ইন্ডিয়া পুলিশ গেমসে অন্তত ২ বার অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ফিজিক্যাল এডুকেশনে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অল ইন্ডিয়া ইন্টার-ইউনিভার্সিটি বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অন্তত এক বার অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি বা স্নাতকোত্তর ডিপ্লোমা, সেই সঙ্গে অল ইন্ডিয়া ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অন্তত ২ বার অংশগ্রহণ করে থাকতে হবে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৭ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Sports Authority of India, Netaji Subhas, Eastern Centre, Salt Lake City, Sector-III, Kol-700 091.

□ *অর্থনৈতিকভাবে দুঃস্থ প্রার্থীদের জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডেস্কটপ পাবলিশিংয়ের সার্টিফিকেট কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —অভিরূপ গড়াই, চকদিঘি, পূর্ব বর্ধমান।*

□□ আর্থিকভাবে পিছিয়ে পড়া তরুণ-তরুণীদের ডেস্কটপ পাবলিশিংয়ের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্রাল পালসি। কোর্সগুলি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব অ্যাডাল্ট কন্টিনিউয়িং এডুকেশনের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ৪ সপ্তাহ। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম মাধ্যমিক। কোর্স ফি ২,৬০০ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত সংগ্রহ করা যাবে এই ঠিকানা থেকে: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্রাল পালসি, পি ৩৫/১, তারাতলা রোড, কলকাতা-৮৮। যথাযথভাবে আবেদনপত্র পূরণ করে ৪ জুনের মধ্যে জমা দেবেন।

## নার্সিং

□ *রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —অর্পিতা রায়, বসন্তপুর, পূর্ব মেদিনীপুর।*

□□ রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। আসনসংখ্যা ২,১৭৫। মনে রাখবেন, যে-জেলার আসনে আবেদন করবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত সেই জেলায় একটানা ৫ বছর স্থায়ীভাবে বসবাস করে থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। বাংলা ভাষা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে। উচ্চমাধ্যমিকে আবশ্যিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করবেন না। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.wbhealth.gov.in রেজিস্টার্ড অথবা স্পিড পোস্ট অথবা ক্যুরিয়ারে প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র পৌঁছনো চাই ৩১ মে-র মধ্যে এই ঠিকানায়: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, পূর্ব মেদিনীপুর জেলা হাসপাতাল, পোঃ তমলুক, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১ ৬৩৬।

## অন্যান্য চাকরি

□ *বাঁকুড়া কোর্টে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে? প্রার্থী বাছাই কোন প্রক্রিয়ায় হবে? —পল্লব মণ্ডল, মণ্ডলগ্রাম, বাঁকুড়া।*

□□ বাঁকুড়া কোর্টে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এ ছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (১০০ নম্বর), ডিক্টেশন অ্যান্ড ট্রান্সক্রিপশন টেস্ট (৪০০ নম্বর), কম্পিউটার টাইপ টেস্টের (১০০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইংলিশ বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। ডিক্টেশন অ্যান্ড ট্রান্সক্রিপশন টেস্টের ক্ষেত্রে ৬ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ১ ঘণ্টার মধ্যে লিখতে হবে। টাইপ টেস্টের ক্ষেত্রে একটি ইংরেজি পাণ্ডুলিপি থেকে মিনিটে ৩০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে টাইপ করতে হবে। এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশন এবং পার্সোন্যালিটি টেস্ট। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: http://ecourts.gov.in/Bankura

□ *কোস্টগার্ডে ট্রেনিং দিয়ে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? বিস্তারিত জানাবেন। —সুব্রত সামন্ত, চুনাখালি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ কোস্টগার্ডে ট্রেনিং দিয়ে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট পদে নিয়োগের ক্ষেত্রে প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তালিকাভুক্ত প্রার্থীরা প্রিলিমিনারি সিলেকশনের জন্য ডাক পাবেন। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। ফাইনাল পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও পার্সোন্যালিটি টেস্ট। সবশেষে মেডিক্যাল টেস্ট। কেবল জি ডি (পাইলট) পদের ক্ষেত্রে দেরাদুন বা মাইসোরে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম (সি পি এস এস) পরীক্ষা নেওয়া হবে। প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে জুন মাসের তৃতীয় সপ্তাহ থেকে। খুঁটিনাটি তথ্য বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www. joinindiancoastguard.gov.in

□ *নৌবাহিনীতে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে কি? —সরোজ পাল, মাঝিপাড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ নৌবাহিনীতে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ড এবং ফাইনাল স্ক্রিনিং বোর্ডের পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি স্ক্রিনিং বোর্ডের পরীক্ষায় প্রথম পর্যায়ে প্রার্থীর বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই করা হবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতা যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে ৯ থেকে ১৩ জুলাই পর্যন্ত। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। চূড়ান্ত প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২০ থেকে ২৪ অগস্ট পর্যন্ত। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## ইঞ্জিনিয়ারিং পাঠের অনাগ্রহে কমল ১৮০০ আসন, শিক্ষায় অশনিসংকেত

রাজ্যের শিক্ষাব্যবস্থার আরও এক করুণ চিত্র ফুটে উঠল। নিম্নগামী চাহিদার কারণে পশ্চিমবঙ্গের প্রযুক্তি শিক্ষায় ভাটার টান। রাজ্যে ১,৮০০ আসন কমল ইঞ্জিনিয়ারিংয়ের। পড়ুয়াদের আগ্রহ কমছে— এই যুক্তি দেখিয়ে বেসরকারি ইঞ্জিনিয়ারিং শিক্ষাপ্রতিষ্ঠানগুলি আসন কমাল। সেই সঙ্গে যুক্ত হয়েছে পরিকাঠামোয় ঘাটতি নিয়ে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশনের (এ আই সি টি ই) কড়া নজরদারি। এই দুই কারণে পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং শিক্ষায় এখন ভাটার টান। গত কয়েক বছর ধরেই এ ক্ষেত্রে একটা টালমাটাল অবস্থা লক্ষ করা যাচ্ছিল। সেটা এখন ধারাবাহিকভাবে অধোগামী, যা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন প্রযুক্তিবিদদের একাংশ। গত বছরের তুলনায় এ বার রাজ্যের বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে প্রায় ১,৮০০ আসন কমে গিয়েছে। যা গত বছরের আসন কমার নিরিখেও দ্বিগুণ। সূত্রের খবর, মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ম্যাকাউট) থেকে ইতিমধ্যে উচ্চশিক্ষা দপ্তরে যে তথ্য পৌঁছেছে, তাতে দেখা যাচ্ছে, এ বার ৯০টি বেসরকারি ও ৯টি সরকারি কলেজ মিলিয়ে আসনসংখ্যা মোট ৩১,২৩৪। গত বছর যা ছিল ৩৩,০০৪। এ বার দু'টি কলেজ পুরোপুরি বন্ধ হয়ে গিয়েছে। আরও একটি কলেজে আসনসংখ্যা অর্ধেক হয়ে গিয়েছে। পরিসংখ্যানে উঠে এসেছে— ২০১৪ সালে আসনসংখ্যা ছিল ৩৮,৪১৫, ২০১৫ সালে ৩৬,০৮১ এবং ২০১৬ সালে ৩৪,১২১।

জানা গিয়েছে, পর্যাপ্ত পড়ুয়া না পাওয়ার কারণেই এই বেহাল দশা। কলেজ চালানোর খরচ উঠছে না। কোথাও কলেজ কর্তৃপক্ষ নিজেরাই কয়েকটি পাঠ্যক্রম বন্ধ করে দিতে চাইছেন। কোথাও আবার কলেজ খোলার প্রাথমিক শর্ত হিসেবে পরিকাঠামো ক্ষেত্রে কর্তৃপক্ষ যে আশ্বাস দিয়েছেন, তা পূরণ করা হচ্ছে না। ফলে পরিদর্শনের পরে সেখানে আসন কমিয়ে দিচ্ছে এ আই সি টি ই। ম্যাকাউটের উপাচার্য সৈকত মিত্র হতাশা প্রকাশ করে বলেছেন, 'বিশ্বজুড়ে ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে সন্ধিক্ষণে রয়েছি আমরা। প্রথাগত শিল্পের পরিবর্তে নতুন নতুন ক্ষেত্র উঠে আসছে। যেমন, উৎপাদন শিল্পে রোবোটিক্স, মুদ্রণ জগতে ডিজিট্যাল-প্রযুক্তি, পরিবহণে পেট্রল ও ডিজেলের বদলে বৈদ্যুতিন গাড়ি, সাইবার সিকিউরিটি এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ইত্যাদি। এই বদলের পর্বে চাহিদা কমছে। আশা করি, সময়টা পেরিয়ে গেলেই ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে চাহিদা ফের বাড়বে।' শিক্ষাবিদরা অবশ্য মেনে নিচ্ছেন, ইঞ্জিনিয়ারিং পড়ে চাকরির বাজার আর আগের মতো আকর্ষণীয় নেই। তারই ফল ভুগতে হচ্ছে। আশা করি, এ আই সি টি ই বর্তমান পরিস্থিতি গুরুত্ব-সহকারে বিবেচনা করে গঠনমূলক পদক্ষেপ করবে।

অভিষেক সরকার, বেলেঘাটা, কলকাতা।

**পর্যাপ্ত পড়ুয়া না পাওয়ার কারণেই এই বেহাল দশা। কলেজ চালানোর খরচ উঠছে না। কোথাও কলেজ কর্তৃপক্ষ নিজেরাই কয়েকটি পাঠ্যক্রম বন্ধ করে দিতে চাইছেন। কোথাও আবার কলেজ খোলার প্রাথমিক শর্ত হিসেবে পরিকাঠামো ক্ষেত্রে কর্তৃপক্ষ যে আশ্বাস দিয়েছেন, তা পূরণ করা হচ্ছে না। ফলে পরিদর্শনের পরে সেখানে আসন কমিয়ে দিচ্ছে এ আই সি টি ই।**

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**PPMT**

এটির সাহায্যে Principal amount-টি calculate করা হয়, অর্থাৎ যে amount-টির উপর সুদের হিসাব হয় অর্থাৎ, এই PPMT-এর উপর সুদ হল IPMT। এই দুটির যোগফল হল EMI।

আগের Chart-টি লক্ষ করুন। ওখানে একটি Row ছিল EMI যার Value ছিল 9516। এবার পুনরায় চার্টটি দেখি—

| মাস | Interest | Principal | Total |
|---|---|---|---|
| 1 | =IPMT | =PPMT | EMI |
| 2 | | | |
| 3 | | | |
| 4 | | | |
| 5 | | | |

← এটি হল (IPMT+PPMT) = 9516

এর Syntax-টি হল—

=PPMT(rate, per, nper, pv, [fv], [type])

এখানে, rate, per, nper, pv, [fv] এবং [type]-এর ব্যাখ্যা আগে অনেক বার করা হয়েছে। সরাসরি function-এ যাই—

=PPMT(15%/12, 1, 5*12, 500000-100000)

= 4,515.97 আসবে

= 4,516 টাকা

∴ EMI হবে: IPMT (5000)+PPMT (4516)

= 9516 টাকা।




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



কম্পিউটারের ডিজিটাল সিগন্যাল প্রসেসর কী কাজে লাগে? —অমৃতা চ্যাটার্জি, যাদবপুর, কলকাতা-৩২।

□□ কম্পিউটারের ডিজিটাল সিগন্যাল প্রসেসর একটি বিশেষ ধরনের হাই স্পিড চিপ যা সাউন্ড কার্ড, কমিউনিকেশন অ্যাডাপ্টার, ভিডিও এবং ইমেজিং কার্ডে ডেটা ম্যানিপুলেশনের কাজে ব্যবহৃত হয়।

কম্পিউটারের এসএমপিএস খারাপ হলে কী ভাবে বুঝব? —বিভাস মল্লিক, চন্দননগর, হুগলি।

□□ কম্পিউটারে কোনও পাওয়ার আসবে না। সিপিইউ বা মনিটর কোনওটাই চলবে না।

ব্যাঙ্কিং বা ফিনান্সিয়াল সেক্টরে অফিস অ্যাসিস্টান্ট বা ব্যাক অফিসে কাজ করার ক্ষেত্রে কী কী শিখতে হয়? —রঞ্জনকুমার দাস, গোসাবা, দক্ষিণ ২৪ পরগনা।

□□ এই ধরনের কাজে উইন্ডোজ, এমএস অফিস ও ইন্টারনেট সংক্রান্ত কাজ ভালোভাবে জানা থাকতে হবে। এছাড়া সংস্থার নিজস্ব সফটওয়্যারেও কাজ হয়। সেগুলি অবশ্য যাঁরা চাকরি পান তাঁদের পরে আলাদা ভাবে শিখিয়ে নেওয়া হয়।

কম্পিউটারের Expandibility বলতে কী বোঝায়? —অভিষেক মিত্র, খড়দহ, উত্তর ২৪ পরগনা।

□□ এক্সপ্যানডিবিলিটি বলতে কোনও সিস্টেমের এক্সপ্যান্ড করার ক্ষমতাকে বোঝানো হয়। হার্ডওয়্যারের দিক থেকে আরও র‍্যাম, হার্ডডিস্ক এবং বিভিন্ন অ্যাডপটার যুক্ত করার সুবিধা থাকাকে বোঝায়।

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরির লিখিত গ্যারান্টি
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad
100% PLACEMENT TILL DATE
HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189



www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যদি তুমি তোমার কাজটাকে, তোমার কর্তব্যকে স্যালুট জানাতে পারো, তবে আর কাউকে স্যালুট জানানোর দরকার হবে না। যদি কর্তব্যটাকে অবহেলা করো, তবে প্রত্যেককে স্যালুট করে চলতে হবে।*
*— এ পি জে আব্দুল কালাম*
*(ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি)*

***✓ কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েট। অনার্স, উচ্চমাধ্যমিক ও মাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর আছে। চাকরির চেষ্টা চলছে। সম্প্রতি স্টেট ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার পদে দরখাস্ত করেছি। আমার শিক্ষাগত যোগ্যতা অনুসারে এখনই কোনও চাকরির জন্য আবেদন করার সুযোগ থাকলে জানাবেন।***

*পৌলমী সেনগুপ্ত, বাঙ্গুর পার্ক, কলকাতা-৫৫।*

☐ শিক্ষাগত যোগ্যতা অনুসারে বিভিন্ন চাকরির জন্যই আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্কের প্রবেশনারি অফিসার পদে আবেদন করেছেন। এই পদের পরীক্ষার জন্য পড়াশোনা করে যে প্রস্তুতি নিচ্ছেন, তা অন্যান্য ব্যাঙ্কের একই পদের চাকরির পরীক্ষায় কাজে লাগবে। চাকরি বাছাই করে নিতে পারলে সংশ্লিষ্ট চাকরির পরীক্ষার জন্য আগে থেকে প্রস্তুতি নেওয়া যায়।

***এখনই আবেদন করতে পারেন:*** হেভি ওয়াটার বোর্ড বিভিন্ন বিভাগের জন্য স্টাইপেন্ডারি ট্রেনি নেবে। নিয়োগ হবে হেভি ওয়াটার বোর্ডে। আপনি কেমিস্ট্রি (ল্যাবরেটরি) বিভাগের জন্য আবেদন করতে পারেন। আপনার বিষয়-সম্পর্কিত চাকরি এটি। দু'বছরের ট্রেনিং। এ সময়ে প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে নিয়োগ হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে। এবারের 'কর্মক্ষেত্র'-য় 'হেভি ওয়াটার বোর্ডে ২০৯ স্টাইপেন্ডারি ট্রেনি' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৫ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.hwb.gov.in, www.hwb.mahaonline.gov.in

কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল' পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ ও পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৪ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: ssconline.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত বিভিন্ন ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার পদে আবেদন করতে পারবেন। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ছাড়া অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের এই পদগুলিতে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) পদ অনুযায়ী যোগ্যতামান নির্ধারণের পরীক্ষায় সফল হতে হবে। আই বি পি এসের পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। গবেষণাধর্মী বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন।

***✓ পাশ গ্র্যাজুয়েট। স্টেনোগ্রাফি জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স শেষের পথে। স্টেনোগ্রাফির চাকরির খবর দেবেন।***

*তাপস মণ্ডল, দক্ষিণ বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ চিঠি থেকে শর্টহ্যান্ড ও টাইপিংয়ের গতি জানা যাচ্ছে না। সাধারণত মিনিটে ৮০ থেকে ১২০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার এবং মিনিটে ৩০-৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার প্রয়োজন হয় পদের গ্রেড অনুসারে (ইংরেজি স্টেনোগ্রাফির ক্ষেত্রে)। স্টেনোগ্রাফি প্র্যাক্টিসের সঙ্গে চাকরির পরীক্ষার জন্য পড়াশোনাও করতে হবে। আগে লিখিত পরীক্ষা। সফল হলে স্টেনোগ্রাফি টেস্ট।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু স্টেনোগ্রাফার (গ্রেড-থ্রি) নেবে ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। আবেদন করতে পারেন। এবারের 'কর্মক্ষেত্র'-য় 'ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৭ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar.gov.in

বাঁকুড়া জেলা আদালত কিছু স্টেনোগ্রাফার নেবে। নিয়োগ হবে ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি পদে। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'বাঁকুড়া কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার ও গ্রুপ "ডি"' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৫ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ecourts.gov.in/Bankura

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। নিয়োগ হয় স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে। রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে সময়ে সময়ে স্টেনোগ্রাফার নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় রিপোর্টার পদে আবেদন করতে পারবেন। এই পদের জন্য স্টেনোগ্রাফি জানা বাধ্যতামূলক। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও রাষ্ট্রায়ত্ত সংস্থায় স্টেনোগ্রাফার নেওয়া হয়। এইসব সংস্থায় নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓ রেডিওথেরাপিস্টের ২ বছরের ডিপ্লোমা করেছি উচ্চমাধ্যমিকের পরে। বর্তমানে একটি ডায়াগনস্টিক সেন্টারে চাকরি করছি। মোট আড়াই বছরের চাকরির অভিজ্ঞতা আছে। সরকারি চাকরি পেতে চাই। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*নাম প্রকাশে অনিচ্ছুক, সিউড়ি, বীরভূম।*

☐ সরকারি চাকরির জন্য প্রস্তুত হতে শুরু করুন। লিখিত পরীক্ষার জন্য প্রস্তুত হোন। চাকরির অভিজ্ঞতা স্কিল টেস্টে কাজে লাগবে, চাকরি পাওয়ার ক্ষেত্রে সহায়ক হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৮৪২জন মেডিক্যাল টেকনোলজিস্ট নেবে পশ্চিমবঙ্গ সরকার। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে। রেডিওথেরাপিস্ট-সহ মেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখা থেকে নিয়োগ হবে। 'কর্মক্ষেত্র'-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৬ জুনের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in

২৮৪২জন মেডিক্যাল টেকনোলজিস্ট নেবে পশ্চিমবঙ্গ সরকার। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে। রেডিওথেরাপিস্ট-সহ মেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখা থেকে নিয়োগ হবে। 'কর্মক্ষেত্র'-র ২৫ মে সংখ্যায় 'রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসের (এইমস) বিভিন্ন কেন্দ্রে মেডিক্যাল টেকনোলজিস্ট নেওয়া হয়। আপনি আবেদন করতে পারবেন। রেলের হাসপাতালগুলিতে মেডিক্যাল টেকনোলজিস্ট নেওয়া হয়। যে-সব রাষ্ট্রায়ত্ত সংস্থার হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র আছে, সেখানে মেডিক্যাল টেকনোলজিস্টদের চাকরির সুযোগ আছে। চাকরি আছে সামরিক বাহিনীর হাসপাতালগুলিতে। এইসব সংস্থায় চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

## কেমন চাকরি করবেন, কোন কোন চাকরির পরীক্ষায় বসবেন, আগেই স্থির করুন



**ডঃ সমীরকুমার সামন্ত**
প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর (গবেষণা), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

কিছু চাকরি আছে, যার জন্য নির্দিষ্ট বিষয়ের জ্ঞানের খুব কিছু প্রয়োজন হয় না। যেমন, পশ্চিমবঙ্গের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষা। যে-কোনও বিষয়ের গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসতে পারেন। এরকম আরও চাকরির পরীক্ষা আছে। আবার, এমন চাকরিও আছে, যেখানে বিষয়-ভিত্তিক জ্ঞানটাই কাজে লাগবে। একজন ইঞ্জিনিয়ারের কাজে ইঞ্জিনিয়ারিংয়ের জ্ঞান তো কাজে লাগবেই। একজন এগ্রিকালচারাল অফিসারের কৃষিবিজ্ঞানটা তো ভালো করে জানতেই হবে। আমি বলব, বিষয় যা-ই হোক না কেন, সেটা ভালো করে জানাই ভালো। পরীক্ষার ভালো রেজাল্টের জন্য তো বটেই, এ ছাড়াও একটা বিষয়কে ভালো করে জানার মধ্য দিয়ে ছাত্রছাত্রীর যুক্তি, বুদ্ধি ধারালো হয়ে ওঠে। যে-চাকরিতে নির্দিষ্ট বিষয়ের জ্ঞানের প্রয়োজন হয় না, সেখানে ওই অ্যাপ্টিটিউডটা তো কাজে লাগেই। চাকরির পরীক্ষায় সফল হওয়ার জন্যও ওই অ্যাপ্টিটিউডটার দরকার হবে। আর টেকনিক্যাল কাজ যাঁরা করবেন, তাঁদের তো বিষয়ের গভীরে ঢুকে বিষয়টাকে আয়ত্ত করতেই হবে। তাই বলব, বিষয় যা-ই হোক না কেন, সেটা ভালোবেসে পড়ুন, জ্ঞানের পরিধিটাকে বাড়ানোর চেষ্টা করুন। মিসেলেনিয়াস সার্ভিসেসের চাকরির পরীক্ষার জন্য একটা কমন সিলেবাস থাকে। যাঁরা এ ধরনের সরকারি চাকরির কথা ভাবছেন, তাঁদের কলেজ-বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার সঙ্গে সঙ্গেই চাকরির পরীক্ষার সিলেবাস নেড়েচেড়ে দেখতে হবে। সিলেবাস অনুসারে সময়-সুযোগমতো পড়াশোনাও করতে হবে। হয়তো দেখা যাবে, আপনার নিজের বিষয় থেকেই চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য সহায়তা পাচ্ছেন। বেসরকারি সংস্থায় চাকরির জন্যও ওই অ্যাপ্টিটিউডের দরকার হয়। ইন্টারভিউয়ে প্রার্থীর নিজস্ব বিষয়ে প্রশ্ন হয়। দেখা হয়, কয়েকটা বছর ধরে প্রার্থী যে-বিষয় নিয়ে পড়াশোনা করেছেন, সেই বিষয়ে প্রার্থীর কতটা ব্যুৎপত্তি আছে। যুক্তিগ্রাহ্যভাবে বিষয়টি বোঝাবার চেষ্টা করেছেন কিনা প্রার্থী।

শুধু তো বইপত্রই নয়, গোটা পৃথিবীটা ছড়ানো রয়েছে খোলা বইয়ের মতো। প্রাত্যহিক জীবনযাপনের মধ্য দিয়েও আমাদের অনেক কিছু শেখার আছে। আন্তর্জাতিক স্তরে পেট্রোলিয়ামের দরবৃদ্ধির প্রতিক্রিয়ার আঁচ তো আমাদের প্রত্যেকেরই গায়ে লাগে। একজন শিক্ষিত ছেলে বা মেয়ের সেই দরবৃদ্ধির প্রেক্ষাপটটা জানা থাকা উচিত। সেই জানার সূত্র ধরেই এসে পড়বে মার্কিন যুক্তরাষ্ট্র ও পেট্রোলিয়াম উৎপাদনকারী দেশ ইরানের মধ্যেকার সম্পর্ক। বড় বড় ঘটনাবলি থেকে মুখ ঘুরিয়ে থাকলে চলবে না।

সব মিলিয়েই একটা প্রস্তুতি। সেই প্রস্তুতির প্রক্রিয়াটা যত তাড়াতাড়ি শুরু হয়, তত ভালো। তাহলে অ্যাকাডেমিক পড়াশোনার পাঠ শেষ হলে আর অথৈ জলে পড়তে হয় না। হঠাৎ প্রবল একটা চাপও তৈরি হয় না। তবে কেমন চাকরি করবেন, কোন কোন চাকরির পরীক্ষায় বসবেন, তা আগে থেকেই স্থির করে নিতে হবে। তবেই প্রস্তুতিটা নির্দিষ্ট পথ ধরে এগোতে পারে। অহেতুক সময় নষ্ট হয় না। আর করণীয় কাজগুলো ঠিক ঠিক করা গেলে তার সুফল তো পাওয়া যাবেই।

কেমন চাকরি করবেন, কোন কোন চাকরির পরীক্ষায় বসবেন, তা আগে থেকেই স্থির করে নিতে হবে। তবেই প্রস্তুতিটা নির্দিষ্ট পথ ধরে এগোতে পারে।

***✓ ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে আই টি আই কোর্স পাশ করার পরে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ করেছি। বর্তমানে চাকরির চেষ্টা চলছে। চাকরির কথা জানাবেন।***

*সুদীপ রায়, চন্দননগর, হুগলি।*

☐ আই টি আই কোর্সের পরে অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করায় চাকরি পাওয়ার ব্যাপারে আপনি অনেকটাই এগিয়ে থাকবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু জুনিয়র অপারেটর নেবে ইন্ডিয়ান অয়েল। আপনি আবেদন করতে পারেন। ইনস্ট্রুমেন্ট মেকানিক-সহ বিভিন্ন আই টি আই ট্রেড থেকে নিয়োগ হবে। আই টি আই কোর্সের পরে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে তবেই আবেদন করা যাবে। তবে ২ বছরের আই টি আই কোর্সের পরে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া থাকলে তা ১ বছরের কাজের অভিজ্ঞতা হিসেবেই গণ্য হবে। অর্থাৎ, আপনি এই পদে আবেদন করতে পারছেন। 'কর্মক্ষেত্র'-র ২৫ মে সংখ্যায় 'ইন্ডিয়ান অয়েলে জুনিয়র অপারেটর' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৬ জুনের মধ্যে। অনলাইন দরখাস্তের লিঙ্ক পাবেন এই ওয়েবসাইটে: www.iocl.com/people careers/job.aspx

***পরে আবেদন করতে পারবেন:*** যেখানেই প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিংয়ের কাজ, সেখানেই ইনস্ট্রুমেন্ট মেকানিকের প্রয়োজন। রেলে টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে আবেদন করতে পারবেন। শিপইয়ার্ড, ন্যাভাল ডকইয়ার্ড, এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া, এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, ভারত আর্থ মুভার্স, ভারত ইলেক্ট্রনিক্স, কোলফিল্ড সংস্থা, কন্টেনার কর্পোরেশন অব ইন্ডিয়া প্রভৃতি সংস্থায় প্রচুর ইনস্ট্রুমেন্ট মেকানিকের দরকার হয়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, পাবেন আরও বিভিন্ন সংস্থায় চাকরির খবর।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



হোটেল ম্যানেজমেন্টের ৬টি শাখায় ডিপ্লোমা ...পৃঃ ১০

প্যারামেডিক্যাল টেকনোলজিস্টদের গুরুত্ব বাড়ছে ...পৃঃ ১৩

কর্মক্ষেত্র

# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

প্রতি মাসেই ৫০০০ টাকা

পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

স্বনির্ভরতার নানা পথ

## দেশে-বিদেশে সবজি ফল ফুল বিপণনের মাধ্যমে ব্যবসার দারুণ সুযোগ

**বাংলার সবজি, ফল ও ফুলের চাহিদা এখন বিশ্বজুড়ে। এইসব পণ্য রপ্তানি করে বা দেশের মধ্যেই বিপণনের মাধ্যমে উদ্যোগী তরুণ-তরুণীরা স্বনির্ভর হতে পারেন। প্রশিক্ষণ দিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।**



**নিজস্ব প্রতিনিধি:** লন্ডন, প্যারিস, দুবাই অথবা সুদূর স্ক্যান্ডিনেভীয় দেশগুলিতে সবজি-ফলের বিপণিতে এই বাংলার কাজরী পটল, সবুজের ওপর ছোট ছোট সাদা ছোপওয়ালা লাউ, ভেন্ডি, কাঁকরোল, কচুমুখী, এমনকী কচুরলতির পশরা দেখলে এখন আর চমকে ওঠার কিছু নেই। বেশ কয়েক বছর ধরেই বাংলার সবজি, ফল আর ফুল নিয়মিত পাড়ি দিচ্ছে ইউরোপের বিভিন্ন দেশে, পশ্চিম এশিয়ায়। সেইসঙ্গে দেশের অন্যান্য রাজ্যের বাজারেও প্রবল চাহিদা রয়েছে এ বঙ্গের কৃষিজাত পণ্যের। এককথায় বাংলার ফসলকে কেন্দ্র করে রপ্তানি বাণিজ্যের নতুন দিগন্ত খুলে গিয়েছে, যার পূর্ণ সুযোগ নিতে পারেন এ রাজ্যের শিক্ষিত তরুণ-তরুণীরা। কেবল জেনে নিতে হবে ব্যবসায়িক খুঁটিনাটি।

গ্রীষ্ম ও বর্ষার মরসুমে যে-সবজিটি ঘরোয়া বাজারে রাজত্ব করে তা হল পটল। বাংলায় যে-গুণমানের পটল হয় তা ভূভারতের আর কোথাও হয় না। সবুজের ওপর সাদা ডোরাকাটা পুরু খোসার কাজরী পটল ফি বছর এ রাজ্য থেকে পৌঁছে যায় ইউরোপে, আমেরিকায়। একই কথা বলা যায় কাঁকরোল সম্পর্কেও। হুগলি, উত্তর ২৪ পরগনায় যে-মানের কাঁকরোল হয় তা দেশের আর কোথাও তো নয়ই, বাংলাদেশেও উৎপাদিত হয় না। এমনিতে দুবাই, কুয়েত, কাতার, বাহরিনের মতো

এরপর চোদ্দোর পাতায়



### সবজি ও ফল রপ্তানির বাজার বিরাট, পরিকাঠামোর উন্নতি দরকার

**সঞ্জীব দাশ**
*সবজি, ফল রপ্তানিকারক*

বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাচেলর্স ডিগ্রি সম্পূর্ণ করার পর কিছুদিন চাকরি করেছিলাম একটি বড় বেসরকারি সংস্থায়। পূর্ব মেদিনীপুরের ছেলে, চাকরি করতে গেলাম মেঘালয়ে। ওখানে থাকাকালীনই ব্যবসা করার ইচ্ছেটা জাগে। ঝোঁক ছিল রপ্তানির ব্যবসার দিকে। সেজন্য ২০১৫-য় এক্সপোর্ট লাইসেন্স করিয়ে রেখেছিলাম। তখনও সঠিক জানি না, কী রপ্তানি করব। ২০১৬-য় সবজি, ফল, ফুল রপ্তানি-বিষয়ক ই ডি আইয়ের (এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট) কোর্সটির খবর পড়লাম কর্মক্ষেত্র-য়। কোর্সটি করলাম। তারপরই কাজে নেমে পড়ি। ইতিমধ্যে 'কর্মক্ষেত্র'-এ সবজি রপ্তানিকারক জসিমুদ্দিন মণ্ডলের একটি সাক্ষাৎকার প্রকাশিত হয়েছিল। ওঁর সঙ্গে যোগাযোগ করলাম। মূল্যবান নানা পরামর্শ পেলাম।

**পশ্চিমবঙ্গের সবজির বিপুল চাহিদা রয়েছে ইউরোপের বাজারে। শুধু লন্ডনেই দারুণ ব্যবসা হতে পারে। আমার মতো আরও অনেকে সবজি, ফল ইত্যাদির রপ্তানির ব্যবসায় নামতে পারেন। সমস্যা হল, পশ্চিমবঙ্গে ভালো প্যাকিং পরিকাঠামোর অভাব রয়েছে। একটা ভালো মানের প্যাক হাউস গড়ে তোলার খরচ বিপুল। এ ব্যাপারে রাজ্য সরকার উদ্যোগ নিলে তার চেয়ে ভালো কিছু আর হয় না।**

কোম্পানি তৈরি হল ২০১৬-য়। সংস্থার নাম ভারত ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট। লন্ডন, মালয়েশিয়া, বাহরিন ও বাংলাদেশে পেঁয়াজ, নারকোল, ডাব ও পান রপ্তানি করি। লন্ডনে পানের বিপুল চাহিদা। কিন্তু এই মুহূর্তে মূলত ব্যাক্টেরিয়াজনিত দূষণের কারণে পশ্চিমবঙ্গ থেকে লন্ডনে পান আমদানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা বলবৎ রয়েছে। আমি মহারাষ্ট্রের নাসিক থেকে সরাসরি মালয়েশিয়া, বাহরিনে পেঁয়াজ পাঠাই। নাসিকে রপ্তানি-সংক্রান্ত পরিকাঠামো খুব উন্নত। আমার মতো নতুন রপ্তানিকারকের পক্ষে কাজ করতে সুবিধা হয়।

একটা কথা বলা দরকার, পশ্চিমবঙ্গের সবজির বিপুল চাহিদা রয়েছে ইউরোপের বাজারে। শুধু লন্ডনেই দারুণ ব্যবসা হতে পারে। আমার মতো আরও অনেকে সবজি, ফল ইত্যাদির রপ্তানির ব্যবসায় নামতে পারেন। সমস্যা হল, পশ্চিমবঙ্গে ভালো প্যাকিং পরিকাঠামোর অভাব রয়েছে। একটা ভালো মানের প্যাক হাউস গড়ে তোলার খরচ বিপুল। এ ব্যাপারে রাজ্য সরকার উদ্যোগ নিলে তার চেয়ে ভালো কিছু আর হয় না।

যাঁরা এ ব্যবসায় আসতে চান, তাঁদের প্রয়োজনীয় পুঁজির বিষয়ে জিজ্ঞাস্য থাকবেই। একটা আভাস দেওয়া যেতে পারে। যদি লন্ডনে ৫০০ কেজি সবজি রপ্তানির পরিকল্পনা করেন, তাহলে ২ লক্ষ টাকার পুঁজি নিয়েই ব্যবসায় নামা যায়। যদি এমন আমদানিকারক বা ক্রেতা পান, যিনি অগ্রিম কিছু অর্থ দিতে পারেন, তাহলে পুঁজির সমস্যা অনেকটা মেটে।

ভবিষ্যতে লেদার ওয়ালেট আর পোশাক রপ্তানিরও ইচ্ছে আছে। ইংল্যান্ড ও মালয়েশিয়ার কয়েকজন ক্রেতাকে নমুনা পাঠিয়েছি। উত্তরের অপেক্ষায় আছি।

সবশেষে বলব, রপ্তানি বাণিজ্যে বাংলার সম্ভাবনা প্রচুর। ব্যবসাটা চালিয়ে যেতে পারলে তার পরিসর ক্রমশ বাড়তে থাকবে এ বিষয়ে সন্দেহ নেই।

যাঁরা সবজি, ফল ইত্যাদি পণ্য রপ্তানির ব্যবসা করতে চান, তাঁরা বিনামূল্যে তথ্য-পরামর্শের জন্য আমার সঙ্গে ফোনে যোগাযোগ করতে পারেন। ফোন করবেন শনি ও রবিবার। আমার ফোন নম্বর: ৭৯০৮০-৯৭৯১৫।

## আধুনিক অফিস সামলানোর প্রশিক্ষণ



**অত্যাধুনিক অফিস পরিচালনার জন্য হতে হবে দক্ষ পেশাদার। জানতে হবে ম্যানেজমেন্টের খুঁটিনাটি দিক, কোম্পানিসংক্রান্ত আইন, রেকর্ড ম্যানেজমেন্ট, এমনকী হিসাবরক্ষারও খুঁটিনাটি। কম্পিউটার ব্যবহার আর কথোপকথনেও হতে হবে পটু। মডার্ন অফিস ম্যানেজমেন্টের ডিপ্লোমা এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়া যাচ্ছে উইমেনস পলিটেকনিক ও নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** যে-কোনও অফিসের প্রাত্যহিক নানা দায়িত্ব সামলানোর জন্য প্রয়োজন রয়েছে পেশাদারি দক্ষতার। জনসংযোগ থেকে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং থেকে বিপণন, নিরাপত্তা থেকে কোম্পানি-সংক্রান্ত আইনকানুন— এ রকম একাধিক বিষয়ে ভালো ধারণা না থাকলে অফিস পরিচালনা করা সম্ভব নয়। চাকরিতে যোগ দেওয়ার আগেই যদি অফিস কীভাবে পরিচালিত হয় সে বিষয়ে একটা স্পষ্ট ধারণা থাকে তবে চাকরি পেতে সুবিধা হবেই, তার সঙ্গে প্রশিক্ষিত তরুণ-তরুণীরা কাজের ক্ষেত্রে এগিয়েও থাকবেন।

মডার্ন অফিস ম্যানেজমেন্টের ডিপ্লোমা এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে যথাক্রমে উইমেনস পলিটেকনিক এবং নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজের অধীনস্থ বিভিন্ন স্টাডি সেন্টারে। দু'টি শিক্ষাপ্রতিষ্ঠানই ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশনের অধীনস্থ। আবেদন করতে পারেন এখনই।

### কারা পড়বেন, কোথায় পড়বেন

**উইমেনস পলিটেকনিক:** এখানে পড়ানো হয় মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স। যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা পড়তে পারেন। উচ্চমাধ্যমিকে অবশ্যই ইংরেজি পড়ে থাকতে হবে। প্রার্থীর জন্মতারিখ হতে হবে ১-৭-২০০৩-এর আগে। কোর্সের মেয়াদ ৩ বছর। শুধু মহিলারাই এই পলিটেকনিকে পড়তে পারেন। কোর্সটি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট কর্তৃক স্বীকৃত। এটি একটি রেগুলার কোর্স।

**নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়:** বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্টাডি সেন্টারে পড়ানো হয় মডার্ন অফিস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। যে-কোনও শাখার স্নাতক উত্তীর্ণরাই পড়তে পারেন। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি ৮,০০০ টাকা।

এরপর চোদ্দোর পাতায়

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# হোটেল ম্যানেজমেন্টের ৬টি শাখায় ডিপ্লোমা

**হোটেল-রেস্তোরাঁয় খাবার তৈরি, পরিবেশন ও ম্যানেজমেন্টে আতিথেয়তা শিল্পের খুঁটিনাটি জানা প্রশিক্ষিত কর্মীদের চাহিদা রয়েছে। তারাতলার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট প্রশিক্ষণ দেবে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের। আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** গত কয়েক বছরে গড়ে ওঠা ঝকঝকে ফুড জয়েন্ট, মাল্টিকুইজিন রেস্তোরাঁ আর মাল্টিস্টারার হোটেলগুলি ভারতীয়দের খাদ্যাভাসে এক উল্লেখযোগ্য বদল ঘটিয়ে দিয়েছে। সুস্বাদু খাবারের সঙ্গে সুষ্ঠু পরিবেশও এখন ক্রেতার কাছে গুরুত্ব পায়। ভারতীয় ঐতিহ্যের খাবারের সঙ্গেই পৃথিবীর অন্য দেশের সুস্বাদু পদও ঠাঁই পায় পছন্দের তালিকায়। সময়ের সঙ্গে তাল রেখে হোটেল কিংবা রেস্তোরাঁর রিসেপশন থেকে অফিস অপারেশন, রান্নাঘর থেকে কেতাদুরস্ত পরিবেশন— সবেতেই লেগেছে পেশাদারিত্ব আর আধুনিকতার ছোঁয়া।

### আসনসংখ্যা ১৫০

এসবের সঙ্গেই বাড়ছে দক্ষ ও প্রশিক্ষিত কর্মীদের চাহিদাও। আতিথেয়তা শিল্প-সংশ্লিষ্ট যে-কোনও পেশায় আসতে চাইলে প্রশিক্ষণ নিতে হবে।

ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস, বেকারি অ্যান্ড কনফেকশনারি, ফুড প্রোডাকশন-সহ বিভিন্ন বিষয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান কলকাতার তারাতলার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা এখনই আবেদন করতে পারেন।

### কোথায় প্রশিক্ষণ

কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীনস্থ স্বশাসিত প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে (তারাতলা, কলকাতা) প্রশিক্ষণ দেওয়া হবে ছ'টি আলাদা কোর্সে। কোর্সগুলি হল—

(১) ডিপ্লোমা ইন ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস
(২) ডিপ্লোমা ইন ফুড প্রোডাকশন
(৩) ডিপ্লোমা ইন বেকারি অ্যান্ড কনফেকশনারি
(৪) ডিপ্লোমা ইন ফ্রন্ট অফিস অপারেশন
(৫) ডিপ্লোমা ইন হাউস কিপিং
(৬) ক্রাফটসম্যানশিপ কোর্স ইন ফুড প্রোডাকশন অ্যান্ড প্যাটিসারি।

প্রতিটি কোর্সের মেয়াদ দেড় বছর। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এই কোর্সে হাতেকলমে প্রশিক্ষণ বিশেষ গুরুত্ব পায়। কোর্স চলাকালীন প্রতিটি ছাত্রছাত্রীকে পাঠানো হয় বিভিন্ন তারকা হোটেলে, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিংয়ের জন্য।

### কারা পড়বেন

উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। আসনসংখ্যা বিষয়প্রতি ২৫টি। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। বয়স হতে হবে ২২ বছরের মধ্যে। তফসিলিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

### কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আগ্রহীরা এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন। নগদ ৫০০ টাকার বিনিময়ে ১৫ জুন পর্যন্ত (বেলা ১১টা থেকে ৩টে) প্রসপেক্টাস-সহ আবেদনের ফর্ম কিনতে পাওয়া যাবে প্রতিষ্ঠানের এই ঠিকানা থেকে: পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৮৮।

এছাড়া আবেদনের ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.ihmkolkata.org আবেদনপত্র ডাউনলোড করা যাবে ১৫ জুন পর্যন্ত।

প্রয়োজনীয় নথিপত্র-সহ নিজের হাতে লিখে পূরণ করা আবেদনপত্র ২২ জুনের মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: পি-১৬, তারাতলা রোড, কলকাতা-৭০০ ০৮৮।

### প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে বেসিক ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪০১-৪১২৪/৪২১৮।

### চাকরি ও স্বনিযুক্তির মাধ্যমে কেরিয়ার

আতিথেয়তা শিল্পে চাকরি ও স্বনিযুক্তি উভয়ক্ষেত্রেই কাজের সুযোগ রয়েছে প্রশিক্ষিত কর্মীর। এমনটাই জানালেন তারাতলার হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানের হসপিটালিটি অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টের বিভাগীয় প্রধান বনফুল ব্যানার্জি। 'কর্মক্ষেত্র'কে তিনি জানালেন, কোনও হোটেল বা ফুড জয়েন্টের প্রশাসনিক বিভাগ ছাড়াও পরিষেবা প্রদানকারী বিভিন্ন ইন্ডাস্ট্রিতে চাকরির সুযোগ রয়েছে ফ্রন্ট অফিস অপারেশনস-সংক্রান্ত কাজে দক্ষ কর্মীদের। আবার ফুড প্রোডাকশন, বেকারি ও কনফেকশনারি বিভাগেও সৃজনশীল কর্মীদের কদর রয়েছে ভালই। চাকরি ছাড়াও স্বনিযুক্ত হতে চাইলে প্যাটিস, কেক-সহ দেশি-বিদেশি ঘরানায় বানানো ভিন্ন স্বাদের মিষ্টি বানিয়ে খোলা যায় নিজস্ব বেকারি। কিন্তু মনে রাখতে হবে, এই ইন্ডাস্ট্রিতে নিজেকে অন্যদের থেকে এগিয়ে রাখতে হলে প্রয়োজন পজিটিভ মনোভাব, সপ্রতিভতা এবং অবশ্যই কাজের প্রতি অদম্য ভালোবাসা। এই শিল্পে সফল কেরিয়ার গড়ার একমাত্র পথ হল ক্রেতা ও পরিষেবাগ্রহণকারীদের পরিতৃপ্তি।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Institute of Hotel Management'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের নকল।
✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল।




জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

১৮/১২/২০০০

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র www.ekarmakshetra.com

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

মে মাসের প্রতিযোগিতায় বিজয়ী রুনু কোলে ও সুমন ঘোষ

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## আধা-নিবিড় পদ্ধতিতে হাঁস পালন

**রুনু কোলে,** বড়গাছিয়া, নালিকুল-হুগলি

বিচারক: এই প্রজাতির হাঁস দেশি মুরগির চেয়ে বেশি ডিম দেয়, প্রায় দু'বছর ধরে। এ রাজ্যে হাঁসের, ডিম ও মাংসের চাহিদা বেশ বাড়ছে। ব্যবসাটি ঠিকমতো করলে লাভজনক। উনি লাভক্ষতির হিসেবটা আর একটু বিশদে দিলে ভালো হতো।



আমি একজন সাধারণ গৃহবধূ এবং 'কর্মক্ষেত্র'-র নিয়মিত পাঠক। কর্মক্ষেত্র-য় প্রকাশিত বিভিন্ন ব্যবসার কথা পড়েই বিকল্প কিছু করার কথা ভাবতে পেরেছি এবং সেই পথে অগ্রসর হয়েছি। আমার নিজস্ব ৫ কাঠা জমি রয়েছে। সেটিকে কাজে লাগিয়ে আমি আধা-নিবিড় পদ্ধতিতে খাঁকি ক্যাম্পবেল হাঁস পালন করার ব্যবসাটি শুরু করেছি।

### ব্যবসাটি বেছে নেওয়ার কারণ

● খাঁকি ক্যাম্পবেল হাঁস ব্যাপক সংখ্যায় পালন সুবিধাজনক। ● এই জাতের হাঁস উন্নত প্রজাতির মুরগির থেকে বেশি ডিম দেয়। ডিমের আকারও বড় হয়। ● হাঁসের বাসস্থান সাধারণ মানের হলেই চলে। ● মুরগি যেখানে একবছর ডিম দিতে পারে, সেখানে এই হাঁস থেকে প্রায় তিন বছর ডিম পাওয়া যায়। ● হাঁসের রোগ প্রতিরোধ ক্ষমতা মুরগির তুলনায় বেশি। ● হাঁসের বাচ্চাকে বেশি দিন ব্রুডিং করতে হয় না। ● হাঁস জলজ শৈবাল, ঝিনুক, শামুক ইত্যাদি খায়, ফলে সুষম খাদ্য কম লাগে। এছাড়া হাঁসকে অ্যাজোলা খাওয়ালে ডিমের পরিমাণ বাড়বে। ● হাঁসের মাংস ও ডিমের চাহিদা রয়েছে। ● হাঁসের বিষ্ঠা থেকে উন্নত মানের নাদেজ কম্পোস্ট করা যায়।

**খরচ**

**খামারের ২ বছরের আয়-ব্যয়**

| | |
|---|---|
| ১০০ টাকা হাঁসপ্রতি × ২০০টি | ২০,০০০ টাকা। |
| ২১দিন বয়সের ২০০টি বাচ্চা × ৬০ টাকা | ১২,০০০ " |
| জলের পাত্র, খাবার পাত্র, ঔষধ, ডিমের ট্রে | ৮,০০০ " |
| হাঁসের খাবার এর দাম ১০ টাকা কেজিপ্রতি × প্রতিটি হাঁসের বছরে খাদ্য ৪০ কেজি × ২০০টি হাঁস × ২ বছর = ১০ × ৪০ × ২০০ × ২ | ১,৬০,০০০ " |
| মোট খরচ | ২,০০,০০০ টাকা |

**২ বছরের আয়**

ধরা যাক, শতকরা ৮০টি হাঁস বছরে ৩০০টি করে ডিম দিচ্ছে এবং প্রতিটা ডিমের পাইকারি মূল্য ৪ টাকা।

সুতরাং ৮০ × ২ × ৩০০ × ৪ × ২ = ৩,৮৪,০০০ টাকা

২ বছরে আয় হবে (৩,৮৪,০০০-২,০০,০০০)

= ১,৮৪,০০০ টাকা

বছরে গড় আয় ১,৮৪,০০০ ÷ ২ = ৯২,০০০ টাকা

ভবিষ্যতে এর সঙ্গে কিছু পিকিং হাঁসও পালন করব বলে স্থির করেছি।



## বাণিজ্যিক মাশরুম চাষ

**সুমন ঘোষ,** মালিয়া, হরিপাল-হুগলি

বিচারক: 'কর্মক্ষেত্র' পড়ে মাশরুম চাষে উৎসাহিত হয়ে ব্যবসা আরম্ভ করেছেন। ট্রেনিং নিয়েছেন। ব্যবসাটি বাড়ানোর চেষ্টা করছেন। চাষের উপকরণ, পদ্ধতি বিশদভাবে লিখেছেন। ফ্রেশ মাশরুমের চাহিদা বেশ বাড়ছে এবং ভালো দামও পাওয়া যায়। বাজারে জোগান সেভাবে নেই। সুমন ঘোষের মতো আরও অনেকে ট্রেনিং নিয়ে এই ব্যবসা আরম্ভ করার চেষ্টা করতে পারেন।



কর্মক্ষেত্র-র প্রতিটি সংখ্যায় 'স্বনির্ভরতার নানা পথ' বিভাগে বিভিন্ন ব্যবসার পথনির্দেশ দেওয়া থাকে। আমি মাশরুম চাষের খুঁটিনাটি ও প্রশিক্ষণের তথ্য কর্মক্ষেত্র থেকেই জানতে পারি। এই চাষ করে আমি এখন স্বাবলম্বী।

> এতে যে-মূলধন লাগবে তা আমার সাধ্যের মধ্যে। মাশরুম চাষে উপকরণ বেশি কিছু লাগে না। লাগে না সার ও কীটনাশকের খরচ। এই চাষের প্রধান উপকরণ খড়, যা খুবই সহজলভ্য।

### ব্যবসাটি করার পক্ষে যুক্তি

● এই ব্যবসাটি করার প্রধান কারণ, এতে যে-মূলধন লাগবে তা আমার সাধ্যের মধ্যে। মাশরুম চাষে উপকরণ বেশি কিছু লাগে না। লাগে না সার ও কীটনাশকের খরচ। এই চাষের প্রধান উপকরণ খড়, যা খুবই সহজলভ্য।

● উর্বর জমির প্রয়োজন নেই। যে-কোনও সূর্যালোকবর্জিত ডাঙা জমিতেই মাশরুম চাষ করা সম্ভব।

● এই চাষে পরিশ্রমও অপেক্ষাকৃত কম। তাই পরিবারের সব সদস্য এবং মহিলারাও চাষে অংশ নিতে পারে।

● প্রাকৃতিক দুর্যোগে ক্ষতি হওয়ার ভয় নেই।

● পরিত্যক্ত মাশরুম বেড থেকে ভার্মি কম্পোস্ট তৈরি করা যায়, যা নিজেদের চাষের জমিতেই ব্যবহার করা যাবে।

● চাহিদার তুলনায় বাজারে মাশরুমের জোগান কম। আমাদের অঞ্চলে যোগাযোগ-ব্যবস্থা ভালো হওয়ায় উৎপাদিত মাশরুম আঞ্চলিক বাজারে, হোটেলে, রেস্তোরাঁয়, বিভিন্ন সবজির দোকানে পাঠানোর ক্ষেত্রে কোনও অসুবিধা হবে না।

### কীভাবে এগোব

মাশরুম চাষে আমার পূর্ব-অভিজ্ঞতা ও প্রশিক্ষণ রয়েছে। বাড়িতে ছোট একটা ফার্মও আছে। সেটিকে আরও বড় করে তুলতে চাই এবং ব্যবসাটিকে বাড়ানোর ইচ্ছা আছে। তার জন্য দরকার সঠিক পরিকল্পনা, মূলধন ও বিপণন। আবহাওয়ার পরিবর্তন, মানুষের রুচি ও চাহিদা অনুযায়ী ঝিনুক ছাতু এবং দুধ ছাতু— এই দু'প্রকার মাশরুম চাষ করব। তাহলে বছরের কোনও সময়ই কাজ ছাড়া বসে থাকতে হবে না। ট্রেড লাইসেন্সের জন্য পঞ্চায়েত প্রধানের কাছে আবেদন করব। ব্যবসার প্রচারের জন্য লিফলেট বিলি করব।

### চাষের উপকরণ ও পদ্ধতি

**উপকরণ**

একটা ঘর, খড়, বীজ, চৌবাচ্চা ও সিমেন্টের ডাব্বা, নাইলন দড়ি, শিকে, চটের বস্তা, পলিথিন, ফর্ম্যালিন, গ্যামাক্সিন, ত্রিপল, ঝুড়ি।

**শিকে তৈরি**

বাঁশের চটা ১০ ইঞ্চি বহরে কেটে দু'টি কাঠি নিয়ে একটি শিকে তৈরি করে কার্ড বা নাইলন সুতো দিয়ে বেঁধে অন্য আর-একটি শিকে বাঁধতে হবে এবং দু'টি শিকের মাঝে ফারাক হবে ১৪-১৫ ইঞ্চি।

**খড়**

যেহেতু খড়-ই এই চাষের আসল উপাদান তাই, শক্ত কাঠির পুরনো আমন খড় ঝেড়ে নিয়ে মাথার দিকে ৫-৬ ইঞ্চি ও গোড়ার দিকের ১-২ ইঞ্চি কেটে বাদ দিতে হবে। তারপর খড় হাতে বা মেশিনে ১-২ ইঞ্চি মাপে কাটতে হবে। খেয়াল রাখতে হবে খড়ের মধ্যে যেন মাটি, নোংরা ও কুটি অংশ না থাকে।

**ঘর তৈরি**

খরচ কম রাখার জন্য বাঁশের খুঁটি, খড়ের চালা বা পাটকাঠি ও ত্রিপলের চালা এবং পাটকাঠির বেড়া বা চটের বেড়া দিয়ে করাই ভালো। তবে সূর্যের আলো যেন না ঢোকে। ঘর যেন ঠান্ডা, অন্ধকার ও স্যাঁতসেঁতে হয় এবং বাতাস যেন চলাফেরা করতে পারে। বেড বসানোর আগের দিন ঘর জীবাণুমুক্ত করে নিতে হবে ফর্ম্যালিন স্প্রে করে। ২০টি বেডের জন্য কমবেশি ২৫০-৩০০ স্কোয়্যার ফুট জায়গা লাগবে।

**বেড তৈরির পদ্ধতি**

বেড তৈরি করার সবচেয়ে কম খরচের ও সহজ পদ্ধতিটি হল: প্রথমে চৌবাচ্চায় বা ডাব্বায় ১০০ লিটার জলে ৭০-১০০ গ্রাম কলিচুন ও ৭০-৮০ মিলিলিটার ফর্ম্যালিন মিশিয়ে রাতে খড় ভেজাতে হবে। ভেজানোর ৮-১০ ঘন্টা পর সকালে খড় ঝুড়িতে তুলে জল ঝরিয়ে ১-২ ঘন্টা রোদে রেখে ছায়াপূর্ণ জায়গায় বসে বেড বানাতে হবে।

### বীজ কোথায় পাওয়া যাবে

বীজ খোলাবাজার ছাড়াও চুঁচুড়ার ধান্য গবেষণাকেন্দ্র, কল্যাণীর বয়স্ক শিক্ষাকেন্দ্র ও অন্যান্য জায়গায় পাওয়া যায়।

### বিপণনের স্থান

যেহেতু আমি মাশরুম চাষের সঙ্গে আগে থেকেই যুক্ত, তাই বিক্রির ব্যাপারে সুবিধা হবে বলেই আশা করি। নিকটবর্তী সবজি-বাজার, বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ, ফুটপাথের বিভিন্ন খাদ্যসামগ্রীর দোকানে বিক্রি করতে পারব।

**মোট মূলধন**

| | |
|---|---|
| ● ঘর | ৭,০০০ টাকা |
| ● ডাব্বা | ৮০০ " |
| ● দাঁড়িপাল্লা | ৬০০ " |
| ● ঝুড়ি, ত্রিপল, বালতি, স্প্রে-মেশিন ও অন্যান্য | ৪৫০ " |
| মোট | ৮,৮৫০ টাকা |

**চলতি মূলধন**

| | |
|---|---|
| ● বীজ | ৩,০০০ টাকা |
| ● খড় | ১,২০০ " |
| ● পলিথিন | ২৫০ " |
| ● ফর্ম্যালিন | ১৫০ " |
| ● চুন | ৫০ " |
| ● অন্যান্য | ৩০০ " |
| মোট | ৪,৯৫০ টাকা |

তাহলে, স্থায়ী মূলধন + চলতি মূলধন = (৮,৮৫০ + ৪,৯৫০) = ১৩,৮০০ টাকা।

### লাভের হিসাব

২০০টি বেড থেকে ৫০-৬০ দিন পর্যন্ত ফলন পাব। একটি বেড থেকে গড়ে ১-১.৫ কেজি মাশরুম পাওয়া যাবে। তাহলে ২০০ বেডে পাওয়া যাবে ২০০ × ১.৫ কেজি = ৩০০ কেজি। ৩০০ কেজি মাশরুমের বিক্রয়মূল্য প্রতি কেজি ৮০ টাকা হিসেবে ৩০০ × ৮০ = ২৪,০০০ টাকা।

| | |
|---|---|
| মোট আয় | ২৪,০০০ টাকা |
| মোট ব্যয় | ১৩,৮০০ " |
| লাভ | ১০,২০০ টাকা |

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুলাই-এর প্রতিযোগিতার জন্য জুন মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুলাই-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গোষ্ঠীবদ্ধ রন্ধনশালা, দলবদ্ধ স্বনির্ভরতার নতুন দিশা



কমিউনিটি কিচেন। ব্যবসায়িক ভিত্তিতে খাবার তৈরির গোষ্ঠীবদ্ধ একটি রন্ধনশালা কীভাবে দিনে দিনে তার কাজকর্মের ডালপালা ছড়িয়ে চলেছে, কীভাবে সেই রন্ধনশালাকে কেন্দ্র করে বেশ কিছু তরুণ-তরুণী দলবদ্ধভাবে স্বনির্ভর হয়ে উঠছেন এ তারই আখ্যান। কমিউনিটি কিচেন প্রকল্প 'প্রসাদ'-এর পরিচালক সুজিত দত্ত জানাচ্ছেন এই প্রকল্প গড়ে ওঠা আর তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনার কথা।

**কর্মক্ষেত্র:** *গোষ্ঠীবদ্ধ রন্ধনশালা তথা কমিউনিটি কিচেন পরিচালনার দায়িত্বে রয়েছেন আপনি। এই কমিউনিটি কিচেনের ভাবনাটা ঠিক কী?*

**সুজিত দত্ত:** আমরা 'প্রয়াসম' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের অংশ। প্রয়াসম-এর একাধিক শাখা। এক‌েকটি শাখা এক‌েক রকমের কাজ করে। 'কলাঞ্জলি' একটি শাখা, এই শাখার কাজের বিষয় পারফর্মিং আর্ট। 'কমিউনিটি ভিশুয়াল নেটওয়ার্ক' ইউটিউবের মাধ্যমে উন্নয়নমূলক নানা খবর পরিবেশন করে। 'জুগার' আরেকটি প্রকল্প। জুগার-এর সদস্যরা ফি-এর বিনিময়ে বাড়িতে গিয়ে নানা রকমের কাজ করে দেয়। সবক'টি শাখার মধ্যে যোগসূত্র 'অনট্র্যাক'ও একটি শাখা। এই শাখাটি মানবসম্পদ উন্নয়নের কাজ করে। প্রয়াসম-এর এরকমই একটি প্রয়াস 'প্রসাদ'। আমাদের কমিউনিটি কিচেনের কাজ চলে এই প্রসাদ প্রকল্পটির অধীনে। শুরু হয়েছিল বাচ্চা ছেলেমেয়েদের জন্য স্বাস্থ্যকর খাবার তৈরির মধ্যে দিয়ে।

**কর্মক্ষেত্র:** *এই বাচ্চারা কারা?*

**সুজিত দত্ত:** এই প্রসঙ্গে আমার নিজের কথা কিছু বলা দরকার। নিম্নবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ঘুঘনি-রুটি বিক্রি করে পরিবার প্রতিপালন করতেন। জীবনের বিশেষ কোনও লক্ষ্যও ছিল না আমার। এই পরিস্থিতিতে উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করে যখন আমি কার্যত দিগভ্রান্ত, সেসময় প্রয়াসম-এর সংস্পর্শে আসি। অনট্র্যাক প্রকল্পের আওতায় ইংরেজিতে কথা বলা, কম্পিউটার, ফটোগ্রাফি ইত্যাদি নানা বিষয়ে আমায় প্রশিক্ষণ দেওয়া হল। ২০১৬-য় প্রয়াসম থেকে আমায় মার্কিন যুক্তরাষ্ট্রে পাঠানো হল আর্লি চাইল্ডহুড ডেভেলপমেন্ট বিষয়ে একটি প্রশিক্ষণ নেওয়ার জন্য। ছোট ছোট ছেলেমেয়েদের শিক্ষা, শারীরিক ও মানসিক স্বাস্থ্য, খাবারদাবার ইত্যাদি বিষয়ে ১০ মাসের প্রশিক্ষণ পর্বে শিখলাম অনেক কিছু।



'প্রসাদ'-এর কমিউনিটি কিচেন

ফিরে এসে খেয়াল করলাম, আমরা যে-ছোট ছোট ছেলেমেয়েদের নিয়ে কাজ করি, তাদের পুষ্টিসংক্রান্ত সমস্যার একটা বড় কারণ অনিয়মিত ও অস্বাস্থ্যকর খাওয়াদাওয়া। বাবা-মায়েরা কাজ করতে বেরিয়ে যায় ছেলেমেয়েদের খাওয়ার জন্য হাতে কয়েকটা টাকা দিয়ে। সেটা দিয়ে ওরা চিপস, চানাচুর ইত্যাদি খায়। প্রসাদ-এর ভাবনাটা তখনই আমাদের মাথায় আসে। আমরা সেই বাবা-মায়েদের বললাম, টাকাটা বাচ্চাদের হাতে না দিয়ে আমাদের দিয়ে যান। আমরা জমা পড়া টাকা দিয়ে বাচ্চাদের জন্য স্বাস্থ্যকর খাবার তৈরি করে দেব। ভালো সাড়া পাওয়া গেল। রান্নাবান্নার জন্য একটা কিচেনের ব্যবস্থা করা হল সল্টলেকে প্রয়াসম-এর বাড়িতে। শুরু হল প্রসাদ। সাহায্যে এগিয়ে এল ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানি।

**কর্মক্ষেত্র:** *এখন কতজন বাচ্চার জন্য প্রতিদিন রান্না হয় কমিউনিটি কিচেনে?*

**সুজিত দত্ত:** দক্ষিণদাঁড়ি, মহিষবাথান, টেকনোপলিস এলাকায় দরিদ্র পরিবারের ৩-৬ বছর বয়সের বাচ্চাদের জন্য প্লে-স্কুল আছে। এই স্কুলগুলোর ৯০ জন বাচ্চার জন্য প্রতিদিন রান্না করি আমরা।

**কর্মক্ষেত্র:** *স্কুলের বাচ্চাদের খাবার সরবরাহ ছাড়া অন্যভাবেও তো ডালপালা বিস্তারের সম্ভাবনা রয়েছে। সে-ব্যাপারে ভেবেছেন কিছু?*

**সুজিত দত্ত:** কিছু কাজ শুরু হয়েছে। প্রচুর রেস্তোরাঁ রয়েছে সল্টলেকে। কিন্তু সকালে ঘরোয়া জলখাবার সরবরাহের ব্যবস্থা তেমন নেই। প্রাতরাশ করেই অনেক চাকরিজীবী অফিসের উদ্দেশে বেরিয়ে পড়েন। লাঞ্চ করেন বাইরে। তাঁরা অনেকেই স্বাস্থ্যের কারণে এই সাধারণ ঘরোয়া জলখাবারটা চাইছেন। এই চাহিদা থেকেই কাজ শুরু করেছি। বাড়িতে প্রাতরাশ পৌঁছে দিচ্ছি। ভালো সাড়াও পাচ্ছি।

পরের পর্যায়ের পরিকল্পনা হল, বয়স্কদের উপযোগী দৈনন্দিন খাবার তৈরি এবং বাড়িতে বাড়িতে সরবরাহ। এর পরের ধাপে আমরা হাসপাতাল, বড় নার্সিং হোমে প্যাকেটবন্দি খাবার বিক্রি করব। এসব জায়গায় রোগীর পরিবারের লোকজনদের আসতে হয়, দীর্ঘক্ষণ থাকতে হয়, এমনকী প্রয়োজনে রাতেও থাকতে হয়। তাঁরা ন্যায্য দামে পরিচ্ছন্ন খাবার চান। সেরকম খাবার সরবরাহ করার পরিকল্পনাও নেওয়া হচ্ছে।

**কর্মক্ষেত্র:** *এ-ধরনের রান্নাবান্নার প্রশিক্ষণ রয়েছে আপনাদের, আশা করা যায়।*

**সুজিত দত্ত:** আমি নিজে নিউট্রিশন নিয়ে পড়াশোনা করেছি আমেরিকার কমিউনিটি কলেজ ইনিশিয়েটিভ প্রোগ্রামে। আমাদের কিচেনে স্বাস্থ্যকর ও মুখরোচক খাদ্য তৈরির পদ্ধতি নিয়ে প্রতিনিয়ত পরীক্ষানিরীক্ষা চলে। সম্প্রতি একটি প্রোজেক্টে আমাদের সঙ্গে কাজ করতে এসেছিলেন, স্পেনীয় শেফ আলেহান্দ্রো মুর সানচেজ। তিনি সহজলভ্য নানা উপকরণ দিয়ে স্যুপ, স্টার্টার, মেন কোর্স, ডেজার্ট ইত্যাদি তৈরি করা শিখিয়েছেন আমাদের।

**কর্মক্ষেত্র:** *প্রসাদ-এর এই কর্মকাণ্ডের সঙ্গে কতজন যুক্ত রয়েছেন?*

**সুজিত দত্ত:** প্রসাদ-এর কর্মকাণ্ডের ওপর নির্ভর করে অন্তত ২০ জন ছেলেমেয়ে স্বনির্ভর হওয়ার চেষ্টা করছেন।

**কর্মক্ষেত্র:** *আপনি পরিচালনার দায়িত্বে রয়েছেন?*

**সুজিত দত্ত:** হ্যাঁ, আমি সমন্বয়ের কাজটা করে থাকি।

**কর্মক্ষেত্র:** *কেউ প্রসাদ-এর ফ্র্যাঞ্চাইজি নিতে চাইলে তা দেওয়ার ভাবনা আছে?*

**সুজিত দত্ত:** দেখুন, প্রসাদ-এর উদ্যোগটি চলে কিছু নীতির ভিত্তিতে। এখানে অনেকে মিলে কাজগুলো করেন। যৌথ দায়িত্ব, যৌথ কাজ, যৌথভাবে স্বনির্ভর হয়ে ওঠাই মূল নীতি।

প্রয়াসম-এ প্রশিক্ষণের ব্যবস্থা আছে। প্রশিক্ষণ হয় নাচ, গান, ড্রয়িং-পেন্টিং, কম্পিউটার, ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি, শর্ট ফিল্ম মেকিং, কুকিং ইত্যাদি নানাবিধ বিষয়ে। মোট ৬ মাসের প্রশিক্ষণ। কিছুদিন গেলেই বোঝা যায় কার কোন দিকে বিশেষ আকর্ষণ। তখন সেই ক্ষেত্রে তাঁর বিশেষ প্রশিক্ষণ হয়। ৬ মাসের প্রশিক্ষণের ফি ১০ হাজার টাকা। যাঁরা প্রশিক্ষণ নিলেন, তাঁরা প্রয়াসম-এর সঙ্গে যুক্ত হয়ে পারিশ্রমিকের বিনিময়ে কাজ করতে পারেন।

এখন, রান্নার বিষয়টি নিয়ে যিনি কাজ করবেন, তাঁকে রান্না করাটা শিখতে হবে অন্যভাবে। আমরা তেল ছাড়া চিকেন রান্না করি। সেই রান্নার একটা নির্দিষ্ট নিয়ম আছে। আমরা শুধুই স্বাদের জন্য রান্না করি না। পুষ্টি ও স্বাস্থ্যের উন্নতির দিকেও খেয়াল রাখা হয়। অবশ্যই স্বাদটিও অবহেলিত থাকে না। তাই প্রসাদ-এর ফ্র্যাঞ্চাইজি যে-কারওর হাতে তুলে দেওয়া যায় না। তবে কেউ যদি প্রশিক্ষণ নিয়ে নিজের মতো খাবারের ব্যবসা করতে চান, সেটা করতে পারেন, আবার প্রসাদ-এর সঙ্গেও যুক্ত হতে পারেন।

**কর্মক্ষেত্র:** *আমাদের পাঠকরা বিনামূল্যে তথ্য-পরামর্শের জন্য আপনার সঙ্গে কথা বলতে পারেন কি?*

**সুজিত দত্ত:** নিশ্চয়ই পারেন। আমার ফোন নম্বর: ৮৭৭৭৪-৮২১৬২।

> নিম্নবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ঘুঘনি-রুটি বিক্রি করে পরিবার প্রতিপালন করতেন। জীবনের বিশেষ কোনও লক্ষ্যও ছিল না আমার। এই পরিস্থিতিতে উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করে যখন আমি কার্যত দিগভ্রান্ত, সেসময় প্রয়াসম-এর সংস্পর্শে আসি। ২০১৬-য় প্রয়াসম থেকে আমায় মার্কিন যুক্তরাষ্ট্রে পাঠানো হল আর্লি চাইল্ডহুড ডেভেলপমেন্ট বিষয়ে একটি প্রশিক্ষণ নেওয়ার জন্য।

# ব্রডকাস্ট জার্নালিজম ও বই প্রকাশের ডিগ্রি কোর্স

**হাতে-কলমে কাজ শিখে দক্ষতা বৃদ্ধির ওপর বিশেষ জোর দিচ্ছে কেন্দ্রীয় সরকার। ভোকেশনাল বিষয়েও ব্যাচেলর্স ডিগ্রি (বি ভোক) পড়া যাচ্ছে এখন। রাজারহাটের ডিরোজিও মেমোরিয়াল কলেজে দু'টি বি-ভোক কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হচ্ছে জুন মাসেই।**



**নিজস্ব প্রতিনিধি:** কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুসারে বৃত্তিমূলক শিক্ষার ডিগ্রি কোর্স পড়া যাচ্ছে এখন। আদ্যন্ত কর্মমুখী এই শিক্ষাপ্রকল্পে হাতে-কলমে কাজের বিভিন্ন ক্ষেত্রে উপযোগী কারিগরি দক্ষতা অর্জনের ওপর জোর দেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক ভোকেশনাল শাখায় এই ডিগ্রি কোর্স (বি ভোক) চালু করেছে তারুণ্যের সঙ্গে কর্ম-দক্ষতার মেলবন্ধনের লক্ষ্য নিয়ে। উল্লেখ্য, এই মুহূর্তে ভারতের মোট জনসংখ্যার গড় বয়স ৩০ বছরের নীচে।

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের স্কিল ডেভেলপমেন্ট ব্যুরোর তদারকিতে তৈরি হয়েছে বি ভোক কোর্সগুলির পাঠ্যক্রম। বি ভোক বা ব্যাচেলর অব ভোকেশন প্রথাগত স্নাতকস্তরের বি এ, বি এসসি বা বি কম ডিগ্রির সমতুল।

## কোথায় পড়বেন

রাজারহাটের ডিরোজিও মেমোরিয়াল কলেজে দু'টি বি ভোক কোর্স পড়ানো হয়— •ব্রডকাস্ট জার্নালিজম •প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং।

## কী পড়বেন

ব্রডকাস্ট জার্নালিজম এবং প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং— দু'টি কোর্সেই হাতে-কলমে শিক্ষার ওপর বিশেষ জোর দেওয়া হয়। এজন্য রয়েছে ওয়েব স্ট্রিমিংয়ের সুবিধা, ব্রডকাস্ট ও মুভি ক্যামেরা, ড্রোন ক্যামেরা, টিভি অ্যাঙ্করিংয়ের জন্য টেলিপ্রম্পটার।

প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিং-এ শেখানো হয় গ্রাফিক কমিউনিকেশন, বুক প্রিন্টিং ও প্রোডাকশন প্রসেস, এডিটিং, প্রুফ চেকিং, কালার রিপ্রোডাকশন, আর্টিস্টিক ম্যানেজমেন্ট, ডিজিটাল প্রি-প্রেস ও টাইপোগ্রাফি।

ব্রডকাস্ট জার্নালিজমে সাংবাদিকতার পাঠ দেওয়ার পাশাপাশি শেখানো হয় ক্যামেরা হ্যান্ডলিং, ডিজিটাল এডিটিং, পোস্ট প্রোডাকশন, সাউন্ড এডিটিং, অ্যানিমেশন ও ভি ই এক্স বা স্পেশ্যাল এফেক্টস। এছাড়াও অডিও ভিশুয়াল মিডিয়ার জন্য খবর তৈরি করা, তথ্যচিত্র বানানো, ২৪×৭ নিউজ পোর্টালের ওয়েব ডেস্কে কাজ করা, খবর পোস্ট করা পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত।

ডিরোজিও মেমোরিয়াল কলেজের বি ভোক প্রোগ্রামের দায়িত্বপ্রাপ্ত নোডাল অফিসার অনির্বাণ বসুরায়চৌধুরী জানাচ্ছেন, এই দু'টি বিষয়ে বি ভোক পড়ার ক্ষেত্রে চয়েস বেসড ক্রেডিট সিস্টেম পদ্ধতিতে

এরপর চোদ্দোর পাতায়

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্যারামেডিক্যাল টেকনোলজিস্টদের গুরুত্ব বাড়ছে

**সরকারি-বেসরকারি স্বাস্থ্যপ্রতিষ্ঠানে দক্ষ প্যারামেডিক্যাল কর্মীদের চাহিদা বাড়ছে। চলতি বছরেই সরকারি হাসপাতালগুলিতে ২,২০০ জন প্যারামেডিক্যাল কর্মী নিয়োগ করবে রাজ্য সরকার। পশ্চিমবঙ্গে প্যারামেডিক্যাল প্রযুক্তির বিভিন্ন শাখায় প্রশিক্ষণ দেয় স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি। এ বছরের প্রবেশিকা পরীক্ষা ৮ জুলাই। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা এখনই অনলাইন আবেদন করতে পারেন। বয়সের উর্ধ্বসীমা নেই।**



স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন ৮ জুলাই

**নিজস্ব প্রতিনিধি:** আধুনিক চিকিৎসাব্যবস্থায় রোগ-নির্ণয় পদ্ধতি অনেকটাই প্রযুক্তিনির্ভর। ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে অত্যাধুনিক চিকিৎসা-সরঞ্জাম ব্যবহার করে রোগীর শারীরিক পরিস্থিতি পর্যবেক্ষণের কাজটি করেন দক্ষ প্যারামেডিক্যাল টেকনোলজিস্ট ও টেকনিশিয়ানরা। স্বাস্থ্য-পরিষেবা ক্ষেত্রে চিকিৎসক, নার্সের পাশাপাশি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তাঁরা। সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে আরও ভালো ও উন্নত পরিষেবা দিতে সম্প্রতি এক লপ্তে প্রায় ২,২০০ জন প্যারামেডিক্যাল টেকনোলজিস্ট নিয়োগ করতে চলেছে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর।

পশ্চিমবঙ্গ সরকারের প্রতিষ্ঠান স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল প্যারামেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখায় প্রশিক্ষণ দিয়ে থাকে। পড়ানো হয় বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ, হাসপাতাল এবং স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি স্বীকৃত প্রতিষ্ঠানগুলিতে। একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি নেওয়া হয়। স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৮ শীর্ষক এ বছরের প্রবেশিকা পরীক্ষা ৮ জুলাই।

## কী পড়বেন

স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল অনুমোদিত সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে প্যারামেডিক্যাল টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পড়া যায় এইসব বিষয়ে— •ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি এম এল টি-টেক) •ডিপ্লোমা ইন রেডিওগ্রাফি-ডায়াগনস্টিক (ডি আর ডি-টেক) •ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি (ডি পি টি) •ডিপ্লোমা ইন রেডিওথেরাপিউটিক টেকনোলজি (ডি আর টি-টেক) •ডিপ্লোমা ইন অপ্টোমেট্রি উইথ অপথ্যালমিক টেকনিক (ডি ও পি টি) •ডিপ্লোমা ইন নিউরো ইলেক্ট্রো ফিজিওলজি (ডি এন ই পি) •ডিপ্লোমা ইন পারফিউশন টেকনোলজি (ডি পি এফ টি) •ডিপ্লোমা ইন ক্যাথ-ল্যাব টেকনিশিয়ান (ডি সি এল টি) •ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (ডি সি সি টি) •ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিক (ডায়ালিসিস টেকনিশিয়ান) •ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (ডি ও টি টি) •ডিপ্লোমা ইন ডায়াবিটিস কেয়ার টেকনোলজি (ডি ডি সি টি) •ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফিক টেকনিক (ই সি জি টেকনিশিয়ান)।

প্রতিষ্ঠানগুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.smfwb.in ২ বছরের কোর্স শেষে ৬ মাসের হাতে-কলমে প্রশিক্ষণ বাধ্যতামূলক। প্রশিক্ষণ চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ২,০০০ টাকা।

## কারা পড়বেন

ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ তরুণ-তরুণীরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রতিটি বিষয়ে অন্তত পাশ নম্বর থাকতে হবে। বয়স: ১-৯-২০১৮ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

## কোথায় পড়বেন

স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল কর্তৃক অনুমোদিত ৬৭টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ১৩টি প্যারামেডিক্যাল কোর্স পড়ানো হয়। সব মিলিয়ে আসনসংখ্যা প্রায় ২,০৯৪। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানগুলিতে আসনসংখ্যা ১,১৭৬। স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির সচিব দিলীপকুমার ঘোষ 'কর্মক্ষেত্র'-কে জানালেন, আধুনিক চিকিৎসাপদ্ধতির উন্নতির কথা মাথায় রেখে আগের তুলনায় কোর্স ও আসনসংখ্যা বাড়ানো হয়েছে। সঠিক পরিকাঠামো আছে কিনা তা দেখে তবেই বেসরকারি প্রতিষ্ঠানগুলিকে কোর্স করানোর অনুমোদন দেওয়া হয় বলে জানান তিনি। সব ক্ষেত্রেই সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হয়।

## পড়ার খরচ

স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গলের তরফে জানানো হয়েছে, সরকারি প্রতিষ্ঠানে ২ বছরের কোর্স ফি ৩০,০০০ টাকা। প্রথম বছরের ফি বাবদ ১৫,০০০ টাকা জমা দিতে হবে কাউন্সেলিংয়ের সময়। দ্বিতীয় বর্ষের শুরুতে দিতে হবে বাকি ১৫,০০০ টাকা। বেসরকারি প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে ফি কিছুটা বেশি হতে পারে।

## আবেদনের পদ্ধতি

অনলাইন আবেদন করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.smfwb.in বা www.smfwbee.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১১ জুন। অনলাইন আবেদনের সময় প্রার্থীর রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন বা অফলাইনে দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। অফলাইনে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর একটি অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং কনফার্মেশন পেজের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। আবেদনপত্রের প্রিন্ট আউটটি পাঠাতে হবে।

### আবেদনপত্রের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

✓উচ্চমাধ্যমিক পরীক্ষার মার্কশিট এবং মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল

✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল

✓ব্যাঙ্ক চালানের নকল (অফলাইনে ফি জমা দিয়ে থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ১১ জুনের মধ্যে সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Post Bag No.781, Circus Avenue Post Office, Kolkata-700 001.

## প্রার্থী বাছাই

প্রার্থী বাছাই করা হবে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৮-

*এরপর চোদ্দোর পাতায়*







www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# প্যারামেডিক্যাল টেকনোলজিস্টদের গুরুত্ব বাড়ছে

তেরোর পাতার পর

র মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই। পরীক্ষা নেওয়া হবে দু'টি সেকশনে। সেকশন-এ-তে ৫০ নম্বরের প্রশ্ন হবে ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ে। সেকশন-বি-তে ৫০ নম্বরের প্রশ্ন থাকবে বায়োলজি বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২০ জুন থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.smfwbee.in

পরীক্ষা নেওয়া হবে এই জেলাগুলির বিভিন্ন কেন্দ্রে (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড): কলকাতা (০১), বাঁকুড়া (০২), বর্ধমান (০৩), শিলিগুড়ি (০৪), মেদিনীপুর (০৫), মালদা (০৬), নদিয়া (০৭) এবং মুর্শিদাবাদ (০৮)।

প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তৈরি মেধাতালিকা অনুযায়ী কাউন্সেলিংয়ের মাধ্যমে কোর্স নির্দিষ্ট করা হবে। সেশন শুরু হবে সেপ্টেম্বরে।



### চাকরির সুযোগ

প্রশিক্ষিত এবং দক্ষ প্যারামেডিক্যাল কর্মীদের চাকরির সুযোগ আছে সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, মাল্টিস্পেশ্যালিটি ও সুপার স্পেশ্যালিটি হাসপাতাল, নার্সিংহোম এবং বিভিন্ন ডায়াগনস্টিক সেন্টারে। মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান, রেডিওথেরাপিস্ট, ল্যাবরেটরি টেকনিশিয়ান, মেডিক্যাল টেকনোলজিস্ট পদে পেশাদারদের নিয়োগ করা হয় ন্যাশনাল আর্বান হেলথ মিশন, ন্যাশনাল হেলথ মিশন, টিউবারক্যুলোসিস কন্ট্রোল প্রোগ্রামের মতো বিভিন্ন সরকারি প্রকল্পে। নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন, ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো), স্টিল অথরিটি অব ইন্ডিয়া প্রভৃতি রাষ্ট্রায়ত্ত সংস্থাতেও চাকরির সুযোগ রয়েছে। এছাড়াও দেশের সামরিক ও আধাসামরিক বাহিনী (সি আর পি এফ, বি এস এফ, আই টি বি পি, সি আই এস এফ) এবং রেলেও প্যারামেডিক্যাল কর্মী নিয়োগ করা হয়। শিল্প-বাণিজ্য ও পরিষেবা সংস্থার চিকিৎসা বিভাগেও চাকরি পেতে পারেন বিভিন্ন শাখার প্যারামেডিক্যাল কর্মীরা কিংবা নিজের উদ্যোগে ক্লিনিক খুলে স্বাস্থ্য-পরিষেবা দিতে পারেন।

অনলাইন আবেদন করতে গিয়ে কোনও অসুবিধায় পড়লে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৬৭৪৫-২৪০৭৭, ৯৬৭৪৭-৮৫৯৫৩ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)। ই-মেল: smfwbhelp@gmail.com

প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: ১৪ সি, বেলেঘাটা মেন রোড, কলকাতা-৭০০ ০৮৫। ফোন: (০৩৩)২৩৭২-০১৮৫।

# আধুনিক অফিস সামলানোর প্রশিক্ষণ

নয়ের পাতার পর

### কী পড়বেন

উইমেনস পলিটেকনিকের মডার্ন অফিস প্র্যাক্টিস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভাগীয় প্রধান সুনীতা দাস কর্মক্ষেত্রকে জানালেন, কোনও অফিস কীভাবে পরিচালিত হয় সে বিষয়ে বিশদে শেখানো হয় এই কোর্সে। যেসব বিষয় শেখানো হয়, তার মধ্যে রয়েছে— কম্পিউটারাইজড ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং (ট্যালি), সেক্রেটারিয়াল প্র্যাক্টিস, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট, মার্কেটিং ম্যানেজমেন্ট, বিজনেস ম্যাথমেটিক্স, বিজনেস ইকনমিক্স, ব্যাঙ্কিংয়ের রীতিনীতি, মাল্টিমিডিয়া প্রভৃতি। তিনি আরও জানান, তিন বছর মেয়াদের কোর্সটির গুরুত্বপূর্ণ অংশ হল দেড় মাসের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং। প্রশিক্ষণ চলাকালীন বিভিন্ন সংস্থায় গিয়ে অফিস ম্যানেজমেন্টের কাজ দেখার ও করার সুযোগ থাকে।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টার প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির কোর্স কো-অর্ডিনেটর আশিস মণ্ডল জানালেন, তাঁদের প্রতিষ্ঠানে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে পড়ানো হয় ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, অফিস ইক্যুইপমেন্ট অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম, এন্ট্রিপ্রেনারশিপ অ্যান্ড পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট, অফিস অ্যাডমিনিস্ট্রেশন, রেকর্ড ম্যানেজমেন্ট ইত্যাদি। জোর দেওয়া হয় কম্পিউটার ব্যবহারে দক্ষতা অর্জন, ইংরেজিতে কথোপকথন, অফিসিয়াল ডকুমেন্ট বা রিপোর্ট রাইটিংয়ের খুঁটিনাটি বিষয়ে।

### চাকরির সুযোগ

অধ্যাপিকা সুনীতা দাস জানান, মডার্ন অফিস ম্যানেজমেন্টে প্রশিক্ষণপ্রাপ্তরা চাকরি পেতে পারেন অ্যাকাউন্টস, রেকর্ড ম্যানেজমেন্ট, ডকুমেন্টেশন কিংবা মার্কেটিং বিভাগে। চাকরি হতে পারে বিভিন্ন হাসপাতাল বা হসপিটালিটি ইন্ডাস্ট্রিতেও।

প্রশিক্ষিতদের অফিস কো-অর্ডিনেটর পদে চাকরির সুযোগ আছে বলে জানালেন আশিস মণ্ডল। শুধু সদ্য গ্র্যাজুয়েটরাই নন, কর্মরতরাও নিজেদের দক্ষতা বাড়িয়ে নেওয়ার জন্য এই কোর্সে ভর্তি হন বলে জানান তিনি।

### ভর্তির প্রক্রিয়া

**উইমেনস পলিটেকনিকের ক্ষেত্রে** প্রার্থী বাছাই করা হয় শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.webscte.org আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দিতে হবে। ফি বাবদ নগদ ৫০০ টাকা (কন্যাশ্রী ভাতাপ্রাপ্তদের ক্ষেত্রে ২৫০ টাকা)-সহ যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ৬ জুনের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: উইমেনস পলিটেকনিক, ১/১/২, গড়িয়াহাট রোড, কলকাতা-৭০০ ০৬৮। আবেদনপত্র জমা নেওয়া হবে সকাল ১১টা থেকে বিকেল ৪টে (শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা) পর্যন্ত। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৪৭৩-৬৪৪৮।

**নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের** বিভিন্ন স্টাডি সেন্টারে আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া চলছে। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করতে পারেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই স্টাডি সেন্টারগুলিতে—

- প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভারত সেবাশ্রম সঙ্ঘ) (পি-২১), বালিগঞ্জ, ভারত সেবাশ্রম সঙ্ঘ মেডিক্যাল সেন্টারের কাছে। ফোন: ৯৮৩০২-১৬০৫৬, ৯৩৩১২-৫৬৯৩৪। ওয়েবসাইট: www.pimtonline. com
- মুরাগাছা গভর্নমেন্ট কলেজ, গ্রাম ও পোঃ মুরাগাছা, পুলিশ স্টেশন-নাকাশিপাড়া, জেলা- নদিয়া, পিন-৭৪১ ১৫৪। ফোন: ৯৮৩১২-২৩৮০৩, ৮৯৭২০-০৯০৪৫।
- নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট (ভি-৪৮), রাজিনগর, মুর্শিদাবাদ, পিন-৭৪২ ১৮৯। ফোন: ৯৭৩৩০-৭০৬৯৪, ৯৪৩৪৮-৮২৪৭১।
- অঞ্জলি অ্যাকাডেমি অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভি-৫০), সেকেন্ড ফ্লোর, কৃষ্ণ অ্যাপার্টমেন্ট, ৩/এ নিত্যানন্দ নগর, হাওড়া-৭১১ ১০৯। ফোন: ৯৭৪৮০-৫২৩৯৩, ৯৪৩৪৪-৫৩১৪৪।

ভর্তির জন্য ফি বাবদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে উপরোক্ত স্টাডি সেন্টারগুলি থেকে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন। আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

# ব্রডকাস্ট জার্নালিজম ও বই প্রকাশের ডিগ্রি কোর্স

বারোর পাতার পর

ছাত্রছাত্রীরা তাদের পছন্দমতো আরও দু'টি বিষয় নিয়ে পড়ার সুযোগ পান। যেমন— প্রথাগত বিষয়গুলি ছাড়াও তাঁরা বিষয় হিসেবে বাছতে পারেন ফটোগ্রাফি, কমিউনিকেটিভ ইংলিশ, অ্যাকাউন্টিং অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট ইত্যাদি। পঠনপাঠন-সংক্রান্ত যাবতীয় সুযোগ-সুবিধা ও পরিকাঠামোগত সহায়তা কলেজ কর্তৃপক্ষই প্রদান করেন। হ্যান্ডস অন ট্রেনিংয়ে প্র্যাক্টিক্যাল অ্যাসাইনমেন্ট হিসেবে বিজ্ঞাপন, শর্ট ফিল্ম, নির্বাক ফিল্ম বানাতে হয়। কাজের কিছু নমুনা মিলবে 'ডিরোজিও মেমোরিয়াল কমিউনিটি কলেজ বি ভোক প্রোগ্রাম' ইউ টিউব চ্যানেলে।

অনির্বাণবাবু জানান, থিওরি ও প্র্যাক্টিক্যালের পাশাপাশি রয়েছে কন্টিনিউয়াস অ্যাসেসমেন্ট, যেখানে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের সবরকম সহায়তা দেওয়া হয়। দু'টি পাঠ্যক্রমেই মূলত বিভিন্ন মিডিয়া ও প্রিন্টিং হাউসের দক্ষ মানুষরা ক্লাস নেন। কোর্সের শেষে ইন্টার্নশিপ ও প্লেসমেন্টেরও বন্দোবস্ত করা হয়।

### কারা পড়বেন

যে-কোনও বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণরা আবেদন করতে পারেন।

দু'টি কোর্সের ক্ষেত্রেই ভর্তির সময় দিতে হয় ৫,০০০ টাকা, এছাড়া প্রতি মাসে ৬০০ টাকা। অর্থাৎ বার্ষিক ফি ১২,২০০ টাকা। আবেদনের ভিত্তিতে প্রয়োজনীয়তা যাচাই করে স্কলারশিপ দেওয়া হয়।

ভর্তির প্রক্রিয়া শুরু হচ্ছে জুন মাসেই। জুন মাসের প্রথম সপ্তাহ থেকে আবেদনের ফর্ম পাওয়া যাবে এই দু'টি ওয়েবসাইট থেকে: www.dmc.ac.in এবং www.dmcbvocccs.in এ-সংক্রান্ত আরও তথ্যের জন্য যোগাযোগ করুন ছুটির দিন বাদে যে-কোনও কাজের দিন দুপুর ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে এই মোবাইল নম্বরে: ৯৮৩০৫-৫১৭৭৪।

# দেশে-বিদেশে সবজি ফল ফুল বিপণনের মাধ্যমে ব্যবসার দারুণ সুযোগ

নয়ের পাতার পর



পশ্চিম এশিয়ার দেশগুলিতে বছরভরই বাংলাদেশের ব্যবসায়ীরা প্রচুর সবজি রপ্তানি করেন। কিন্তু পটল ও কাঁকরোলের বাজার শাসন করে পশ্চিমবঙ্গ। সেখানে বাংলার নটে বা কলমী শাক, কচুরলতির জয়গাথাও লেখা হয়ে গেছে অনেক আগেই।

কয়েক বছর আগে এ রাজ্যের মাটিতে জন্মানো ডবল-স্টিক রজনীগন্ধা নেদারল্যান্ডসে আন্তর্জাতিক ফুলের বাজারে এ-ওয়ান স্বীকৃতি পায়। সেই রজনীগন্ধা উৎপাদিত হতো উত্তর ২৪ পরগনার রাজারহাটে। রজনীগন্ধার মতোই বিভিন্ন প্রজাতির গোলাপেরও দারুণ কদর বিদেশে। একইভাবে বঙ্গের আম, জাম, লিচু, পেয়ারা, কাঁঠালের বাজার তেজি লন্ডনে। লন্ডন থেকে এইসব ফল ছড়িয়ে পড়ে বৃহত্তর ইংল্যান্ড এবং ইউরোপের বাজারে।

দেশের মধ্যেও বাংলার সবজি আর ফল কম বাণিজ্য করে না। বেনারস, মথুরা, বৃন্দাবনে যায় এ রাজ্যের ফুল। এ রাজ্যে খুব ভালো মানের স্ট্রবেরির চাষ হচ্ছে এখন। সেখানেও দেখা দিয়েছে বাণিজ্য-সম্ভাবনা।

জমির ব্যবস্থা থাকলে একা বা কয়েকজন মিলে রপ্তানিযোগ্য ফসলের চাষ এবং রপ্তানির ব্যবসা একইসঙ্গে করা যায়। আবার ব্যক্তিগতভাবে এগুলির চাষ না করলেও চলে। বাজার থেকে বা সরাসরি চাষিদের কাছ থেকে জিনিসগুলো সংগ্রহ করে বিপণন করা যায়। তবে চাষিদের কাছ থেকে পণ্য সংগ্রহ করাই শ্রেয়। কারণ রপ্তানির জন্য সবজি, ফুল বা ফলের নির্দিষ্ট গুণমান থাকতে হয়। যেমন, আমের গায়ে গড়িয়ে আসা কষের ছাপ থাকলে বা কার্বাইডে পাকানো হলে সে আম বাতিল হবে। রপ্তানিযোগ্য ভেন্ডির দৈর্ঘ্য দুই থেকে আড়াই ইঞ্চির বেশি হলে চলবে না। ভেন্ডির গায়ের রোঁয়া অক্ষত থাকতে হবে। রপ্তানি করা সামগ্রী বিক্রির জন্য বাজারে পৌঁছতে বেশ কয়েকদিন। তা সত্ত্বেও সেগুলি তরতাজা থাকা চাই। তাছাড়া এসব পণ্যই পচনশীল। সেজন্যই বাক্সবন্দি করে পাঠানোর সময় নিতে হয় বাড়তি সতর্কতা। মেনে চলতে হয় নির্দিষ্ট কিছু আইনকানুন। সেইসঙ্গে বিদেশের নিরাপদ ক্রেতা খুঁজে পাওয়া, লাভ-সহ জিনিসের দাম ফেরত পাওয়ার জন্য নির্দিষ্ট পদ্ধতি রয়েছে। তাই স্বল্প মেয়াদের হলেও রপ্তানি ব্যবসার প্রশিক্ষণ নিতে পারলে সুবিধা হয়।

### কোথায় প্রশিক্ষণ

এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট সবজি, ফল ও ফুলের রপ্তানি ব্যবসার ৫ সপ্তাহের প্রশিক্ষণ দিচ্ছে। 'এক্সপোর্ট ওরিয়েন্টেড ট্রেনিং ইন ফ্লোরিকালচার, হর্টিকালচার অ্যান্ড অ্যালায়েড বিজনেস' নামের এই প্রশিক্ষণ কোর্সটিতে যেসব বিষয় সম্পর্কে পড়ানো হয় তার মধ্যে রয়েছে— রপ্তানিযোগ্য সবজি, ফল ও ফুলের চাষে উন্নত প্রযুক্তির ব্যবহার, উন্নতমানের সবজি উৎপাদন ও তার বিজ্ঞানসম্মত রক্ষণাবেক্ষণ, ফুলের চাষ, ফলের বাগান তৈরি, দেশের মধ্যে ও আন্তর্জাতিক বাজারে বিপণন, রপ্তানির নিয়মকানুন, রপ্তানির ব্যবসায় সরকারি সহায়তার ব্যবস্থা, পণ্যের দরদাম স্থির করার পদ্ধতি, ক্রেতাদের সঙ্গে যোগাযোগের পদ্ধতি, আমদানি-রপ্তানি সংক্রান্ত নিয়মকানুন। এসবের সঙ্গে থাকবে ফিল্ড ভিজিট, প্রোজেক্ট তৈরি, রপ্তানিকারকদের সঙ্গে সাক্ষাৎ।

শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। বয়সের বিধিনিষেধ নেই। সপ্তাহে ৩ দিন— সোম, বুধ, শুক্র ক্লাস। ফি ৬,০০০ টাকা, সঙ্গে ১৮ শতাংশ হারে জি এস টি যুক্ত হবে।

সংস্থার ডিরেক্টর এম এন মাইতি জানালেন, এই প্রশিক্ষণ সম্পূর্ণ করার পর রপ্তানি বা দেশের মধ্যেই বিপণন-ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ পাবেন।

পরবর্তী ব্যাচের কোর্স শুরু হবে জুনে। ভর্তির জন্য এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই), ব্লক: আই বি, প্লট-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.org

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সোশ্যাল ওয়ার্কের কোর্স

**সামাজিক কাজকে পেশা হিসেবে নিতে চাইলে পড়তে পারেন সোশ্যাল ওয়ার্ক। সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থায় চাহিদা রয়েছে প্রশিক্ষিত ও দক্ষ কর্মীর। বিভিন্ন প্রতিষ্ঠানে পড়ানো হয় সোশ্যাল ওয়ার্কের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। এখন ভর্তি চলছে।**



**নিজস্ব প্রতিনিধি:** সমাজের পিছিয়ে পড়া মানুষের আর্থ-সামাজিক পরিস্থিতির উন্নতি ঘটানোর কাজে আগ্রহ থাকলে সমাজসেবার পেশার কথা ভাবতে পারেন। সামাজিক কাজের পরিসরটা অনেক বড়। শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্র্য, নারী ও শিশু পাচার, জন্মনিয়ন্ত্রণ, সামাজিক সচেতনতা বৃদ্ধি, বয়স্ক মানুষদের দেখভাল কিংবা পরিবেশ রক্ষার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রতিনিয়ত কাজ হয়ে চলেছে। একাধিক উন্নয়নমুখী প্রকল্প চালু করার মধ্য দিয়ে সামাজিক উন্নয়নের কাজটি কেন্দ্রীয় বা রাজ্য সরকারও করে থাকে। তবে সেই প্রকল্পের যাবতীয় সুযোগ বাস্তবায়িত হচ্ছে কিনা বা প্রকৃত উপভোক্তার হাতে পৌঁছচ্ছে কিনা, তা দেখার দায়িত্ব অনেকটাই নিজেদের হাতে তুলে নেন সমাজসেবকরা। দেশি এবং আন্তর্দেশীয় বিভিন্ন সংস্থা এ কাজে অগ্রণী।

এ পেশায় কিছু ঝুঁকি আছে, কারণ সামাজিক উন্নয়নের কাজে অনেক সময়ই স্থানীয় স্বার্থান্বেষীদের বাধার মুখোমুখি হতে হয়। তার জন্য যে-বিষয় নিয়ে কাজ করছেন সেটি নির্ভুলভাবে জানার পাশাপাশিই জানতে হয় আইন, সংবিধান, জনমনস্তত্ত্ব এবং জনমতের সঠিক ব্যবহার। এই ধরনের কাজে আগ্রহ থাকলে, পড়তে পারেন সোশ্যাল ওয়ার্কের কোর্স। জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ এবং দুর্গাপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি সোশ্যাল ওয়ার্কের ডিগ্রি ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়িয়ে থাকে।

## কোথায় পড়বেন

**•জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ**

সোশ্যাল ওয়ার্কে ৩ বছরের স্নাতক ডিগ্রি কোর্স পড়ায় জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ। ইউ জি সি স্বীকৃত এই কোর্সটি পড়ানো হয় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের 'স্কুল অব সোশ্যাল ওয়ার্ক' বিভাগের সঙ্গে যৌথ উদ্যোগে। যে-কোনও বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ হলেই আবেদন করা যায়। পড়ার খরচ ৫০,০০০টাকা।

এছাড়া এখানে দু'বছরের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সও পড়ানো হয়। যে-কোনও বিষয় নিয়ে স্নাতক হলেই আবেদন করা যায়। পড়ার খরচ ৮০,২০০ টাকা।

দু'টি কোর্সের ক্ষেত্রেই কিস্তিতে টাকা দেওয়ার সুযোগ আছে। ভর্তি নেওয়া হবে 'আগে এলে আগে ভর্তি' প্রক্রিয়ায়। আবেদনের শেষ তারিখ ২৯ জুন। বিশদে জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: www.jpinstitute.org/vssw অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ, ডি ডি-১৮/৪/১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০০৬৪। প্রয়োজনে তথ্যের জন্য ফোন করতে পারেন এই ফোন নম্বরে: (০৩৩) ২৩৩৭-৬৬৯৫, ৯৮৩০২-৮২৯৭৯।

**•ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি, দুর্গাপুর**

এই শিক্ষাপ্রতিষ্ঠানে পড়ানো হয় সোশ্যাল ওয়ার্কের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স। ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয় নিয়ে স্নাতক হলে আবেদন করা যাবে।

ভর্তি নেওয়া হবে একটি প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষার মোট নম্বর ১০০। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধাঁচের প্রশ্ন হবে সমসাময়িক বিষয় (মোট নম্বর ৩০), রিজনিং (মোট নম্বর ২০) এবং জেনারেল অ্যাওয়ারনেস (মোট নম্বর ২০) বিষয়ে।

## কাজের সুযোগ

জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জয়দেব মজুমদার কর্মক্ষেত্রকে জানালেন, যেসব সংস্থা কোনও না কোনওভাবে সামাজিক কাজের সঙ্গে যুক্ত, সেখানে চাকরির ক্ষেত্রে সোশ্যাল ওয়ার্কের ডিগ্রি থাকলে অগ্রাধিকার পাওয়া যায়। কেন্দ্র ও রাজ্য সরকারের সমাজকল্যাণ বিভাগ, পঞ্চায়েত এবং গ্রামীণ উন্নয়ন বিভাগে, সংশোধনাগার ও নগর উন্নয়ন দপ্তরে, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে একজন প্রশিক্ষিত সোশ্যাল ওয়ার্কার থাকা এখন আবশ্যিক। কর্পোরেট সংস্থার কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি (সি এস আর) বিভাগেও এই বিষয়টি জানা দক্ষ কর্মীর চাহিদা আছে। দেশি-বিদেশি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা সোশ্যাল ওয়ার্কের প্রশিক্ষিত পেশাদারদের নিয়োগ করে থাকে। জয়দেববাবু জানালেন, প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা সিনি, হোপ ফাউন্ডেশন, বিভিন্ন জেলাস্তরের চাইল্ড লাইন, ম্যাজিক বাস, জাস্টিস অ্যান্ড কেয়ারের মতো বিভিন্ন সংস্থায় উচ্চপদে কাজ করছেন। অন্যদিকে, ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি-র ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে নিয়মিত কর্মী নিয়োগ করে রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি, ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশন, আজিম প্রেমজি ফাউন্ডেশন, ইউনেসকো, রেড ক্রস সোসাইটির মতো বিভিন্ন সংস্থা।

# পেশা যখন প্যাকেজিং

**প্যাকেজিং টেকনোলজি আধুনিক বিপণন প্রক্রিয়ার অপরিহার্য অংশ। প্যাকেটের বহিরঙ্গের সজ্জার ওপর পণ্যের বাজার অনেকাংশে নির্ভরশীল। তাই এই পেশায় প্রশিক্ষিত কর্মীর চাহিদাও প্রচুর। প্যাকেজিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং। এখনই আবেদন করতে পারেন।**




**নিজস্ব প্রতিনিধি:** দোকান থেকে কোনও পণ্য কেনার সময় যে ব্যাপারটি ক্রেতাকে সবচেয়ে বেশি আকৃষ্ট করে তা হল রংচঙে বাহারি প্যাকেট। খাবার, প্রসাধনী, পোশাক— পণ্য যা-ই হোক না কেন, তার রুচিসম্মত ঝকঝকে প্যাকেজিং ক্রেতার দৃষ্টি আকর্ষণে অনেক বেশি সক্ষম। প্রতিযোগিতার বাজারে সমস্তরের অন্য সামগ্রীর চেয়ে এগিয়ে থাকতে সব সংস্থাই প্যাকেটের বাহ্যিক সাজসজ্জার ওপর বিশেষ গুরুত্ব দেয়।

প্যাকেজিংয়ের আন্তর্জাতিক বাজারের চার শতাংশ ভারতের দখলে। ২০২০-র মধ্যে এই শিল্পের ১৩-১৫ শতাংশ বৃদ্ধি হবে বলে আশা করা হচ্ছে। প্যাকেজিংয়ের কাঁচামাল প্রধানতপ্লাস্টিক ও কাগজ। এই শিল্পে কোনও কোনও সংস্থা শুধুমাত্র এই কাঁচামাল উৎপাদন করে। প্যাকেট ডিজাইন, প্যাকেট তৈরি এবং উৎপাদিত পণ্যকে প্যাকেটবন্দি করার জন্য কোনও কোনও সংস্থার নিজস্ব ইউনিট থাকে, আবার কখনও অন্য সংস্থার কাছেও বরাত যায়। যে কোনও স্তরেই প্রচুর প্রশিক্ষিত কর্মীর প্রয়োজন হয়। প্যাকেজিং ইন্ডাস্ট্রির কলেবর যত বৃদ্ধি পাচ্ছে, দক্ষ কর্মীর চাহিদাও ততই বাড়ছে।

## কোথায় পড়বেন

প্যাকেজিং টেকনোলজির দু'বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং। এই প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি স্বয়ংশাসিত সংস্থা। কোর্সটি ৪টি সেমেস্টারে বিভক্ত। পড়ার খরচ: ফি প্রতি সেমেস্টারে ৬৫,০০০ টাকা। এছাড়াও ভর্তির সময় জমা দিতে হয় এককালীন ৫৮,০০০ টাকা। এর মধ্যে ৩,০০০ টাকা ফেরতযোগ্য। ফাইনাল সেমেস্টারে স্টাইপেন্ড-সহ ইন্টার্নশিপের ব্যবস্থা রয়েছে।

## কারা পড়বেন

মূল বিষয় হিসেবে পদার্থবিদ্যা, রসায়ন, অঙ্ক বা মাইক্রোবায়োলজি নিয়ে স্নাতক অথবা কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিকস, বায়োকেমিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক অথবা বায়োটেকনোলজি, এগ্রিকালচার, ফুড সায়েন্স, পলিমার সায়েন্স, বি ফার্মা, প্লাস্টিক বা প্রিন্টিং টেকনোলজিতে স্নাতক। অন্তত দ্বিতীয় শ্রেণির নম্বর থাকলে আবেদন করা যাবে। ৩১ মে ২০১৮ তারিখে আবেদনকারীর বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

## কীভাবে ভর্তি

ভর্তি নেওয়া হবে একটি লিখিত প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ৮০ নম্বরের লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধাঁচের প্রশ্ন থাকবে অঙ্ক, পদার্থবিদ্যা, রসায়ন এবং বেসিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে। পরীক্ষা ১৪ জুন, কলকাতা-সহ দেশের পাঁচটি কেন্দ্রে।

এখন ভর্তি চলছে। আবেদনপত্র ও অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.iip-in.com ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। ডিমান্ড ড্রাফটটি Indian Institute of Packaging -এর অনুকূলে Mumbai-এ প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফট, অ্যাডমিট কার্ড, নিজের নাম-ঠিকানা লেখা দু'টি খাম এবং প্রয়োজনীয় নথিপত্রের নকল-সহ পূরণ করা আবেদনপত্র ৮ জুনের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: ইন্ডিয়ান ইনস্টিটিউ অব প্যাকেজিং, ব্লক সিপি-১০, সেক্টর -৫, সল্ট লেক সিটি, বিধান নগর, কলকাতা-৭০০ ০৯১। আবেদনের প্রক্রিয়া সম্পর্কে বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: (০৩৩)২৩৬৭-৬০১৬ অথবা (০৩৩)২৩৬৭-০৭৬৩।

## কাজের সুযোগ

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ের ডেপুটি ডিরেক্টর এবং কলকাতা কেন্দ্রের প্রধান, প্রফেসর বিধান দাস কর্মক্ষেত্রকে জানালেন, খাদ্যপ্রযুক্তি, ফার্মাসি, নিত্য ব্যবহার্য দ্রব্য উৎপাদনকারী বহুজাতিক সংস্থায় পেশাদারদের কাজের প্রচুর সুযোগ রয়েছে। ক্যাম্পাসিংয়ের মাধ্যমে হিন্দুস্থান ইউনিলিভার, জনসন অ্যান্ড জনসন, নেসলে ইন্ডিয়া, আই টি সি, ক্যাডবেরিজ ইন্ডিয়া, কোকাকোলা ইন্ডিয়া, ক্যাস্ট্রলের মতো সংস্থা নিয়মিত কর্মী নিয়োগ করে। তিনি জানালেন, কোর্স শেষে ক্যাম্পাসিংয়ের মাধ্যমে প্রায় সব ছাত্রছাত্রীই বিভিন্ন সংস্থায় চাকরি পেয়ে যান।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞান বিজ্ঞান



● একটি দাবার বোর্ডে মোট কতগুলি ঘর থাকে ?
উত্তর: ৬৪টি

● গোল্ড কোস্টে আয়োজিত কমনওয়েলথ গেমসে ভারত পদক তালিকায় কততম স্থান পেয়েছে?
উত্তর: তৃতীয়

● যে প্রক্রিয়ায় খনিজ পদার্থকে বায়ুর উপস্থিতিতে প্রচণ্ডভাবে উত্তপ্ত করা হয় তাকে বলে:
উত্তর: ক্যালসিনেশন

## জানার জানালা

### দক্ষিণের সাদা গন্ডার বাঁচাতে উদ্যোগ



বিশ্বের নানা প্রান্তে অরণ্যবাসী বন্যপ্রাণীরা একদিকে যেমন বাসস্থান হারিয়ে বিলুপ্তির দিকে এগিয়ে চলেছে তেমনই গবেষকদের একাংশও তাদের রক্ষা করতে ক্রমাগত চেষ্টা করে চলেছেন। বিপন্ন প্রাণীদের অনেককেই পৃথিবীর নানান দেশের চিড়িয়াখানায় সংরক্ষণ করা হলেও সব ক্ষেত্রে তারা স্বাভাবিক প্রজনন করে না। ফলে তাদের বংশবৃদ্ধি করিয়ে সংরক্ষণের আসল উদ্দেশ্যই সবসময়ে সাফল্য পায় না। সম্প্রতি ক্যালিফোর্নিয়ার সান দিয়েগো জু সাফারি পার্কে সাদার্ন হোয়াইট রাইনো 'ভিক্টোরিয়া'-র ক্ষেত্রে অন্য রাস্তা নিতে হয়েছে বিজ্ঞানীদের। কৃত্রিম গর্ভধারণ পদ্ধতির সাহায্যে এখন অন্তঃসত্ত্বা 'ভিক্টোরিয়া'। সাফারি পার্ক কর্তৃপক্ষ জানিয়েছেন বিপদগ্রস্ত এই প্রজাতির গন্ডারকে অবলুপ্তির হাত থেকে বাঁচাতে বিরাট ভূমিকা নিতে পারে এই পদ্ধতি।

### বিরল ব্ল্যাক প্যান্থারের দেখা মিলল দুই জঙ্গলে



ভারতীয় চিতাবাঘ বা লেপার্ড (*Panthera pardus*)-এর একটি কালার ভ্যারিয়ান্ট ব্ল্যাক প্যান্থারের দেখা মিলল ওড়িশা ও মহারাষ্ট্রের দুই জঙ্গলে। ওড়িশার বন দপ্তরের লুকানো ক্যামেরার সামনে ২২ মে দেখা দিয়েছে ব্ল্যাক প্যান্থার। সে রাজ্যের সুন্দরগড় জেলায় গর্জনপাহাড় রিজার্ভ ফরেস্টে দেখা মিলেছে তার। ওড়িশা হল ভারতের নবম রাজ্য যেখানে ব্ল্যাক প্যান্থার দেখা গেছে। ২৪ মে মহারাষ্ট্রের তাড়োবা-আন্ধেরি টাইগার রিজার্ভ-এ আরেকটি কালো চিতাবাঘের দেখা পান ভারতে নিযুক্ত এক বেলজিয়ান কূটনীতিক। ব্ল্যাক প্যান্থার বা মেলানিস্টিক লেপার্ড অবশ্য আলাদা কোনও প্রজাতি নয়। তারা ভারতীয় চিতাবাঘ বা লেপার্ডেরই একটি কালার ভ্যারিয়ান্ট। গায়ের লোমে রঞ্জক মেলানিনের আধিক্যই কালো রঙের জন্য দায়ী। ওড়িশার চিফ ওয়াইল্ড লাইফ ওয়ার্ডেন সন্দীপ ত্রিপাঠী সংবাদমাধ্যমকে ব্ল্যাক প্যান্থারের ক্যামেরায় ধরা পড়ার কথা জানান। লোকালয়ের সংস্পর্শ এড়িয়ে চলার জন্য সাধারণভাবে এদের দেখা পাওয়া অত্যন্ত কঠিন। ত্রিপাঠী জানিয়েছেন, ছবিতে পাওয়া ব্ল্যাক প্যান্থারটির মাকেও চিহ্নিত করা গেছে। সেটি কিন্তু একটি স্বাভাবিক লেপার্ড।

### ধরা পড়েও বন্যসত্তা বজায় উত্তরকন্যার



সম্প্রতি শিলিগুড়ি শহরে সেবক রোডের ওপর ব্যস্ত শপিংমল এলাকায় ঘাঁটি গেড়েছিল মহানন্দা অভয়ারণ্য থেকে ছিটকে আসা এক চিতাবাঘ। কয়েকদিন ধরে বনদপ্তরের চেষ্টায় খাঁচা পেতে তার মধ্যে কুকুরের টোপ দিয়ে ধরা হয় বাঘটিকে। দেখা যায় সেটি একটি পূর্ণবয়স্ক স্ত্রী চিতাবাঘ। একটি চোখে দৃষ্টি হারিয়েছে। বনাধিকারিকরা তার নাম রেখেছেন 'উত্তরকন্যা'। জলদাপাড়ার কাছে খয়েরবাড়ি রেসকিউ সেন্টারে রাখার পর তার বন্যসত্তা নজর কেড়েছে বনদপ্তরের বিশেষজ্ঞদের। ক্ষুধার্ত থাকা সত্ত্বেও সুস্বাদু মুরগি, গোরু বা মোষের মাংস কাটা অবস্থায় তাকে দিলে ফিরেও তাকাচ্ছে না সে। অন্য লেপার্ডদের মতো প্রথম দিকে রেসকিউ সেন্টারের কর্মীরা তার সামনে যে ভাবে খাবার পরিবেশন করতেন তাতে দিনের পর দিন অভুক্তই থাকতে হত। শেষ পর্যন্ত তাকে শিকার করে খাওয়ার স্বাধীনতা দিতে বাধ্য হয়েছেন বনকর্তারা। দিনে তিনটি মুরগির ডায়েটে আপাতত সমাধান হয়েছে তার খাদ্যসমস্যা। জলদাপাড়ার বিভাগীয় বনাধিকারিক জানিয়েছেন যে, কোনও মাংসাশী বন্যপ্রাণীর শিকারের স্বাভাবিক অভ্যাস ভুলতে অনেক সময় লাগে। 'উত্তরকন্যা'-র ক্ষেত্রেও তা-ই হয়েছে।



● মটর গাছের আকর্ষ কোন অঙ্গের রূপান্তর?
উত্তর: পাতা

● নিপা (NIPA) ভাইরাসের সংক্রমণের খবর প্রথম কোন দেশে জানা গিয়েছিল?
উত্তর: মালয়শিয়া

● অ্যামিবার গমন অঙ্গের নাম কী?
উত্তর: ক্ষণপদ বা সিউডোপোডিয়া

● জোড়পোখরি অভয়ারণ্য পশ্চিমবঙ্গের কোথায় আছে?
উত্তর: দার্জিলিং জেলায়

● উদ্ভিদ নাইট্রোজেনকে কোন অবস্থায় গ্রহণ করতে পারে?
উত্তর: নাইট্রেট যৌগরূপে

● ফসল বিনষ্টকারী কোনও প্রাণীকে তার স্বাভাবিক শত্রু দ্বারা নিয়ন্ত্রণ করার পদ্ধতিকে কী বলে?
উত্তর: জৈব নিয়ন্ত্রণ

● উত্তর থেকে দক্ষিণ প্রান্ত পর্যন্ত ভারতের মূল ভূখণ্ডের বিস্তৃতি কত?
উত্তর: ৩২১৪ কিলোমিটার

● হর্ষবর্ধনের রাজসভায় কোন চিনা পরিব্রাজক এসেছিলেন?
উত্তর: হিউয়েন সাং



● কোন পতঙ্গের দেহে ফর্মিক অ্যাসিড থাকে?
উত্তর: পিঁপড়ে

● তাপ ও বিদ্যুতের সুপরিবাহী একটি অধাতু হল:
উত্তর: গ্রাফাইট

● হীরের প্রতিসরাঙ্ক হল:
উত্তর: ২.৪২

● কোন ইউরোপীয় দেশ ভারতের সঙ্গে প্রথম বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করে?
উত্তর: পর্তুগিজ

● ফুসফুসীয় শিরা কী রক্ত পরিবহণ করে?
উত্তর: বিশুদ্ধ

● কোন যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব পরিমাপ করা হয়?
উত্তর: হাইগ্রোমিটার

● দুই টুকরো বরফ একত্রে চাপ দিলে কী কারণে জোড়া লাগে?
উত্তর: পুনঃশিলীভবনের জন্য

● কোন শ্বেতকণিকা অ্যালার্জি প্রতিরোধ করে?
উত্তর: ইওসিনোফিল

● কোন দেশটি ভারতের ক্ষুদ্রতম প্রতিবেশী রাষ্ট্র ?
উত্তর: মালদ্বীপ



● পশ্চিমবঙ্গের রাজ্য প্রাণীর নাম কী?
উত্তর: ফিশিং ক্যাট বা মেছো বিড়াল

● হ্যালির ধূমকেতু কত বছর অন্তর দেখা যায়?
উত্তর: ৭৬ বছর

● পশ্চিমবঙ্গে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প ছাড়া অপর যে ব্যাঘ্র প্রকল্পটি রয়েছে সেটি হল–
উত্তর: বক্সা ব্যাঘ্র প্রকল্প

● দক্ষিণ আফ্রিকার মুদ্রার নাম কী?
উত্তর: র‍্যান্ড



● অক্টারলোনি মনুমেন্টকে আমরা কী নামে চিনি?
উত্তর: শহিদ মিনার



● প্রাণীজগতে ক্যাট ফ্যামিলি বলতে যে গোত্র বা ফ্যামিলিকে বোঝায় তার নাম কী?
উত্তর: ফেলিডি (Felidae)

## হীরের টুকরো

### আন্তর্জাতিক মঞ্চে রূপান্তি




এই তরুণীর নাম রূপান্তি মুণ্ডা। বাড়ি ঝাড়খণ্ডের লাতেহারের জঙ্গল ঘেঁষা ধোতি গ্রামে। প্রত্যন্ত গ্রাম ধোতির কুখ্যাতি ছিল মাওবাদী ক্রিয়াকলাপের জন্য। নিম্নবিত্ত পরিবারের মেয়ে রূপান্তি খুব ছোটবেলায় বাবাকে হারিয়ে বড় হচ্ছিল দাদার ছত্রছায়ায়। দাদাই তাকে অনুপ্রাণিত করেন ফুটবল খেলার জন্য। কিন্তু মাওবাদীরা সেই দাদাকেই একদিন খুন করে যায়। এরপরও হেরে যায়নি রূপান্তি। তারই সূত্রে আন্তর্জাতিক মঞ্চে উঠে এসেছে একসময় মাওবাদীদের গড় নামে পরিচিত ধোতির নাম। প্রথমে অনূর্ধ্ব উনিশের ঝাড়খণ্ড মহিলা দলে জায়গা হয় রূপান্তির। দিল্লির মাঠে তার খেলা এতটাই নজর কাড়ে যে দিল্লির একটি সংস্থা তাকে পাঠায় নরওয়ের অসলোয়। সেখানে ফি-বছর পৃথিবীর ৬০টি দল নিয়ে হোমলেস ফুটবল ওয়ার্ল্ড কাপের আসর বসে। সেই টুর্নামেন্টে অষ্টম স্থান পায় রূপান্তির দল। কোচ দীপক টানাভগতের সঙ্গে এখন নিজের গ্রামেই বাচ্চাদের জন্য এক ফুটবল কোচিং সেন্টার খুলেছে রূপান্তি। ধোতি গ্রামের ছবিটাও আর আগের মতো নেই। হানাহানি দূর হয়েছে। তার জন্য রূপান্তিকেই অনেকখানি কৃতিত্ব দেন গ্রামবাসীরা। কোচ দীপকের কথায়, 'গ্রামের মেয়েদের স্বপ্ন দেখাচ্ছে একা রূপান্তিই'।

### সন্দীপের সাফল্য



*সন্দীপের পরিবার। ইনসেটে সন্দীপ গড়াই।*

সিউড়ির সন্দীপ গড়াই প্রমাণ করলেন একাগ্রতা এবং জেদের কাছে যে-কোনও প্রতিকূলতাই নেহাত তুচ্ছ। নিম্নবিত্ত পরিবারের এই যুবক ২০১৭-র সিভিল সার্ভিস পরীক্ষায় ৭৬১ র‍্যাঙ্ক করেছেন। ২০১৬-তে ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষাতেও সাফল্য পেয়েছেন। আর সেই সূত্রেই চাকরি করছেন রেলের ইঞ্জিনিয়ার হিসেবে হায়দরাবাদে। কিন্তু নিজে কঠোর দারিদ্র্য দেখেছেন বলেই, সাধারণ মানুষের জন্য কাজ করার স্পৃহাটা ছাড়তে পারেননি। সেজন্যই সিভিল সার্ভিস পরীক্ষায় বসা।

লাভপুরের দ্বারকা থেকে সিউড়ির বাবুইপাড়ায় চলে এসেছিলেন পেশায় জামাকাপড়ের ছোট ব্যবসায়ী সন্দীপের বাবা সন্তোষ গড়াই। দুই ছেলেমেয়েকে ভালো টিউশন দেওয়া সম্ভব হয়নি তাঁর পক্ষে। কিন্তু মেধার জোরে ৯১ শতাংশ পেয়ে মাধ্যমিক এবং জেলার সেরা হয়ে উচ্চমাধ্যমিক পাশ করেন সন্দীপ। জয়েন্ট এন্ট্রান্স দিয়ে শিবপুর আই আই এস টি-তে ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পড়ে চাকরি পান দামোদর ভ্যালি কর্পোরেশনে। আই ই এস পরীক্ষায় সাফল্য সন্দীপকে আত্মবিশ্বাসী করে তোলে। কোনও দিনই টিউশন না নেওয়ার অভ্যাস সন্দীপ বজায় রেখেছেন সিভিল সার্ভিসেও। তাঁর কথায়, স্বচ্ছ ধারণা থাকলে প্রশিক্ষণের খুব একটা প্রয়োজন নেই। তবে কয়েকটি মক টেস্ট দিয়েছেন। আই সি এসে সাফল্যের পর সন্দীপ খুশি, বললেন, 'মানুষের জন্য কাজের সুযোগ এখানে অনেক বেশি। অভিজ্ঞতা হবে প্রচুর। এটাই তো চেয়েছিলাম।'

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## নিজেকে সবসময় নতুন কিছু জানার ও শেখার জন্য তৈরি রাখতে হবে



**সাগরনীল চৌধুরি**
ম্যানেজার-মার্কেটিং,
এল জি ইলেকট্রনিকস-ইন্ডিয়া

আমার বিষয় ছিল কম্পিউটার অ্যাপ্লিকেশন। স্নাতকোত্তর স্তরে পড়ছিলাম যখন, বাবা অসুস্থ হয়ে পড়েন। ফলে চাকরির খোঁজ শুরু করি। প্রথম চাকরি পাই কল সেন্টারে। নাইট শিফটে কাজ। পড়াশোনা শেষ করে এল জি-র রিজিওনাল ডিস্ট্রিবিউটরের মোবাইল সেকশনে কাজ পেলাম। সেখানে সেলস ও মার্কেটিংয়ের কাজ শিখতে শুরু করলাম। এরপর সরাসরি এল জির মোবাইল ডিভিশনে যোগ দেওয়ার ডাক এল। সেখান থেকে নোকিয়া ঘুরে ফের এল জি-তে।

### মৌলিক কাজ তোমায় এগিয়ে রাখবে

বেশ কয়েক বছর আগের কথা। সেসময় একটা মোবাইল বাজারে আনা হল, কিন্তু কিছুদিন যেতেই দেখা গেল সেটা প্রতিযোগিতায় অন্যদের তুলনায় পিছিয়ে পড়ছে। বিক্রি বাড়ানোর উপায় ভাবতে গিয়ে মনে হল, মোবাইল কভার খুব দরকারি একটা জিনিস, আর তখন তার দামও ছিল এখনকার থেকে অনেক বেশি। সংস্থার সঙ্গে কথা বলে, মোবাইলটির দামের সঙ্গে সামঞ্জস্য রেখে, মোবাইল কভার ফ্রি দেওয়ার ব্যবস্থা করলাম। প্রচার শুরু হতেই সেই মোবাইল সেটটি সর্বাধিক বিক্রিত সেট হিসেবে রেকর্ড করে ফেলল।

উল্লেখ্য, এই ভাবনার সূত্রেই মোবাইল বিভাগ থেকে ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্স বিভাগে পদোন্নতি হল আমার। প্রতিযোগিতার বাজারে নতুনের খোঁজ সব সংস্থাই করে থাকে। অভিজ্ঞতায় দেখেছি, কোনও কর্মীর মৌলিক কাজের প্রতি কর্তৃপক্ষের নজর থাকে। পদোন্নতির পথও প্রশস্ত হয়।



### ভুল থেকেই শেখা

কাজ সবসময় নির্ভুল হবে তা তো হয় না। ভুল করতে করতেই আমরা ঠিকটা শিখি। তার জন্য অনেক সময় নেতিবাচক পরিস্থিতির মুখোমুখিও হতে হয়। তাতে ভেঙে পড়া ভুল। বরং ভুলের জায়গাটা এবং তার উৎস চিহ্নিত করতে হবে, যাতে ভবিষ্যতে ভুলটা শুধরে নেওয়া যায়। প্রতিদিনই আমরা কাজের সূত্রে কিছু না কিছু শিখি। মনের জানলাটা খোলা রাখলে শেখার কাজটা নিখুঁত হয়। সেটা সারা জীবন কাজে লাগে।

> ভুল করতে করতেই আমরা ঠিকটা শিখি। তার জন্য অনেক সময় নেতিবাচক পরিস্থিতির মুখোমুখিও হতে হয়। প্রতিদিনই আমরা কাজের সূত্রে কিছু না কিছু শিখি। মনের জানলাটা খোলা রাখলে শেখার কাজটা নিখুঁত হয়। সেটা সারা জীবন কাজে লাগে।

### ইন্টারভিউ বোর্ডের সামনে

ইন্টারভিউ নেওয়ার সময় আমরা বুঝতে চেষ্টা করি প্রার্থী কী ধরনের কাজ করতে সক্ষম। সেই অনুযায়ী তাকে প্রশ্ন করা হয়। প্রায় সব ইন্টারভিউতেই প্রশ্ন আসে যে, সংস্থা কেন তোমায় নেবে? এর উত্তর দিতে গিয়ে বেশিরভাগই গণ্ডগোল করে ফেলে। এইসময় বিভিন্ন অভিজ্ঞতার উল্লেখ করে বলা উচিত, সেগুলিকে তুমি এই সংস্থায় কীভাবে কাজে লাগাতে পারবে। এতদিন শিখেছ, কীভাবে তার ব্যবহারিক প্রয়োগ ঘটাতে পারবে। কিন্তু কখনওই বোলো না যে, আমাকে একটা সুযোগ দিন, আমি কাজ করে দেখাব। কারণ, এই কথার কোনও গভীরতা নেই।

ইন্টারভিউয়ারের কথা প্রার্থী ঠিকভাবে বুঝতে পারছে কি না, সেটাও ইন্টারভিউয়াররা বুঝতে চেষ্টা করেন। কারণ পরবর্তীকালে তাকে যখন কোনও কাজের দায়িত্ব দেওয়া হবে, সে ঠিক করে বুঝে সেটা করতে পারবে কি না, সেটা তাঁদের কাছে যাচাই করাটা খুব জরুরি। এজন্য প্রার্থীকে ভালো শ্রোতা হতে হবে।

তবে এটা ঠিক, প্রার্থী কীরকম কাজ করবে তা ওই কয়েক মুহূর্তের ইন্টারভিউতে কখনওই ধরতে পারা যায় না। তার স্বভাব বা প্রবণতা বোঝার চেষ্টা করা হয় মাত্র। তার থেকেই একটা ধারণা তৈরি করা হয়। অনেক ক্ষেত্রে দেখি, প্রার্থীর অভিজ্ঞতাই তাকে নিয়োগ করার ক্ষেত্রে একরকম বাধা হয়ে দাঁড়ায়। স্পষ্ট বোঝা যায়, তার নতুন কিছু শেখার আগ্রহ বা নতুন কিছুকে গ্রহণ করার ক্ষমতা কম। যে-কোনও ক্ষেত্রেই তা উন্নতির পরিপন্থী। যতই উন্নতি হোক না কেন, নিজেকে সবসময় নতুন কিছু জানার ও শেখার জন্য তৈরি রাখতে হবে।

## কর্মক্ষেত্র পড়ে চাকরি পেয়েছি

আপনিও কি 'কর্মক্ষেত্র' পড়ে চাকরি পেয়েছেন? তাহলে আমাদের লিখে পাঠান আপনার নিজেকে গড়ে তোলার অভিজ্ঞতা। মনোনীত হলে আমরা প্রকাশ করব আপনার চাকরি পাওয়ার সুখবর। 'কর্মক্ষেত্র'-র পাঠক-পাঠিকার নিজেকে তিলে তিলে তৈরি করে তোলার পথে পাথেয় হয়ে থাকুক সহপাঠীদের কাজ পাওয়ার সুখবরও। নিজের ছবি-সহ চিঠি লিখুন এই ঠিকানায়:
'চাকরি পেয়েছি', কর্মক্ষেত্র, কলকাতা-৭০০ ০১৯
যে সংস্থায় চাকরি করছেন, তার নাম, পদের নাম এবং নিজের নাম-ঠিকানা ও ফোন নম্বর লিখতে ভুলবেন না।



### সহ-শিক্ষিকা পদে চাকরি করছি সরকারি প্রাথমিক স্কুলে

আমি বর্তমানে একজন প্রাথমিক শিক্ষিকা। ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে বর্ধমান জেলার অন্তর্গত কালনা-III সার্কেলের 'কুমারপাড়া প্রাথমিক বিদ্যালয়'-এ শিক্ষিকা পদে যোগদান করি। আমার এই সাফল্যের পিছনে 'কর্মক্ষেত্র'-র অবদান অপরিসীম। আমি ২০১২-১৪ সালে 'Itachuna Government Sponsored Primary Teacher Training Institution' থেকে D.Ed.Ed পাশ করি। ২০১২ সালে যখন এই ট্রেনিং-এর সঙ্গে যুক্ত হলাম, সেই সময় থেকেই 'কর্মক্ষেত্র'-কে পাঠসঙ্গী করে নিলাম।

'কর্মক্ষেত্র' পত্রিকার বিষয়-উপস্থাপনা অত্যন্ত ইতিবাচক ও তথ্যবহুল। কর্মপ্রার্থীদের জন্য সময়োপযোগী এই পত্রিকায় প্রকাশিত তথ্য ও প্রশ্নাবলি, রাজ্য, দেশ ও বিদেশের সাম্প্রতিক ঘটনাবলির বিবরণ তুলে ধরা হয়। এ ছাড়াও থাকে বিভিন্ন Mock Test -এর সম্ভার।

প্রাথমিক শিক্ষকপদের জন্য পত্রিকায় প্রকাশিত বিভিন্ন ঘটনাবলি সংবলিত প্রশ্নাবলি নিয়মিত পাঠের মাধ্যমে পরীক্ষার বিষয়-সংক্রান্ত ভীতি অনেকটাই দূর হয়েছিল। অঙ্ক, শিশু মনস্তত্ত্ব, সাধারণ জ্ঞান-সংক্রান্ত নিয়মিত যে প্রশ্ন এবং উত্তর প্রকাশিত হত, সেগুলি পরীক্ষার সময় খুব সাহায্য করেছে। নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলার জন্য 'কর্মক্ষেত্র' পত্রিকা পাঠ বিশেষভাবে আমার কাজে লেগেছে। প্রাথমিক শিক্ষক-নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র এবং পরীক্ষার খুঁটিনাটি বিষয়ে স্বচ্ছ ধারণা গড়ে তুলতে 'কর্মক্ষেত্র' আমাকে বিশেষভাবে সাহায্য করেছে। এমনকী শিক্ষিকা পদে যোগদানের পরও 'কর্মক্ষেত্র' আমাকে অনেক নতুন নতুন বিষয় ও তথ্য দিয়ে সমৃদ্ধ করে। আমার আন্তরিক ধন্যবাদ জানাই এই পত্রিকার রূপকারদের।

*অর্পিতা ব্যানার্জি*
*সহ-শিক্ষিকা, কুমারপুর প্রাথমিক বিদ্যালয়*
*গ্রাম ও পোঃ সিঙ্গারকোন, পূর্ব বর্ধমান*

### ল্যাব অ্যাটেনড্যান্ট পদে চাকরি পেয়েছি



সাধারণ জাতিভুক্ত খুব দরিদ্র পরিবারের ছেলে আমি। আমার বাড়ি পূর্ব বর্ধমানের কালনার বালিন্দর গ্রামে। ছোট থেকেই আর্থিক সমস্যার বিরুদ্ধে লড়াই করে বড় হয়েছি। বুঝতে পেরেছিলাম শিক্ষাই আমার জীবনের সকল সমস্যা দূর করে আশার আলো ফুটিয়ে তুলতে পারে। ২০১১ সালে উচ্চমাধ্যমিক পড়ার সঙ্গে সঙ্গে অল্পবিস্তর সরকারি চাকরির প্রস্তুতি শুরু করে দিয়েছিলাম। পড়াশোনার খরচ ও সংসার খরচের জন্য টিউশনি পড়াতে শুরু করি। ২০১৪ সালে ডিগ্রি কোর্স পাশ করি।

> নেগেটিভ মার্কিং ছিল না বলে ৪৫টি প্রশ্নের উত্তর দিয়েছিলাম। বাড়ি এসে মিলিয়ে দেখেছিলাম ৪৩টি প্রশ্নের উত্তর সঠিক হয়েছে। লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয় গত বছর ২ জুন। লিখিত পরীক্ষায় সফল হয়ে ইন্টারভিউ-প্রস্তুতি শুরু করে দিই। সাম্প্রতিক ঘটনা-সহ পাঠ্যবইগুলিতে চোখ বুলিয়ে নিয়েছিলাম। 'কর্মক্ষেত্র'-র পরামর্শ মেনে বাড়িতে আয়নার সামনে মক ইন্টারভিউ দিতাম।

২০১৬ সালের শেষের দিকে স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ 'ডি' পদের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। নিজের ওপর আস্থা রেখে ল্যাব অ্যাটেনড্যান্ট পদে আবেদন করেছিলাম।

প্রস্তুতির জন্য মাধ্যমিক স্তরের বইগুলি খুঁটিয়ে পড়ার সঙ্গে সঙ্গে জি কে, অঙ্ক এবং সাম্প্রতিক ঘটনাবলি জানার জন্য 'কর্মক্ষেত্র' ও 'পেশাপ্রবেশ' দেখে নিয়মিত অনুশীলন করতাম।

প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা হয়েছিল ২০১৭ সালের ১৯ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় ছিল অঙ্ক (১৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১৫ নম্বর) ও সাম্প্রতিক ঘটনাবলি (১৫ নম্বর)। মোট ৪৫ নম্বরের পরীক্ষা হয়েছিল। সময় ছিল ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং ছিল না বলে ৪৫টি প্রশ্নের উত্তর দিয়েছিলাম। বাড়ি এসে মিলিয়ে দেখেছিলাম ৪৩টি প্রশ্নের উত্তর সঠিক হয়েছে। লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয় গত বছর ২ জুন। লিখিত পরীক্ষায় সফল হয়ে ইন্টারভিউ-প্রস্তুতি শুরু করে দিই। সাম্প্রতিক ঘটনা-সহ পাঠ্যবইগুলিতে চোখ বুলিয়ে নিয়েছিলাম। 'কর্মক্ষেত্র'-র পরামর্শ মেনে বাড়িতে আয়নার সামনে মক ইন্টারভিউ দিতাম।

২০১৭ সালের ২৮ অগস্ট স্কুল সার্ভিস কমিশনের ইস্টার্ন রিজিওনে আমার ইন্টারভিউ হয়েছিল। ইন্টারভিউ বোর্ডে ৩ জন সদস্য ছিলেন। শুরুতে নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে জানতে চান। তারপর ল্যাবরেটরিতে থাকা কিছু ইনস্ট্রুমেন্ট সম্বন্ধে জানতে চেয়েছিলেন। চূড়ান্ত মেধাতালিকা প্রকাশিত হয়েছিল ৬ নভেম্বর। নিয়োগপত্র হাতে পাই এ বছর ১৮ এপ্রিল। চাকরি হল ল্যাব অ্যাটেনড্যান্ট পদে। এই পদের মূল বেতন: ৪,৯০০ টাকা থেকে ১৬,২০০ টাকা ও সেইসঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। সব শেষে 'কর্মক্ষেত্র'-র পাঠক-পাঠিকাদের বলব, যদি লক্ষ্য স্থির রেখে পরিকল্পনামাফিক পড়াশোনা করা যায়, তাহলে সাফল্য ধরা দেবেই।

*গুরুদাস মুখার্জি*
*কালনা, পূর্ব বর্ধমান*

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

### প্রথম সেট

1. নীচের কোন অ্যাসিডটি লেবুতে আছে?
(a) ল্যাকটিক অ্যাসিড (b) ম্যালিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) ফরমিক অ্যাসিড
2. কোনটি অবিভাজ্য?
(a) নিউক্লিয়াস (b) ফোটন (c) প্রোটন (d) অ্যাটম
3. ধাতুকে গরম করলে:
(a) ঘনত্ব বাড়ে (b) ঘনত্ব কমে (c) ঘনত্ব অপরিবর্তিত থাকে (d) কখনও বাড়ে কখনও কমে
4. ম্যাগনেলিয়ামে কোন দু'টি ধাতু উপস্থিত থাকে?
(a) Al + Cu (b) Cu + Ni (c) Al + Mn (d) Al + Mg
5. ধূমায়মান সালফিউরিক অ্যাসিডের অপর নাম কী?
(a) ব্রিমস্টোন (b) পিকরিক অ্যাসিড (c) ওলিয়াম (d) অ্যাকোয়া ফর্টিস
6. লাইসোজোম নামক কোষ অঙ্গাণুটি হল কোষের:
(a) শক্তিঘর (b) শ্বসনকেন্দ্র (c) পাচনকেন্দ্র (d) রেচনকেন্দ্র
7. কোনটি জৈব অ্যাসিড নয়?
(a) সাইট্রিক অ্যাসিড (b) কার্বলিক অ্যাসিড (c) টারটারিক অ্যাসিড (d) অ্যাসিটিক অ্যাসিড
8. মানবদেহে থাইরয়েড গ্রন্থির অবস্থান কোথায়?
(a) ল্যারিংক্স-এর নীচে (b) কিডনির ওপরে (c) অগ্ন্যাশয়ে (d) থ্যালামাসের নীচে
9. সরল পেরিস্কোপে সাধারণত কতগুলি দর্পণ ব্যবহার করা হয়?
(a) 2 (b) 3 (c) 4 (d) 6
10. নীচের কোন প্রাণীটি কর্ডাটা শ্রেণিভুক্ত?
(a) হাঙর (b) কেঁচো (c) হাইড্রা (d) তারামাছ
11. কোনও বস্তুকণার গতিবেগ দ্বিগুণ হলে তার:
(a) ত্বরণ দ্বিগুণ হবে (b) ভরবেগ দ্বিগুণ হবে (c) স্থিতিশক্তি ও গতিশক্তি দ্বিগুণ হবে (d) কোনওটিই নয়
12. পাকস্থলীর গোলাকার ওপরের অংশকে কী বলে?
(a) পাইলোরাস (b) ফান্ডাস (c) ডিস্টাল (d) সিস্টাল
13. ক্যাসেট টেপে নীচের কোন রাসায়নিক বোলানো হয়?
(a) জিঙ্ক অক্সাইড (b) আয়রন ক্লোরাইড (c) আয়রন অক্সাইড (d) ম্যাগনেশিয়াম অক্সাইড
14. মধুতে কোন শর্করার উপস্থিতি সর্বাধিক লক্ষ করা যায়?
(a) সুক্রোজ (b) ডেক্সট্রোজ (c) মলটোজ (d) ফ্রুক্টোজ
15. সূর্যের $\frac{1}{50}$ ভাগ ব্যাসবিশিষ্ট নক্ষত্রকে বলে:
(a) ডোয়ার্ফ (b) নিউটন স্টার (c) ব্ল্যাক ডোয়ার্ফ (d) হোয়াইট ডোয়ার্ফ
16. দু'টি অসমাকৃতির গ্যামেটের মিলনকে বলে:
(a) সিনগ্যামি (b) অ্যানাইসোগ্যামি (c) উগ্যামি (d) আইসোগ্যামি
17. এপিথেম নামক প্যারেনকাইমা কোষগুচ্ছ থাকে:
(a) পত্ররন্ধ্রে (b) জলরন্ধ্রে (c) গ্রন্থিরন্ধ্রে (d) মধুগ্রন্থিতে
18. প্রাণীজগতের সর্ববৃহৎ গ্রুপ কোনটি?
(a) মোলাস্কা (b) আর্থোপোডা (c) অ্যানিলিডা (d) প্রোটোজোয়া
19. ধাতু নিষ্কাশনে সর্বাধিক ব্যবহৃত বিজারক পদার্থ কোনটি?
(a) কোক (b) কাঠকয়লা (c) হাইড্রোজেন (d) ওয়াটার গ্যাস
20. ম্যালপিজিয়ান নালিকা কার রেচন অঙ্গ?
(a) আরশোলা (b) জোঁক (c) অ্যামিবা (d) চ্যাপ্টাকৃমি
21. নীচের কোন হরমোনটি উদ্ভিদের চলনে সাহায্য করে?
(a) অক্সিন (b) জিব্বারেলিন (c) ফ্লোরিজেন (d) কোনওটিই নয়
22. নীচের কোনটি জারক ও বিজারক উভয় দ্রব্য হিসেবে ব্যবহৃত হয়?
(a) নাইট্রিক অ্যাসিড (b) অ্যামোনিয়া (c) নাইট্রাস অ্যাসিড (d) নাইট্রোজেন ডাইঅক্সাইড
23. অ্যামিবার রেচন অঙ্গের নাম কী?
(a) ফ্লেমকোষ (b) নালিপদ (c) নেফ্রিডিয়া (d) সংকোচী গহ্বর
24. নীচের কোন উদ্ভিদ গমন করতে পারে না?
(a) প্রবাল (b) ভলভক্স (c) স্পঞ্জ (d) লাইকেন
25. বিশুদ্ধ জলের মোলারিটি কত।
(a) 36.8 (b) 55.5 (c) 18 (d) 10
26. ফসজিনের সংকেত কী?
(a) $CHCl_3$ (b) $CCl_4$ (c) $COCl_2$ (d) $S_2Cl_2$
27. নীচের কোন পদার্থটি অনিয়তাকার?
(a) বরফ (b) তুঁতে (c) ফিটকিরি (d) চক
28. মানুষ কোন পর্বের অন্তর্ভুক্ত প্রাণী?
(a) কর্ডাটা (b) অ্যাম্ফিবিয়া (c) মোলাস্কা (d) পরিফেরা
29. যে যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব পরিমাপ করা হয় তাকে বলে:
(a) ক্যালোমিটার (b) হাইগ্রোমিটার (c) হাইড্রোমিটার (d) টেনসিমিটার
30. আলোর কোন ধর্মের জন্য জলের মধ্যে ঘষা কাচকে স্বচ্ছ দেখায়?
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) ব্যতিচার (d) তরঙ্গধর্ম
31. বায়ুমণ্ডলের কোন স্তরকে ঘনমণ্ডল বলে?
(a) ট্রপোস্ফিয়ার (b) স্ট্র্যাটোস্ফিয়ার (c) মেসোস্ফিয়ার (d) থার্মোস্ফিয়ার
32. ঘটপ্রভা কার উপনদী?
(a) কৃষ্ণা (b) কাবেরী (c) গোদাবরী (d) মহানদী
33. কামাখ্যা মন্দির কোন পাহাড়ে অবস্থিত?
(a) নীলাচল (b) মাতঙ্গী (c) কিরাত (d) কামাত
34. এশিয়াটিক সিংহের জন্য বিখ্যাত কোনটি?
(a) কানহা (b) করবেট (c) গির (d) নামদাফা
35. রাজস্থান মরুভূমির চলমান বালিয়াড়িকে কী বলে?
(a) হামাদা (b) আর্গ (c) রেগ (d) ধ্রিয়ান
36. সাতবাহন বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) দন্তীদুর্গ (b) সিমুক (c) প্রথম সাতকর্ণী (d) প্রথম কৃষ্ণ
37. কোন শিখ গুরুকে ঔরঙ্গজেব হত্যা করেছিলেন?
(a) গুরু নানক (b) গুরু অর্জুন (c) গুরু রামদাস (d) গুরু তেগবাহাদুর
38. কোন মুঘল সম্রাট জিজিয়া কর তুলে দেন?
(a) বাবর (b) আকবর (c) ঔরঙ্গজেব (d) শাহজাহান
39. শ্রীচৈতন্যদেবের আবির্ভাব কোন শাসকের আমলে হয়েছিল?
(a) হুসেন শাহ (b) নসরৎ শাহ (c) রাজাগণেশ (d) নাসিরুদ্দিন
40. ভারতের নেপোলিয়ান কে?
(a) স্কন্দগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) বিক্রমাদিত্য
41. ভারতের বৃহত্তম ই-কমার্স সংস্থা কোনটি?
(a) অ্যামাজন (b) ফ্লিপকার্ট (c) গুগল (d) কোনওটিই নয়
42. ভেল্ড হল:
(a) বনভূমি (b) তৃণভূমি (c) মরুভূমি (d) জলাভূমি
43. কমনওয়েলথ গেমস (2018)-এ অংশগ্রহণকারী সদস্য সংখ্যা হল:
(a) 4426 (b) 4425 (c) 4424 (d) 4423
44. ইরান পরমাণু চুক্তি থেকে বেরিয়ে এল কোন দেশ?
(a) অস্ট্রেলিয়া (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) ফ্রান্স (d) ইতালি
45. নীচের কে স্বেচ্ছাধীন ক্ষমতার অধিকারী?
(a) রাষ্ট্রপতি (b) রাজ্যপাল (c) উপরাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী
46. পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে রাজ্যসভা থেকে কতজন থাকে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8
47. কোন কয়লা থেকে কোক কয়লা প্রস্তুত হয়?
(a) লিগনাইট (b) পিট (c) বিটুমিনাস (d) অ্যানথ্রাসাইট
48. কোন মহাসাগরে শৈবাল সাগর আছে?
(a) সুমেরু (b) কুমেরু (c) ভারত (d) আটলান্টিক
49. লন্ডনের সাপেক্ষে ভারতের সময়ের পার্থক্য:
(a) 5 ঘণ্টা (b) 5 ঘণ্টা 30 মিনিট (c) 6 ঘণ্টা (d) 6 ঘণ্টা 30 মিনিট
50. আঁধি হল:
(a) তুষার ঝড় (b) ধূলিঝড় (c) ঘূর্ণিঝড় (d) মরুঝড়
51. বেমানান পদ কোনটি?
(a) প্লেট (b) কাপ (c) ট্রে (d) গ্লাস
52. বেমানান পদ কোনটি?
(a) শ্রীলঙ্কা (b) জাপান (c) নরওয়ে (d) মালয়েশিয়া
53. DIMP : CJLQ : : UWZA : ?
(a) XTYS (b) TXBY (c) XTBY (d) TXYB
54. 177, 531, 191, 517, 205, 503, ?
(a) 491 (b) 215 (c) 220 (d) 219
55. CONCENTRATE শব্দটি থেকে নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?
(a) CENTRE (b) CONCERN (c) REASON (d) TREAT
56.

| | | |
|---|---|---|
| 42 | 44 | 38 |
| 31 | 176 | 47 |
| 27 | ? | 35 |

(a) 88 (b) 99 (c) 121 (d) 198
57. 45 + 15 = 30 হলে, এবং 17 + 7 = 10 হলে, 52 + 25 = ?
(a) 77 (b) 25 (c) 27 (d) 17
58. বেমানান ছবি কোনটি?



(a) (b) (c) (d)
59. বেমানান কোনটি?



(a) (b) (c) (d)
60. যদি নীচের ছবিটি লাইনের সঙ্গে মিলিয়ে ভাঁজ করা হয় তাহলে 7 সংখ্যার বিপরীতে কোন সংখ্যাটি থাকবে?




(a) 4 (b) 1 (c) 6 (d) 3
61. 30% মানুষ সেলুলার ফোনের মালিক। 75% মানুষের নিজস্ব কম্পিউটার আছে। যদি 25% মানুষের দু'টিই থাকে, তবে কত শতাংশের শুধুমাত্র সেলুলার ফোন বা কম্পিউটার বা দুটোই আছে?
(a) 70% (b) 75% (c) 60% (d) 80%

এরপর উনিশের পাতায়

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

1. বেমানান/সামঞ্জস্যহীন শব্দটির সন্ধান করুন:
(a) ছুরি (b) কাঁটা (c) চামচ (d) প্লেট
2. নিম্নলিখিত চিত্রের পরবর্তী চিত্র কোনটি?




3. ছয়টি বাক্যের মধ্যে যুক্তি পরম্পরাবিশিষ্ট বাক্য তিনটিকে চিহ্নিত করুন:
(A) কিছু ক্রিকেট খেলোয়াড় গলফও খেলে (B) সব গলফ খেলোয়াড়ই ক্রিকেটার (C) শচিন ক্রিকেটার (D) সুনীল গলফ খেলে (E) শচিন গলফ খেলে (F) সুনীল ক্রিকেট খেলে
(a) ACE (b) BCE (c) DBC (d) EBC
4. কোনও একটি সংকেত পদ্ধতিতে বর্ণমালার প্রতিটি বর্ণের স্থানে অন্য একটি নির্দিষ্ট বর্ণ বসানো হয়। 'TITANIC' শব্দটির একটি সম্ভবপর সংকেত হল:
(a) OROPEST (b) ANAMENT (c) INITAL (d) ENECART
5. শিশুশিক্ষা বাধ্যতামূলক করা উচিত কারণ:
I. শিক্ষা ব্যক্তিত্বের বিকাশ করে। II. বিদ্যালয়ের শিশুরা ঝামেলা করবার সুযোগ পাবে না।
(a) শুধুমাত্র যুক্তি I জোরালো (b) শুধুমাত্র যুক্তি II জোরালো (c) যুক্তি I ও II উভয়ই জোরালো (d) যুক্তি I ও II উভয়ই দুর্বল
6. যদি ... হয়, তবে ... হবে:




7. বেমানান/সামঞ্জস্যহীন শব্দটি সন্ধান করুন:
(a) মোজা (b) ঘড়ি (c) শার্ট (d) স্কার্ট
8. প্রদত্ত শব্দগুচ্ছের সঙ্গে এখানে ভেনচিত্র দেওয়া আছে। শব্দগুচ্ছটির প্রতীকস্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন। বই, উপন্যাস, বাংলা গল্প:



(a) (b) (c) (d)
9. বেমানান/সামঞ্জস্যহীন শব্দটি সন্ধান করুন:
(a) বর্গক্ষেত্র (b) উপবৃত্ত (c) অধিবৃত্ত (d) বৃত্ত
10. বিজ্ঞানসম্মত ঘনকের একদিকে 2 থাকলে বিপরীতে কত থাকবে?
(a) 3 (b) 3 (c) 5 (d) 6
11. নিম্নলিখিত শ্রেণীর শূন্যস্থান পূরণ করুন:
L, C, K, D, J, E, I, ?
(a) F (b) G (c) H (d) J
12. নিম্নোক্ত শব্দগুলিকে দেওয়ালের উল্টোদিকে থাকা কোনও আয়নার মধ্য দিয়ে যদি দেখা যায় তাহলে কোনটি সরাসরি দেখার মতোই একইরকম দেখাবে?
(a) BOOK (b) TOOT (c) NOON (d) MOON
13. চারজনের মধ্যে 'B' C-এর থেকে লম্বা, 'A' D-এর থেকে লম্বা কিন্তু 'C'-এর মতো লম্বা নয়। এর মধ্যে সবচেয়ে লম্বা কে?
(a) A (b) B (c) C (d) এর কোনওটাই নয়

### উত্তর

1(d), 2(b), 3(d), 4(b), 5(a), 6(d), 7(b), 8(d), 9(a), 10(c), 11(a), 12(b), 13(b).

**সমাধান:**

1(d): বাকিগুলি কাটার অস্ত্র।
2(b):  [90° Clockwise ঘুরছে]
3(d): শচিন গলফ খেলে → সব গলফ খেলোয়াড়ই ক্রিকেটার → শচিন ক্রিকেটার
(E) (B) (C)
4(b): T I T A N I C
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
A N A M E N T → এটিই সম্ভব।
কারণ 'T'-র স্থানগুলিতে 'A' 'I'-এর স্থানগুলিতে N.
5(a): I যুক্তি জোরালো।
6(d): 
7(b): বাকিগুলি পোশাক **অথবা** ঘড়ি যন্ত্রচালিত।
8(d):




9(a) বাকিগুলি বৃত্তসংক্রান্ত।
10(c): বিজ্ঞানসম্মত ঘনকের বিপরীত দুটি তরলের যোগফল সবসময় = 7 হবে।
∴ 2-এর বিপরীতে = (7 − 2) = 5 হবে।
11(a): L C K D J E I [F]
C → D (+1), D → E (+1), E → F (+1)
12(b): 'TOOT'-এর প্রতিবিম্বও একইরকম হয়।
13(b): B > C... (I), C > A > D...(II)
(I) এবং (II) থেকে B > C > A > D.

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

62. 30 জন ছাত্রের একটি দল ফুটবল ও ক্রিকেট খেলে। 20 জন ক্রিকেট ও 15 জন ফুটবল খেলে। প্রত্যেক ছাত্রই কোনও না কোনও খেলায় অংশ নেয়। ক'জন উভয় খেলাই খেলে?
(a) 5 জন (b) 10 জন (c) 0 জন (d) 15 জন
63. ভাষা ওড়িয়া ও উর্দুর মধ্যে সঠিক সম্পর্ক নির্ধারণকারী চিত্র কোনটি?



(a) (b) (c) (d)

64. কোন সংখ্যা সেই মালিকদের বোঝাচ্ছে যারা ইঞ্জিনিয়ারও নন অথবা ভালো প্রশাসকও নন?




(a) 2 (b) 4 (c) 7 (d) 6
65. রাকেশ 1980 সালের 3 মার্চ জন্মেছিল। শরদ রাকেশের 4 দিন আগে জন্মেছিল। সেই বছরের প্রজাতন্ত্র দিবস ছিল শনিবার। শরদের জন্মবার কী ছিল?
(a) শুক্রবার (b) সোমবার (c) বৃহস্পতিবার (d) বুধবার
66. 12.30 বাজতে 10 মিনিট বাকি থাকতে চেয়ারম্যান ইন্টারভিউ রুমে আসেন। তিনি অন্য সদস্যদের থেকে 120 মিনিট আগে এসেছিলেন। যাঁরা 20 মিনিট দেরি করে এসেছিলেন। ইন্টারভিউ কখন নেওয়ার কথা ছিল?
(a) 12.30 মিনিট (b) 12.40 মিনিট (c) 12.20 মিনিট (d) 12.10 মিনিট
67. A, C, F, J, ? U ? প্রশ্ন চিহ্ন-র স্থানে কোন অক্ষর বসবে?
(a) L (b) M (c) O (d) N
68. যদি PAPER হয় 11.20, PENCIL = 9.83 তাহলে PEN = ?
(a) 11.60 (b) 12. 8 (c) 1.38 (d) 1.66
69. PROMOTION = QSP89, DEMOTION = ?
(a) EF98 (b) EG89 (c) DE98 (d) EF89
70. গাছ = সবুজ, সবুজ = বৃষ্টি, বৃষ্টি = জল, জল = বাতাস, বাতাস = নীল হলে, মাছেরা কোথায় সাঁতার কাটে?
(a) বৃষ্টি (b) বাতাস (c) জল (d) নীল
71. 15789 = EGKPT, 2346 = ALUR তাহলে 23549 = ?
(a) ALGTU (b) ALGRT (c) ALEUT (d) ALGUT
72. পরবর্তী নাম্বার কোনটি?
52, 49, 44, 37, ——.
(a) 33 (b) 31 (c) 29 (d) 28
73. 3-এর বিপরীতে কী আছে?




(a) 4 (b) 5 (c) 6 (d) 2
74. যদি CGZ = XTA, DFP = ?
(a) WUK (b) NSL (c) WSM (d) NTO
75. একটি টেলিফোন ডাইরেক্টরিতে নীচের কোন নামটি দ্বিতীয় স্থানে থাকবে?
(a) Premajeebhai (b) Premjeebhai (c) Premajibhai (d) Premjibhai
76. একটি ষড়ভুজের পাঁচটি কোণ হল: 73°, 97°, 146°, 138°, 145° ষষ্ঠ কোণটির মান কত হবে?
(a) 130° (b) 121° (c) 135° (d) 120°
77. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের মান 150° হলে বহুভুজটির বাহুসংখ্যা কত?
(a) 12 (b) 24 (c) 6 (d) 8
78. 3টি ক্রমিক পূর্ণসংখ্যার গড় সর্বদাই:
(a) যুগ্ম (b) অযুগ্ম (c) যুগ্ম বা অযুগ্ম হবে (d) কোনওটিই নয়
79. 1296-এর বর্গমূল হল:
(a) 24 (b) 26 (c) 36 (d) 44
80. ত্রিভুজ অঙ্কনের জন্য নীচের কোন কোণত্রয়ের প্রয়োজন?
(a) 90°, 45°, 45° (b) 30°, 60°, 45° (c) 90°, 30°, 40° (d) 45°, 35°, 65°
81. 6, 10, x, 12, 8-এর গড় 8 হলে, x-এর মান কত?
(a) 7 (b) 6 (c) 5 (d) 4
82. 4, 7, 15-এর চতুর্থ সমানুপাতী কত?
(a) 25 (b) 25.25 (c) 26 (d) 26.25
83. 30 kg পিতলে 10 kg দস্তা ও অবশিষ্টাংশে তামা থাকলে তামা ও দস্তার অনুপাত কত?
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 3 : 2 (d) 2 : 3
84. $4x^2 + 4xy - 3yz$ এই সংখ্যামালার চল সংখ্যা কত?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
85. সমদ্বিবাহু ত্রিভুজ Δ ABC-এর শীর্ষকোণ ∠A = 70° হলে নীচের কোন সম্পর্কটি ঠিক?
(a) AB > BC (b) AB < AC (c) AC > BC (d) AC < BC
86. দুটি সংখ্যার যোগফল ও বিয়োগফলের অনুপাত 9 : 5 হলে সংখ্যাদু'টির অনুপাত কত হবে?
(a) 9 : 5 (b) 7 : 2 (c) 5 : 9 (d) 8 : 6
87. একটি যৌথ ব্যবসায় B-এর মূলধন A-এর মূলধনের দ্বিগুণ। A-এর লভ্যাংশ 400 টাকা হলে, B-এর লভ্যাংশ কত হবে?
(a) 200 টাকা (b) 400 টাকা (c) 600 টাকা (d) 800 টাকা
88. একটি চতুর্ভুজের দু'টি অসমান কর্ণ পরস্পরকে 90° কোণে সমদ্বিখণ্ডিত করলে সেই চতুর্ভুজকে কী বলে?
(a) বর্গক্ষেত্র (b) সামন্তরিক (c) রম্বস (d) ট্রাপিজিয়াম
89. 250-এর x% = 20 হলে, x-এর মান কত?
(a) 6 (b) 7 (c) 8 (d) 10
90. পরপর তিনটি সংখ্যার গুণফল সর্বদা কোন সংখ্যা দ্বারা বিভাজ্য?
(a) 6 (b) 8 (c) 10 (d) 4
91. দু'টি সংখ্যার যোগফল 15 এবং বিয়োগফল 8 হলে সংখ্যাদু'টির বর্গের পার্থক্য কত হবে?
(a) 100 (b) 125 (c) 120 (d) 175
92. সংখ্যাদু'টির যোগফল 6 এবং বিয়োগফল 2, তার গুণফল কত হবে?
(a) 6 (b) 8 (c) 10 (d) 4
93. ধরা যাক লুডো খেলায় আপনার দান পড়েছে 4 তাহলে তার নীচে কী আছে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 5
94. A ও B-এর বয়সের গড় 10 বছর, B ও C-এর বয়সের গড় 15 বছর এবং A ও C-এর বয়সের গড় 20 বছর। A, B, C-এর বয়সের গড় কত?
(a) 12.5 বছর (b) 17.5 বছর (c) 15 বছর (d) 20 বছর
95. দু'টি রাশির গুণফল $a^3 + b^3$, রাশিদু'টির গ.সা.গু. $(a + b)$ হলে, ল.সা.গু. হবে:
(a) $(a^2 + b^2)$ (b) $(a^2 - ab + b^2)$ (c) $(a^2 + 2ab + b^2)$ (d) $(a^2 + ab + b^2)$
96. 30, 50, 72, 42, 45, 30, 50 এই সংখ্যাসারির ক'টি সংখ্যা গুরুমান বা Mode আছে?
(a) Mode হীন (b) দু'টি Mode (c) 1টি Mode (d) 3টি Mode
97. কোনটি ছোট?
(a) $\frac{2}{3}$ (b) $\frac{4}{3}$ (c) $\frac{5}{3}$ (d) $\frac{7}{3}$
98. একটি দ্রব্যের বাজারমূল্য 80 টাকা, 68 টাকায় তা বিক্রি করলে ছাড়ের হার কত?
(a) 12% (b) 15% (c) 13% (d) 14%
99. $x^2 - 8x + 15$ রাশিটির উৎপাদকগুলি হল:
(a) $(x - 5)(x + 5)$ (b) $(x - 8)(x + 7)$ (c) $(x - 5)(x - 3)$ (d) $(x - 8)(x - 7)$
100. $(A + B) = 8$ এবং $(A - B) = 6$ হলে, AB-এর মান কত?
(a) 7 (b) 14 (c) 21 (d) 28

### উত্তর

1(c), 2(c), 3(b), 4(d), 5(c), 6(c), 7(b), 8(a), 9(a), 10(a), 11(c), 12(b), 13(c), 14(d), 15(d), 16(b), 17(b), 18(b), 19(a), 20(a), 21(a), 22(c), 23(d), 24(b), 25(b), 26(c), 27(d), 28(a), 29(b), 30(b), 31(a), 32(a, 33(a), 34(c), 35(d), 36(b), 37(d), 38(b), 39(a), 40(b), 41(b), 42(b), 43(a), 44(b), 45(b), 46(c), 47(c), 48(d), 49(b), 50(b), 51(d), 52(c), 53(d), 54(d), 55(c), 56(a), 57(c), 58(b), 59(c), 60(c), 61(d), 62(a), 63(a), 64(a), 65(a), 66(d), 67(c), 68(d), 69(d), 70(b), 71(d), 72(d), 73(c) 74(a), 75(c), 76(b), 77(a), 78(c), 79(c), 80(a), 81(d), 82(d), 83(a), 84(b), 85(d), 86(b), 87(d), 88(c), 89(c), 90(a), 91(c), 92(b), 93(c), 94(c), 95(b), 96(b), 97(a), 98(b), 99(c), 100(a).

### সমাধান

76(b): ষড়ভুজের সমস্ত কোণের সমষ্টি $= 2(n - 2) \times 90° = 2(6 - 2) \times 90°$
$= 2 \times 4 \times 90° = 720°$
প্রদত্ত পাঁচ কোণের সমষ্টি $= (73° + 97° + 146° + 138° + 145°) = 599°$
∴ ষষ্ঠ কোণটি হবে $(720° - 599°) = 121°$.
77(a): সুষম বহুভুজের বহিঃকোণ $= (180° - 150°) = 30°$
বাহুসংখ্যা $= \frac{360°}{\text{বহিঃকোণ}} = \frac{360°}{30°} = 12$টি।
78(c): $1 + 2 + 3 = (6)$ এটি যুগ্ম, কিন্তু $2 + 3 + 4 = (9)$ এটি অযুগ্ম।
79(c):
```
     1296|36  = 36
     9
 66 | 396
    | 396
```
80(a): ত্রিভুজের কোণত্রয়ের সমষ্টি সর্বদা 180° হবে, $(90° + 45° + 45°) = 180°$.
81(d): 5টি সংখ্যার গড় 8 হলে, সংখ্যাগুলির সমষ্টি হবে $(8 \times 5) = 40$
4টি সংখ্যা যথাক্রমে $(6 + 10 + 12 + 8)$, এদের যোগফল = 36
∴ x-এর মান = (5টি সংখ্যার যোগফল – 4টি সংখ্যার যোগফল) = 40 – 36 = 4.
82(d): ধরি চতুর্থ সমানুপাতি = x
∴ প্রশ্নানুযায়ী $\frac{4}{7} = \frac{15}{x}$ or, $4x = 105$
or, $x = \frac{105}{4} = 26.25$.
83(a): 30kg পিতলে 10kg দস্তা থাকলে, তামা থাকবে (30kg – 10kg) = 20kg
∴ তামা : দস্তা = 20 : 10 = 2 : 1.
84(b): এখানে সংখ্যামালার চলসংখ্যা = 3টি (সেগুলি হল x, y, z)।
85(d):




AB = AC ∴ AC < BC.
86(b): সূত্রানুসারে সংখ্যাদু'টির অনুপাত (9 + 5) : (9 – 5) = 14 : 4 = 7 : 2.
87(d): B-এর মূলধন A-এর দ্বিগুণ
∴ A-এর লাভ 400 টাকা হলে, ∴ B-এর লাভ হবে 400 × 2 = 800 টাকা।
88(c): এটি রম্বসের সংজ্ঞার সঙ্গে মানানসই।
89(c): $250 \times \frac{x}{100} = 20$, or, $\frac{250x}{100} = 20$, or $250x = 2000$
or, $x = \frac{2000}{250} = 8$.
90(a): পরপর তিনটি সংখ্যার গুণফল সর্বদা 6 দ্বারা বিভাজ্য।
যেমন, 2 × 3 × 4 = 24, 5 × 6 × 7 = 210 ইত্যাদি।
91(c) $(x + y) = 15$, $(x - y) = 8$, $x^2 - y^2 = ?$
$x^2 - y^2 = (x + y)(x - y) = 15 \times 8 = 120$.
92(b): গুণফল = (যোগফল + বিয়োগফল) (যোগফল – বিয়োগফল) ÷ 4
$= (6 + 2)(6 - 2) \div 4 = 8 \times 4 \div 4 = \frac{32}{4} = 8$.
93(c): ওপরের মান ও নীচের মানের যোগফল সর্বদা 7 হবে।
94(c): A, B, C-এর মোট বয়স = (10 + 15 + 20) = 45 বছর
এদের গড় বয়স $= \frac{45 \text{ বছর}}{3} = 15$ বছর।
95(b): ল.সা.গু. $= \frac{\text{রাশিদু'টির গুণফল}}{\text{গ.সা.গু.}} = \frac{a^3 + b^3}{a + b} = \frac{(a + b)(a^2 - ab + b^2)}{a + b}$
$= a^2 - ab + b^2$.
96(b): 30, 50 সংখ্যাদু'টি দু'বার করে থাকার জন্য এর Mode দুই হবে।
97(a): হর অপরিবর্তিত থাকলে, লবের মান যত ছোট হবে, সংখ্যা তত ছোট হবে।
98(b): 80 টাকার জিনিস বিক্রি করে 68 টাকায়
1 টাকার জিনিস বিক্রি করে $\frac{68}{80}$ টাকায়
100 টাকার জিনিস বিক্রি করে $\frac{68 \times 100}{80} = 85$ টাকায়
∴ ক্ষতির মাত্রা = (100% – 85%) = 15%.
99(c): $x^2 - 5x - 3x + 15$ or, $x(x - 5) - 3(x - 5)$ or, $(x - 5)(x - 3)$.
100(a): $4ab = (a + b)^2 - (a - b)^2$
or, $4ab = (8)^2 - (6)^2$ or, $4ab = 64 - 36$ or, $4ab = 28$
or, $ab = \frac{28}{4} = 7$.

### দ্বিতীয় সেট

1. নীচের কোন ভিটামিনটি জলে দ্রবণীয় ভিটামিন?
(a) A (b) B (c) D (d) K
2. যেসব উদ্ভিদের মধ্যে মৃতজীবী পুষ্টি দেখা যায় তাদের কী বলা হয়?
(a) সিমবায়োসিস (b) কমেনসালিজম (c) স্যাপ্রোফাইট (d) হলোজয়িক
3. দেহ পরিপোষক খাদ্যের একটি উদাহরণ হল:
(a) প্রোটিন (b) জল (c) খনিজ লবণ (d) ভিটামিন
4. উদ্ভিদের মূল দ্বারা শোষিত জল কোন পথের মাধ্যমে পাতায় পরিবাহিত হয়?
(a) ফ্লোয়েম (b) জাইলেম (c) a এবং b উভয়ই (d) কোনওটিই নয়
5. প্রোটোপ্লাজমের প্রবাহতত্ত্বের প্রবক্তা হলেন:
(a) ডিক্সন (b) জলি (c) ব্রিস (d) হার্টিগ
6. অ্যামিবার গমন অঙ্গের নাম কী?
(a) সিটা (b) নালিকাপদ (c) সন্ধিলপদ (d) ক্ষণপদ
7. মাছের গমনের সময় কোনটি হালের কাজ করে?
(a) পুচ্ছ পাখনা (b) শ্রোণি পাখনা (c) বক্ষ পাখনা (d) কোনওটিই নয়
8. মানবদেহের দীর্ঘতম হাড় কোনটি?
(a) হিউমেরাস (b) ফিবুলা (c) ফিমার (d) রেডিয়াস
9. পাইন গাছ থেকে কোন গুরুত্বপূর্ণ রেচন পদার্থ পাওয়া যায়?
(a) রজন (b) অ্যাট্রোপিন (c) গঁদ (d) তরুক্ষীর
10. সোয়ান কোষ কোথায় দেখা যায়?
(a) ডেনড্রন (b) কোষদেহে (c) অ্যাক্সনে (d) স্যাইন্যাপসে
11. প্রাণীদেহে কে উদ্দীপনা পরিবহণ করে?
(a) স্নায়ুকোষ (b) অস্থিকোষ (c) হরমোন (d) এক্সিনটিক কোষ
12. গুপ্তবীজির জনন অঙ্গ কোনটি?
(a) মূল (b) কাণ্ড (c) পাতা (d) ফুল
13. বৃক্ষের বয়স কীভাবে নির্ধারণ করা যায়?
(a) কাণ্ডে বর্তমান বলয়ের সংখ্যা গণনা করে (b) পাতার সংখ্যা গণনা করা (c) শাখার সংখ্যা গণনা করে (d) বৃক্ষের আকার পরিমাপ করে
14. ATP কী?
(a) একটি উৎসেচক (b) একটি প্রোটিন (c) একটি হরমোন (d) একটি উচ্চশক্তি সম্পন্ন বন্ধনযুক্ত অণু
15. প্রকৃতিতে উৎপন্ন সবথেকে জটিল মৌল কোনটি?
(a) হাইড্রোজেন (b) ইউরেনিয়াম (c) হিলিয়াম (d) জেনন
16. ইউরেনিয়াম মৌলের পরমাণু সংখ্যা ক'টি?
(a) 90 (b) 91 (c) 92 (d) 93
17. কোন মৌলের পরমাণু ক্রমাঙ্ক 100?
(a) ফার্মিয়াম (b) এর্বিয়াম (c) হিলিয়াম (d) আয়রন
18. ল্যান্থানাম মৌলটির চিহ্ন কোনটি?
(a) Lr (b) La (c) Li (d) Lu
19. কোন অধাতুটি সাধারণ অবস্থায় তরল থাকে?
(a) ব্রোমিন (b) কার্বন (c) ফ্লুরিন (d) ক্লোরিন
20. লেডের মধ্যে কোন কোন ধাতুর মিশ্রণ থাকে?
(a) টাইপ মেটাল ও সলডার (b) ব্রোঞ্জ ও ব্রাস (c) ইনভার ও দুরিরন (d) ক্যালেজ ও অ্যালয়
21. অ্যাসেটিক অ্যাসিড কোথা থেকে উৎপন্ন হয়?
(a) প্রোটিনসমূহ (b) ভিটামিন সি (c) ভিনিগার (d) দুধ
22. কে জলকে রাসায়নিক যৌগ হিসেবে প্রমাণ করেছিলেন?
(a) চার্লস (b) বয়েল (c) ল্যামবার্ট (d) ক্যাভেন্ডিশ
23. হাইস্পিড ফটোগ্রাফিতে কোন গ্যাস ব্যবহার করা হয়ে থাকে?
(a) ইথার (b) ইথিলিন (c) হিলিয়াম (d) ক্রিপ্টন
24. নীচের কোনটি সবচেয়ে শক্তিশালী জারক?
(a) ফ্লুওরিন (b) ক্লোরিন (c) ব্রোমিন (d) আয়োডিন
25. সঞ্চয়ক কোষে কোন পদার্থটি ব্যবহৃত হয়?

*এরপর কুড়ির পাতায়*

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

(a) কপার (b) লেড (c) অ্যালুমিনিয়াম (d) জিঙ্ক

26. কোনও বস্তুর পৃথিবীর কেন্দ্রে ওজন কত?
(a) শূন্য (b) 5 (c) 100 (d) –1

27. গতি পরিবর্তনের হারকে কী বলে?
(a) দ্রুতি (b) বেগ (c) ত্বরণ (d) মন্দন

28. কেলভিন এককের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(a) ভর (b) সময় (c) তড়িৎপ্রবাহ (d) তাপমাত্রা

29. বৈদ্যুতিক বাতির মধ্যে কোন নিষ্ক্রিয় গ্যাস থাকে?
(a) জেনন (b) আর্গন (c) রেডন (d) ক্রিপটন

30. সময়ের সাপেক্ষে কার্য করার হারকে কী বলে?
(a) ক্ষমতা (b) জুল (c) শক্তি (d) বেগ

31. ভারতের জাতীয় প্রতীক কোনটি?
(a) পদ্মফুল (b) সিংহের মূর্তি (c) সিংহ (d) গোরু

32. 15 অগস্ট ভারতের সঙ্গে আর কোন দেশ স্বাধীনতা লাভ করেছিল?
(a) কঙ্গো (b) ইন্দোনেশিয়া (c) চিন (d) পাকিস্তান

33. 'বিশ্ব এইডস দিবস' কোনটি?
(a) 1 অক্টোবর (b) 12 ডিসেম্বর (c) 1 ডিসেম্বর (d) 13 নভেম্বর

34. প্রথম কোন মহিলা জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছিলেন?
(a) মহাদেবী বর্মা (b) মহাশ্বেতা দেবী (c) অমৃতা প্রীতম (d) আশাপূর্ণা দেবী

35. পরিবেশ নিয়ে প্রথম আন্তর্জাতিক সম্মেলন কোথায় হয়েছিল?
(a) নয়াদিল্লি (b) নিউ ইয়র্ক (c) স্টক হোম (d) ব্রাজিল

36. ডঃ সালিম আলি কে ছিলেন?
(a) হেরপেটোলজিস্ট (b) কীটতত্ত্ববিদ (c) ভূতত্ত্ববিদ (d) পক্ষীতত্ত্ববিদ

37. সিলিকোসিস রোগে কোন অঙ্গ আক্রান্ত হয়?
(a) হৃৎপিণ্ড (b) যকৃৎ (c) ফুসফুস (d) ক্ষুদ্রান্ত্র

38. বাস্তুতন্ত্রে কোনটি বিয়োজক রূপে কাজ করে?
(a) সবুজ উদ্ভিদ (b) গৌণ খাদক (c) ব্যাক্টেরিয়া (d) প্রগৌণ খাদক

39. প্রথম কোন ভারতীয় মহিলা এশিয়ান গেমসে সোনা জেতেন?
(a) পি টি উষা (b) সুনীতা রাণি (c) সাইনি আব্রাহাম (d) কমলজিৎ সিন্ধু

40. অক্সিজেনের সাহায্য ছাড়া কোন ভারতীয় সর্বপ্রথম এভারেস্ট আরোহণ করেন?
(a) তেনজিং নোরগে (b) ফু দোরজি (c) মিহির সেন (d) সুব্রত মুখার্জি

41. ভারতের সবথেকে বৃহৎ রাজ্য কোনটি?
(a) পশ্চিমবঙ্গ (b) গোয়া (c) মধ্যপ্রদেশ (d) রাজস্থান

42. কোন রাজ্য সবচেয়ে বেশি চিনি উৎপন্ন করে?
(a) মধ্যপ্রদেশ (b) অন্ধ্রপ্রদেশ (c) উত্তরপ্রদেশ (d) অরুণাচল প্রদেশ

43. রাষ্ট্রীয় রসায়ন প্রয়োগশালা কোথায় অবস্থিত?
(a) পুনে (b) বেঙ্গালুরু (c) লখনউ (d) নিউ দিল্লি

44. প্রথম নলজাতক বাছুরের নাম কী?
(a) বাসন্তী (b) সোনা (c) গোবৎস (d) প্রথম

45. প্রথম আন্টার্কটিকা অভিযানে দলের সদস্যসংখ্যা কত ছিল?
(a) 21 (b) 22 (c) 23 (d) 30

46. অমৃতসরের স্বর্ণমন্দির কোন শিখ গুরু নির্মাণ করেন?
(a) গুরু নানক (b) গুরু অঙ্গদ (c) গুরু রামদাস (d) গুরু তেগবাহাদুর

47. বেঙ্গালুরু কোন রাজ্যের রাজধানী?
(a) কর্নাটক (b) কেরল (c) অন্ধ্রপ্রদেশ (d) মধ্যপ্রদেশ

48. 'জঙ্গল বুক' বইটি কে লিখেছিলেন?
(a) মহঃ সালিম (b) আর কিপলিং (c) শিবু (d) এঁদের কেউই নন

49. কে বলেছিলেন 'মানুষ হল রাজনৈতিক পশু'?
(a) দান্তে (b) প্লুটো (c) অ্যারিস্টটল (d) সক্রেটিস

50. 'গীতগোবিন্দ' কে রচনা করেছিলেন?
(a) কবীর দাস (b) তুলসীদাস (c) জয়দেব (d) মৈথিলী শরন গুপ্তা

51. 75 মিটার লম্বা একটি ট্রেন ঘণ্টায় 60 কিমি বেগে যায়। একটা গাছকে অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?
(a) 12 সেকেন্ড (b) 4 সেকেন্ড (c) 8 সেকেন্ড (d) 4.5 সেকেন্ড

52. A তার বাড়ি থেকে B-এর বাড়ির দিকে সাইকেলে ঘণ্টায় 10 কিমি বেগে এবং B তার বাড়ি থেকে A-এর বাড়ির দিকে ঘণ্টায় 6 কিমি বেগে যেতে লাগল। যখন দু'জনের সাক্ষাৎ হল তখন একজন অন্যজন অপেক্ষা 12 কিলোমিটার বেশি গেছে। উভয়ের বাড়ির মধ্যে দূরত্ব কত?
(a) 35 কিমি (b) 30 কিমি (c) 37 কিমি (d) 48 কিমি

53. একটি চৌবাচ্চা একটি নল দ্বারা 30 মিনিটে ভর্তি হয় অপর এটি নল দিয়ে 40 মিনিটে খালি হয়। দু'টি নলই একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?
(a) 1 ঘণ্টা 45 মিনিট (b) 2 ঘণ্টা 10 মিনিট (c) 3 ঘণ্টা (d) 2 ঘণ্টা

54. একটি ক্যাম্পে 375 জনের 7 দিনের খাবার মজুত ছিল। 1 দিন পর 150 জন লোক অন্যত্র চলে গেলে বাকি খাদ্যে অবশিষ্ট লোকের কতদিন চলবে?
(a) 10 দিন (b) 11 দিন (c) 13 দিন (d) 9 দিন

55. ব্যাঙ্ক থেকে টাকা ধার নিলে বছরে 15% সুদ দিতে হয়, কিন্তু ঋণ সমবায় সমিতি বছরে 10% সুদ নেয়। যদি কোনও ব্যক্তি 3 বছরের জন্য 3,500 টাকা ব্যাঙ্ক থেকে ধার না নিয়ে সমবায় সমিতি থেকে নেন, তবে তাঁর কত টাকা সাশ্রয় হবে?
(a) 300 টাকা (b) 350 টাকা (c) 525 টাকা (d) 625 টাকা

56. একটি ব্যবসায় A 12,000 টাকা খাটায়। কিছুদিন পরে B 16,000 টাকা দিয়ে ওই ব্যবসাতে যুক্ত হয়। B টাকা দেওয়ার 9 মাস পরে A এবং B উভয়েই সমপরিমাণ টাকা লভ্যাংশ হিসাবে পায়। A-এর টাকা কত দিন ওই ব্যবসায়ে নিয়োজিত ছিল?
(a) 1 বছর (b) 11 মাস (c) 2 বছর (d) 6 মাস

57. A এবং B-এর বর্তমান বয়সের অনুপাত 4 : 5 এবং 5 বছর পরে তাদের বয়সের অনুপাত 5 : 6 হবে। তাদের বয়স কত?
(a) A-র 20 বছর ও B-এর 25 বছর (b) A-র 21 বছর ও B-এর 22 বছর (c) A-র 18 বছর ও B -এর 24 বছর (d) A-এর 23 বছর ও B-এর 28 বছর

58. দু'টি সংখ্যার অনুপাত 3 : 10; প্রত্যেক সংখ্যার সঙ্গে 6 যোগ করলে সংখ্যাদু'টির ব্যস্ত অনুপাত 12 : 5 হয়। সংখ্যাদু'টি নির্ণয় করুন।
(a) 9 এবং 27 (b) 9 এবং 30 (c) 22 এবং 9 (d) 20 এবং 9

59. কোনও বিশেষ প্রকার মিশ্র সার ইউরিয়া ও পটাশের অনুপাত 2 : 5। এরূপ 14 কিলোগ্রাম মিশ্র সারে 2 কিলোগ্রাম ইউরিয়া মেশালে নতুন মিশ্র সারে ইউরিয়া ও পটাশের অনুপাত কী হবে?
(a) 3 : 5 (b) 5 : 3 (c) 7 : 3 (d) 2 : 5

60. 10 জন লোক 18 দিনে একটি কাজ করতে পারে। 12 জন লোক কতদিনে তা করবে?
(a) 13 দিনে (b) 15 দিনে (c) 10 দিনে (d) 11 দিনে

61. 11টি সংখ্যার গড় 55, তার মধ্যে প্রথম 6টি সংখ্যার গড় 60, শেষ 6টি সংখ্যার গড় 50। তাহলে ষষ্ঠ সংখ্যাটি কত?
(a) 50 (b) 45 (c) 55 (d) 60

62. কোনও বিদ্যালয়ে ছাত্রদের 15% অনুপস্থিত এবং 340 জন উপস্থিত ছিল। বিদ্যালয়ে মোট ছাত্রসংখ্যা কত?
(a) 600 (b) 450 (c) 300 (d) 400

63. একটি 75 টাকা দামের ছবির বিক্রয়মূল্য প্রথমে 20% বেড়ে পরে 20% কমল। এখন তার মূল্য কত?
(a) 72 টাকা (b) 55 টাকা (c) 85 টাকা (d) 65 টাকা

64. দুই বন্ধু সাইকেলে চেপে একই সময়ে একই স্থান থেকে একই অভিমুখে যাত্রা শুরু করে। তাদের গতিবেগ যথাক্রমে 8 কিমি/ঘণ্টা এবং 5 কিমি/ঘণ্টা হলে, 3 ঘণ্টা পর তাদের মধ্যে দূরত্ব কত হবে?
(a) 6 কিমি (b) 9 কিমি (c) 8 কিমি (d) 7 কিমি

65. একটি ট্রেন তার নিজস্ব বেগের $\frac{2}{5}$ অংশে বেগ নিয়ে চললে কোনও এক জায়গায় 15 ঘণ্টায় পৌঁছায়। যদি ট্রেনটি নিজস্ব বেগে চলে তাহলে কতক্ষণে পৌঁছবে?
(a) 6 ঘণ্টায় (b) 6 ঘণ্টা 45 মিনিটে (c) 5 ঘণ্টা (d) 7 ঘণ্টা 30 মিনিটে

66. একটি নৌকা স্রোতের অনুকূলে একটি নির্দিষ্ট দূরত্ব 5 ঘণ্টায় এবং স্রোতের প্রতিকূলে ওই দূরত্ব 8 ঘণ্টায় অতিক্রম করে। স্রোতের বেগ 3 কিমি/ঘণ্টা হলে, স্থানদু'টির মধ্যে দূরত্ব কত?
(a) 40 কিমি (b) 60 কিমি (c) 80 কিমি (d) 75 কিমি

67. দিনের তাপমাত্রা প্রথম দুপুরে 12% বৃদ্ধি পেয়ে বিকেলে 12% কমে গেল। মোটের ওপর সারা দিনে তাপমাত্রা কত বৃদ্ধি বা হ্রাস পেল?
(a) তাপমাত্রা একই থাকবে (b) 2% বৃদ্ধি পেল (c) 2% হ্রাস পেল (d) 1.44% হ্রাস পেল

68. একটি আয়তক্ষেত্রের পরিসীমা 16 সেমি এবং প্রস্থ 2 সেমি হলে, তার ক্ষেত্রফল কত?
(a) 19 বর্গসেমি (b) 12 বর্গসেমি (c) 10 বর্গসেমি (d) 9 বর্গসেমি

69. দু'অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদুটির সমষ্টি 12। সংখ্যাটি থেকে 31 বিয়োগ করলে সংখ্যাটির অঙ্কদু'টি সমান হয়। সংখ্যাটি কত?
(a) 57 (b) 84 (c) 75 (d) কোনওটিই নয়

70. A একা একটি কাজ 20 দিনে এবং B একা ওই কাজ 30 দিনে করতে পারে। তারা একত্রে করলে কত দিনে কাজটি শেষ করবে?
(a) 8 দিনে (b) 50 দিনে (c) 25 দিনে (d) 12 দিনে

71. কোনও দ্রব্য বিক্রি করে 15% ক্ষতি হলে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত হবে?
(a) 20 : 17 (b) 22 : 28 (c) 30 : 50 (d) 15 : 85

72. সুদের হার 3% বাড়লে 5000 টাকার 2 বছরের সুদের পার্থক্য কত হবে?
(a) 350 টাকা (b) 280 টাকা (c) 300 টাকা (d) 400 টাকা

73. একটি ক্রিকেট খেলায় ছয়জন ব্যাটসম্যানের পাঁচজন যথাক্রমে 15, 85, 21, 45, 67 রান করেছে। গড় রান 50 হলে ষষ্ঠ জন কত রান করেছে?
(a) 55 (b) 87 (c) 34 (d) 67

74. রাম 40,000 টাকা মূলধন নিয়ে একটি ব্যবসা শুরু করার 6 মাস পরে শ্যাম 80,000 টাকা মূলধন নিয়ে ওই ব্যবসাতে যোগ দেন। বছরের শেষে 10,000 টাকা লাভ হলে, শ্যাম কত টাকা পাবেন?
(a) 3,000 টাকা (b) 5,000 টাকা (c) 9,000 টাকা (d) 12,000 টাকা

75. 12 জনের একটি অভিযাত্রী দলে 24 এবং 26 বছর বয়সী দু'জন মহিলার পরিবর্তে দু'জন পুরুষ এলে সকলের গড় বয়স 2 বছর বৃদ্ধি পায়। দু'জন লোকের গড় বয়স কত?
(a) 44 (b) 55 (c) 28 (d) 37

76. নীচের কোনটি সঠিক হবে যদি দেওয়া সমীকরণের চিহ্নগুলিকে interchange করা হয় $25 \div 5 + 17 \times 2 - 6 = 10$
(a) ÷ and – (b) + and – (c) × and – (d) ÷ and +

77. * হল একটি operator যাকে defined করা হয়েছে $x * x = x + y + 4xy$ তবে 2 * 3-এর মান নির্ণয় করুন।
(a) 5 (b) 24 (c) 29 (d) 19

78. নীচের ক্রম অনুযায়ী সদৃশ Setটি বের করুন:
RntZ , FejK, Btbs, tfNL
(a) FGhL (b) rRQd (c) NOqB (d) GgTj

79. Which one is like a car, aeroplane and truck?
(a) Bus (b) Ox-cart (c) Road ways (d) All of the above

80. 5টি শিশুর Psychological test করা হল তাদের বুদ্ধি পরিমাপের জন্য। Report-এ দেখা গেল A শিশুর বুদ্ধি B শিশুর চেয়ে কম। C শিশুর বুদ্ধি D শিশুর থেকে কম। B শিশুর বুদ্ধি C শিশুর চেয়ে কম এবং A শিশুর বুদ্ধি E শিশুর থেকে বেশি। কোন শিশুটি সবচেয়ে বেশি বুদ্ধিমান?
(a) A (b) B (c) C (d) D (e) E

81. নীচের কোন শব্দটি option দেওয়া শব্দের অক্ষরগুলি দ্বারা গঠিত নয়?
RELUCTANT
(a) REGLANT (b) CULTURE (c) TREAT (d) CREATE

82. নীচের কোন শব্দটি option দেওয়া শব্দের অক্ষরগুলি দ্বারা গঠিত?
OTHERWISE
(a) SHORT (b) WASTE (c) HOVER (d) ITEMS

83. যদি THORN শব্দটিকে নতুনভাবে সাজিয়ে লেখা হয় তাহলে এটি একটি দিক নির্দেশ করে। ওই নতুন শব্দটির ডানদিক থেকে দ্বিতীয় অক্ষর কোনটি হবে?
(a) T (b) N (c) O (d) H

84. যদি 1-12-91 প্রথম রবিবার হয়, তাহলে 1991 সালের ডিসেম্বর মাসের চতুর্থ মঙ্গলবার কোন তারিখ হবে?
(a) 24-12-91 (b) 31-12-91 (c) 17-12-91 (d) 26-12-91

85. যদি কোনও মাসের পঞ্চম দিন শুক্রবার হয় তাহলে ওই মাসের 10 তারিখের পরের সপ্তম দিন কোনটি হবে?
(a) বুধবার (b) মঙ্গলবার (c) সোমবার (d) শুক্রবার

86. 12 ঘণ্টার মধ্যে ঘড়ির কাঁটা কতবার সমকোণ তৈরি করে?
(a) 16 (b) 12 (c) 18 (d) 24

87. একটি ফটো দেখিয়ে এক ব্যক্তি বলল 'উনি হন আমার বোনের ভাইয়ের বাবার মায়ের স্বামী' ফটোর ব্যক্তির সঙ্গে লোকটির সম্পর্ক কী?
(a) বাবা (b) কাকা (c) ঠাকুরদাদা (d) কোনওটিই নয়

88. Acting : Theatre : Gambling : ?
(a) Club (b) Bar (c) Gymm (d) Casino

89. নীচের দেওয়া Order গুলির মধ্যে কোনটি সঠিক Order হবে?
1. Mother 2. Child 3. Milk 4. Cry 5. Smile
(a) 32154 (b) 24135 (c) 15243 (d) 24315

90. যদি grey বলতে brown, white বলতে pink, red বলতে grey, black বলতে red এবং brown বলতে white-কে বোঝায় তাহলে কয়লার রং কী?
(a) brown (b) white (c) red (d) pink

91. যদি 643 দিয়ে she is beautiful, 593 দিয়ে he is handsome এবং 567 দিয়ে handsome meets beautiful বোঝানো হয় তাহলে কোন নম্বর দিয়ে meets-কে বোঝানো হয়েছে?
(a) 5 (b) 3 (c) 7 (d) 6

92. ক্লাসে 53 জন ছাত্রীর মধ্যে রিমির র‍্যাঙ্ক 5। পিছনদিক থেকে রিমির র‍্যাঙ্ক কত?
(a) 48 (b) 49 (c) 50 (d) 47

93. নীচের জটলা থেকে এক পূর্ণ শব্দ বানান এবং অক্ষরগুলির সঠিক সংখ্যা নির্দেশ করুন:

| L | E | T | O | N | S | C | I | E |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |

(a) 231548769 (b) 691273845 (c) 412768935 (d) 831452679

94. যদি ENTERTAINMENT শব্দটির প্রথম, তৃতীয়, পঞ্চম, সপ্তম, দশম ও ত্রয়োদশ অক্ষরগুলি দিয়ে একটি অর্থবহ শব্দ তৈরি করা হয় তাহলে কোন দু'টি অক্ষর শব্দটির একেবারে মাঝে থাকবে?
(a) AA (b) TT (c) RR (d) NN

95. 20 : 11 : : 102 : ?
(a) 52 (b) 49 (c) 61 (d) 96

96.

| | | |
|---|---|---|
| 6 | 6 | 8 |
| 5 | ? | 5 |
| 4 | 3 | 8 |
| 120 | 126 | 320 |

(a) 8 (b) 6 (c) 7 (d) 5

97.

| | | |
|---|---|---|
| F | K | Q |
| H | G | O |
| E | J | ? |

(a) R (b) S (c) Q (d) O

98.



(a) 444 (b) 515 (c) 343 (d) 373

99. Dice-এর দুটো অবস্থান দেখানো হল। যখন 4 নীচে থাকে, ওপরে কত থাকবে?



(a) 3 (b) 2 (c) 1 (d) 5

100. Sweet , Sugar, Tea


(a) (b) (c) (d)

### উত্তর

1(b), 2(c), 3(a), 4(b), 5(c), 6(d), 7(a), 8(c), 9(a), 10(a), 11(a), 12(d), 13(a), 14(d), 15(b), 16(c), 17(a), 18(b), 19(a), 20(a), 21(c), 22(d), 23(d), 24(a), 25(b), 26(a), 27(a), 28(d), 29(b), 30(a), 31(b), 32(a), 33(c), 34(d), 35(c), 36(d), 37(c), 38(c), 39(d), 40(b), 41(d), 42(c), 43(a), 44(d), 45(a), 46(c), 47(a), 48(b), 49(c), 50(c), 51(d), 52(d), 53(d), 54(a), 55(c), 56(a), 57(a), 58(b), 59(a), 60(b), 61(c), 62(d), 63(a), 64(b), 65(a), 66(c), 67(d), 68(b), 69(c), 70(d), 71(a), 72(c), 73(d), 74(b), 75(d), 76(c), 77(c), 78(b), 79(a), 80(d), 81(a), 82(a), 83(a), 84(a), 85(a), 86(d), 87(c), 88(d), 89(b), 90(c), 91(c), 92(b), 93(b), 94(b), 95(a), 96(c), 97(d), 98(c), 99(c), 100(c).

সমাধান আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সুস্মিতা বেরা এবং কমল বৈদ্য

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার

স্টাইপেন্ডারি ট্রেনি, আপার ডিভিশন ক্লার্ক এবং স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি পদে ২১০ জন কর্মী নেবে ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে সংস্থার কলপক্কম কেন্দ্রে। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 03/2018.

শূন্যপদের বিবরণ: **স্টাইপেন্ডারি ট্রেনি: ক্যাটেগরি-১: গ্রুপ বি:** পোস্ট কোড CAT-I/01: **মেকানিক্যাল:** ২৭টি (সাধারণ ১৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড CAT-I/03: **ইলেক্ট্রিক্যাল:** ১৮টি (সাধারণ ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড CAT-I/04: **ইলেক্ট্রনিক্স:** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড CAT-I/05: **ইনস্ট্রুমেন্টেশন:** ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড CAT-I/06: **কেমিক্যাল:** ৯টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজিতে ডিপ্লোমা।

পোস্ট কোড CAT-I/07: **কেমিস্ট্রি:** ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে বি এসসি।

পোস্ট কোড CAT-I/08: **ফিজিক্স:** ৭টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে বি এসসি।

**বয়স:** ১৭-৬-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** ট্রেনিংয়ের প্রথম ও দ্বিতীয় বছরে যথাক্রমে ১৬,০০০ টাকা ও ১৮,০০০ টাকা। বইয়ের খরচ বাবদ এককালীন ৩,০০০ টাকা দেওয়া হবে। সফলভাবে প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট/সি পদে।

**ক্যাটেগরি-২: গ্রুপ সি:** পোস্ট কোড CAT-II/01: **প্লান্ট অপারেটর:** ২৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৯, ও বি সি ৬)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট) ট্রেডে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

পোস্ট কোড CAT-II/02: **ইলেক্ট্রিশিয়ান:** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, ও বি সি ৪)। পোস্ট কোড CAT-II/03: **ইলেক্ট্রনিক মেকানিক:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ১)। পোস্ট কোড CAT-II/04: **ওয়েল্ডার (জি এম এ ডব্লু এবং জি টি এ ডব্লু):** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পোস্ট কোড CAT-II/05: **মেকানিক্যাল মেশিন টুল মেইন্টেন্যান্স:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পোস্ট কোড CAT-II/06: **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৫, ও বি সি ৩)। পোস্ট কোড CAT-II/07: **ফিটার:** ২০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১২, ও বি সি ৫)। পোস্ট কোড CAT-II/08: **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক মেকানিক বা ওয়েল্ডার বা মেকানিক্যাল মেশিন টুল মেইন্টেন্যান্স বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ফিটার বা ড্রাফটসম্যান-মেকানিক্যাল বা রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং বা মেশিনিস্ট ট্রেডে অন্তত ১ বছর মেয়াদের আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

পোস্ট কোড CAT-II/12: **ল্যাব অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্স/কেমিস্ট্রি):** ১৯টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৭, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

**বয়স:** ১৭-৬-২০১৮ তারিখে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** ট্রেনিংয়ের প্রথম বছরে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছরে ১২,৫০০ টাকা। বইয়ের খরচ বাবদ এককালীন ৩,০০০ টাকা দেওয়া হবে। সফলভাবে প্রশিক্ষণ শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান বি ও সি পদে।

**অ্যাডমিনিস্ট্রেটিভ পোস্ট:** গ্রুপ সি: পোস্ট কোড ADM-01: **আপার ডিভিশন ক্লার্ক:** ৭টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা এবং কম্পিউটার ডেটা প্রসেসিং বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ১৭-৬-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ADM-02: **স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি:** ১০টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা এবং মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ডেটা প্রসেসিং বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ১৭-৬-২০১৮ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: প্রতি মাসে ২৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিবাহ না করে থাকলে এবং ৩৫ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড/স্কিল টেস্ট ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্রুপ বি ক্যাটেগরির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। গ্রুপ সি ক্যাটেগরির ক্ষেত্রে পরীক্ষাকেন্দ্রগুলি হল: চেন্নাই, কোয়েম্বাটুর, কাঞ্চিপুরম এবং মাদুরাই।

স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। স্টাইপেন্ডারি ট্রেনি-ক্যাটেগরি-২-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা এবং ট্রেড/স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম পর্যায়ে ১৫০ নম্বরের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, সায়েন্স এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় ১৫০ নম্বরের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেড বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা।

আপার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে থাকবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা। প্রথম পত্রে ৩০০ নম্বরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা।

স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে নেওয়া হবে ৩০০ নম্বরের লিখিত পরীক্ষা এবং স্টেনোগ্রাফি স্কিল টেস্ট। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো এবং সই আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-১-এর ক্ষেত্রে ২০০ টাকা এবং স্টাইপেন্ডারি ট্রেনি ক্যাটেগরি-২, স্টেনোগ্রাফার ও ক্লার্কের ক্ষেত্রে ১০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্ত এবং ই-রিসিপ্টের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ভ্রম সংশোধন

'কর্মক্ষেত্র'-র ২৫ মে, ২০১৮ সংখ্যার প্রথম পৃষ্ঠায় 'ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শিরোনামে ভুলবশত হেভি ওয়াটার বোর্ডে ২০৯ জন স্টাইপেন্ডারি ট্রেনি নিয়োগের খবর প্রকাশিত হয়েছে। এই সংখ্যায় অ্যাটমিক রিসার্চের নিয়োগের খবরটি প্রকাশিত হল। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আমরা দুঃখিত।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ


উচ্চমাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতায়
হোটেল, হসপিটালিটি ও ট্যুরিজমে উজ্জ্বল
কেরিয়ার গড়ার স্বপ্ন পূরণ করার জন্য
একমাত্র প্রতিষ্ঠান F-TEC
২০১৮ সেশনে ভর্তি চলছে

Aviation and Hospitality Sector
- Airport Management (Domestic)
- Diploma in Aviation and Hospitality Management
- Diploma in Travel and Tourism
- Diploma course in Hotel Management
- Certificate course for Ground Staff

NCDC Courses
- Office Management Skill
- Diploma in Finance and Banking (12 months)
- Tally with GST

প্রথম ১৫ জনের জন্য বিশেষ সুবিধা ৫০% টাকা কোর্সের শুরুতে এবং ৫০% টাকা এনরোলমেন্টের সময়।

সুযোগ-সুবিধা ঃ
I) 100% Job Assistance
II) Exclusive Tie-up with Airlines & Five & Seven Star Hotels
III) Bank Loan Facility
IV) AC Classroom
V) Wi-Fi Connectivity
VI) Free Separate Hostel (Boys & Girls)
VII) Regular Industry Visit
VIII) Books & Uniform Free
IX ) Concession for SC/ST/OBC/Girls

A Foresight Initiative
F-TEC SKILL DEVELOPMENT
Empowering INDIA & Indians


এরা হোটেল ইন্ডাস্ট্রিতে কর্মরত
National Skill Development Corporation
[N.S.D.C. Ministry of Skill Development & Entrepreneurship, Govt. of India]

F-TEC INSTITUTE
২৩৮, ডায়মন্ডহারবার রোড, কলকাতা-৮, বেহালা চৌরাস্তা (এডুকেশন ডেভেলপমেন্ট করপোরেশন)
৩৬সি, হালদার পাড়া রোড, হাজরা, কলকাতা-২৬ (কালীঘাট মেট্রো স্টেশনের পাশে)
8335069138 / 8335069131 / 8335069161

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কলকাতা পুলিশে ১৯৫ সিভিক ভলান্টিয়ার

*প্রথম পাতার পর*

শারীরিকভাবে সুস্থ হতে হবে। খেলাধুলায় পারদর্শী হলে এবং এন সি সি ক্যাডেট বা বয় স্কাউট বা এন এস এস গাইড বা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। কলকাতা পুলিশের আওতাধীন এলাকার স্থায়ী বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। অতিরিক্ত যোগ্যতা: ডিটেকটিভ ডিপার্টমেন্টের ক্ষেত্রে কম্পিউটারের ব্যবহার এবং ডেটা এন্ট্রি বিষয়ে জ্ঞান থাকতে হবে। ডগ স্কোয়াড এবং মাউন্টেড পুলিশের ক্ষেত্রে জীবজন্তুর সঙ্গে মেলামেশায় স্বচ্ছন্দ হতে হবে। হাউসিং এস্টেটের ক্ষেত্রে প্লাম্বিং বা কার্পেন্ট্রি বা ইলেক্ট্রিক বা মেসনারির কাজে অভিজ্ঞতা থাকতে হবে। স্পোর্টস সেকশনের ক্ষেত্রে প্রার্থীকে রাজ্যস্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে, কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, নির্বাচিত প্রার্থীরা কলকাতা পুলিশ বা রাজ্য সরকারের অন্য কোনও দপ্তরে এই নিয়োগকে স্থায়ী চাকরি বলে দাবি করতে পারবেন না।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.kolkatapolice.gov.in দরখাস্তের বয়ান এ-ফোর মাপের কাগজে প্রিন্ট করিয়ে নেবেন। যে-কোনও একটি ইউনিটের শূন্যপদের জন্য আবেদন করবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: APPLICATION FOR THE POST OF CIVIC VOLUNTEER. দরখাস্ত যে-ইউনিটের শূন্যপদের জন্য আবেদন করেছেন সেই ইউনিটের ঠিকানায় রাখা নির্দিষ্ট ড্রপ বক্সে ৫ জুন বিকেল ৫টার মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে। দরখাস্ত জমা দিতে হবে ডিটেকটিভ ডিপার্টমেন্টের ক্ষেত্রে এই ঠিকানায়: Deputy Commissioner of Police (II), Detective Department, 18, Lalbazar Street, Kolkata-700 001 এবং অন্য সবক'টি ইউনিটের ক্ষেত্রে জমা দেবেন এই ঠিকানায়: Deputy Commissioner of Police, Home Gurard Organization, 29, R.N. Mukherjee Road, Kolkata-700 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ১৯০ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

ভাষায় দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রতি মাসে ১৭,২২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.wbhealth.gov.in, www.north24parganas.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি 'District Health & Family Welfare Samiti'-এর অনুকূলে (অ্যাকাউন্ট নম্বর ৪২৪২১০১০০০৩৬৭১১, IFSC Code: BKID0004242, বারাসাত ব্রাঞ্চ) প্রদেয় হতে হবে। ফি নগদে জমা দেওয়া যাবে ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়।
- ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আধার কার্ড বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত সাধারণ বা রেজিস্টার্ড ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Chief Medical Officer of Health, Banamalipore, (Nursing Training School, District Hospital Campus), Barasat, North 24 Parganas, Pin-700 124. দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৬ জুন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

## ফল বেরোল

**বিজ্ঞপ্তি নম্বর 502/6856/CSSC/ESTT/2018 অনুসারে ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল স্কুল** সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত প্রধান শিক্ষক-শিক্ষিকা পদে নিয়োগের স্টেট লেভেল সিলেকশন টেস্ট-২০১৭-র ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.westbengalssc.com পার্সোন্যালিটি টেস্টের সময়সূচি কমিশনের তরফে এখনও প্রকাশ করা হয়নি। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সরকারি হাসপাতালে ৩৪৪ নিরাপত্তারক্ষী

*প্রথম পাতার পর*

ডিজাস্টার ম্যানেজমেন্ট-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ৫০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ে প্রশ্ন হবে কারেন্ট অ্যাফেয়ার্স এবং নিরাপত্তা রক্ষা বিষয়ে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kolkatapolice.gov.in অথবা ফর্ম সংগ্রহ করতে পারেন এই ঠিকানা থেকে: Office of the Deputy Commissioner of Police, Enforcement Branch, 112, Ripon Street, Kolkata-700 016. দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓অন্যান্য যোগ্যতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: APPLICATION FOR THE POST OF SECURITY PERSONNEL IN GOVT. HOSPITALS, KOLKATA ON CONTRACTUAL BASIS-2018. দরখাস্ত ৬ জুন বিকেল ৫টার মধ্যে সংশ্লিষ্ট পুলিশ স্টেশনে রাখা ড্রপ বক্সে সরাসরি জমা দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য সরকারের ক্লার্ক নিয়োগের বিজ্ঞপ্তি বেরোতে পারে শীঘ্রই

**নিজস্ব প্রতিনিধি:** শীঘ্রই পশ্চিমবঙ্গ সরকারের ক্লার্ক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সূত্রের খবর, রাজ্য জুড়ে সরকারি কার্যালয়গুলিতে ক্লার্কের অন্তত ৫০ হাজার শূন্যপদ রয়েছে। রাজ্য সরকারের সচিবালয়ে ২ হাজারের বেশি শূন্যপদ তৈরি হয়েছে।

## সচিবালয়ের ক্লার্কের শিক্ষাগত যোগ্যতা বাড়তে পারে

সচিবালয়ের ক্লার্ক পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতামান মাধ্যমিক থেকে বাড়িয়ে স্নাতক করার পরিকল্পনা রয়েছে। অর্থদপ্তরে এ-ব্যাপারে সিদ্ধান্তও হয়েছে। প্রস্তাবটি এখন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। তবে সচিবালয় ছাড়া রাজ্য সরকারের অন্যান্য কার্যালয়গুলিতে ক্লার্ক পদে যাঁদের নিয়োগ করা হবে, তাঁদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিকই থাকছে।

সচিবালয়ের ক্লার্ক পদের শিক্ষাগত যোগ্যতামান চূড়ান্ত হলেই নিয়োগের বিজ্ঞপ্তি বেরনোর যথেষ্ট সম্ভাবনা রয়েছে। প্রার্থী বাছাই করবে পাবলিক সার্ভিস কমিশন।

# কলকাতা হাইকোর্টে চাকরি

গ্রুপ ডি, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি) এবং ইংলিশ স্টেনোগ্রাফার (গ্রুপ-বি) পদে ৪৯ জনকে নিয়োগ করবে কলকাতা হাইকোর্ট। নিয়োগ হবে কলকাতার সিটি সেশনস ডিভিশনের জাজশিপে। গ্রুপ ডি-র ক্ষেত্রে ৩১টি, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট-এর ক্ষেত্রে ১৩টি এবং ইংলিশ স্টেনোগ্রাফার-এর ক্ষেত্রে ৫টি শূন্যপদ রয়েছে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা দেখুন এই দুই ওয়েবসাইট: www.calcuttahighcourt.nic.in, www.ecourts.gov.in/citysessionscourtcalcutta এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন সিটি সেশনস কোর্টের নোটিস বোর্ডে। ঠিকানা: বিচার ভবন, ২ ও ৩ ব্যাঙ্কশাল স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১।

# হুগলিতে ১০০ স্বাস্থ্যকর্মী

*প্রথম পাতার পর*

অফিস, ইন্টারনেট-সহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৯,৩৮০ টাকা।

**ফুল টাইম মেডিক্যাল অফিসার (এন ইউ এইচ এম):** ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। অবশ্যই মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

**স্টাফ নার্স, চাইল্ড হেলথ (আর সি এইচ সি এইচ অ্যান্ড এন আর সি):** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি নার্সিং বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**সহায়িকা (আর সি এইচ সি এইচ অ্যান্ড এন আর সি):** পাণ্ডুয়া: ১টি (তফসিলি উপজাতি), আরামবাগ: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট স্বাস্থ্যকেন্দ্র থেকে ৫ কিলোমিটারের মধ্যে বসবাস করতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৩,৫০০ টাকা।

**কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজার (ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম):** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকস্তরে বায়োলজি পড়ে থাকতে হবে। বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। হেলথ সুপারভাইজার বা অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০১৮ তারিখে অন্তত ৫০ বছর হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**ল্যাব টেকনিশিয়ান (ইন্টিগ্রেটেড কাউন্সেলিং অ্যান্ড টেস্টিং সেন্টার):** ৪টি (তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা। অথবা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে স্টাফ নার্স ও মেডিক্যাল অফিসারের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে, ল্যাব টেকনিশিয়ানের ক্ষেত্রে কম্পিউটার টেস্টের মাধ্যমে, স্টাফ নার্স (চাইল্ড হেলথ) ও সহায়িকা পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের মাধ্যমে, কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজার পদের ক্ষেত্রে ওয়াক-ইন-ইন্টারভিউ এবং ল্যাব টেকনিশিয়ান (আই সি টি সি)-এর ক্ষেত্রে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির থেকে: www.wbhealth.gov.in, www.hooghly.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার (তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'District Health & Family Welfare Samity Hooghly' A/C Non NHM-এর অনুকূলে চুঁচুড়া বা কলকাতা ব্রাঞ্চে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশিট এবং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম ইংরেজির বড় হরফে লিখে দেবেন। দরখাস্ত ১২ জুনের মধ্যে নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপ বক্সে সরাসরি জমা দিতে হবে। ঠিকানা: Office of the Chief Medical Officer of Health, New Administrative Building, 1st Floor, DRS Complex, Chinsurah, Hooghly-712 101.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের সরকারি হাসপাতালে ১২১২

*প্রথম পাতার পর*

জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)।

**ই ই জি/ ই এম জি:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখায় ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। অথবা বি এসসি (পিওর/ বায়ো) এবং মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখায় ১ বছর মেয়াদের ডিপ্লোমা।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা এবং কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৬ জুন। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই ১০০ কেবি সাইজের মধ্যে) এবং মেডিক্যাল কাউন্সিলের রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় লগ ইন আই ডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি টুকে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর আই পি এস)-এ অংশগ্রহণকারী যে-কোনও ব্যাঙ্কের মাধ্যমে ফি জমা দিতে হবে (রিসিপ্ট হেড অব অ্যাকাউন্ট: ০০৫১-০০-১০৪-০০২-১৬)। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে দরখাস্ত পূরণ করতে হবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ৯ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নৌবাহিনীতে নাবিক

## বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিকরা আবেদন করতে পারেন

প্রশিক্ষণ দিয়ে বেশ কিছু নাবিক নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস' এন্ট্রিতে নিয়োগ হবে। শুধু অবিবাহিত ছেলেরা আবেদন করবেন। ফেব্রুয়ারি ২০১৯ ব্যাচে ট্রেনিং হবে। ট্রেনিং শুরু হবে ২০১৯-এর ফেব্রুয়ারি মাস থেকে।

শিক্ষাগত যোগ্যতা: অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। অপশনাল বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে পড়ে থাকতে হবে। খেলাধুলা ও সাঁতারে আগ্রহ থাকলে অগ্রাধিকার।

বয়স: জন্মতারিখ হতে হবে ১-২-১৯৯৮ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে।

দৈহিক মাপজোক: উচ্চতা ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রার্থী বাছাই করা হবে সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ।

লিখিত পরীক্ষায় ইংরেজি, সায়েন্স, অঙ্ক ও জেনারেল নলেজের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। সময়সীমা ১ ঘণ্টা।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবোস) ও ১০টি পুশ আপ।

প্রথমে ২২ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আই এন এস চিলিকায়। এরপর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২ জুন থেকে ১৫ জুন পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ডে, ৬০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও স্ক্যান করা প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত ২০১৮-র ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস (প্রিলিমিনারি) এক্সামিনেশন ১০ জুন। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwb application.in অ্যাডমিট কার্ডে ফটো না এলে বা প্রার্থীর ফটো বোঝা না গেলে পরীক্ষাকেন্দ্রে প্রার্থীর দু'কপি স্ট্যাম্প সাইজের ফটো এবং সচিত্র পরিচয়পত্র সঙ্গে নিয়ে যাবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

□

**পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড** পরিচালিত মহিলা কনস্টেবল পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৪ জুন। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট থেকে: www.policewb.gov.in

WBCS - WBJS
BANK - SSC - RLY
CAT - MAT - JECA
JEXPO Campus Placement Training
TARGET
SEALDAH-9830461694
www.target-education.org

D.El.Ed., B.Ed.
কলেজেই ফুলে চাকরি
ভর্তি চলছে
D.El.Ed.-2018-20 (W.B/AP)
B.Ed.-2018-20 (WB/AP)
M.Ed.-2018-20 (W.B/AP)
B.P.Ed.-2018-20 (W.B/AP)
MP,HS,BA,MA,B.Sc,M.SC (ETC)
HALDAR ACADEMY
9007697749
সোনারপুর, কলকাতা-১৫০

# উচ্চমাধ্যমিকদের ট্রেনিং দিয়ে নৌবাহিনীতে নাবিক

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা নেওয়া হতে পারে অগস্টে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.joinindiannavy.gov.in

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবোস) এবং ১০টি পুশ আপ। এরপর মেডিক্যাল টেস্ট।

প্রথমে ৯ সপ্তাহের বেসিক ট্রেনিং দেওয়া হবে আই এন এস চিলিকায়। এরপর ট্রেড অনুসারে প্রফেশনাল ট্রেনিং দেওয়া হবে দেশের বিভিন্ন ন্যাভাল ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ ১৪,৬০০ টাকা পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সম্ভাবনা রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ২ জুন থেকে ১৫ জুন পর্যন্ত অনলাইন আবেদন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ডে, ৬০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও স্ক্যান করা প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

এক্সামিনেশন ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১০৬ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আই-এর মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ক্যালকাটা নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট
১০বি, শেক্সপিয়ার সরণী (Axis ব্যাঙ্কের বিপরীতে), কলিকাতা-৭০০০৭১
বাস স্টপ - বিড়লা তারামণ্ডল
১৭ থেকে ২৭ (০১.০১.১৮ পর্যন্ত) বছর বয়সী অন্তত ৪৫% নম্বর পেয়ে
১২ ক্লাস পাস, ইংরাজিতে ন্যূনতম ৪০% নম্বর আবশ্যিক।
পশ্চিমবঙ্গে বসবাসকারী মহিলাদের জন্য ৩ বছরের
জেনারেল নার্সিং ও মিডওয়াইফারী কোর্স
(ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল এবং ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা অনুমোদিত)
সেপ্টেম্বর ২০১৮ সেশনে ভর্তির জন্য ফর্ম ও প্রসপেক্টাস
১৪.০৬.১৮ পর্যন্ত সকাল ১০ টা থেকে বিকেল ৪ টের মধ্যে
(ছুটির দিন বাদে) ৩০০ টাকার বিনিময়ে পাওয়া যাবে।
ফর্ম পূরণ করে জমা দেবার শেষ তারিখ ১৫.০৬.১৮
বিকেল ৪ টের মধ্যে।
ট্রেনিং শেষের পর চাকুরির সুযোগ দেওয়া হয়ে থাকে

## কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে

# ১০০ মেডিক্যাল অফিসার

১০০ জন মেডিক্যাল অফিসার (জেনারেল) নেবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন। প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 13 of 2018.

মোট শূন্যপদ: ১০০টি (সাধারণ ৩৬, সাধারণ-অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত ২, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ১০, ও বি সি-এ ১৫, ও বি সি-বি ১০)।

শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে স্টেট মেডিক্যাল কাউন্সিল বা মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-১-২০১৮ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৮ জুন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (ফি বাবদ ১৫০ টাকা, প্রসেসিং ফি বাবদ ৫০ টাকা এবং ব্যাঙ্ক চার্জ বাবদ ২০ টাকা), তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ব্যবস্থাতেই। অফলাইনে ফি জমা দিতে চাইলে ২৮ জুনের মধ্যে চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৯ জুন। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ৩০ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

SBI / JIO ও AIRTEL
বাংলো কাস্টঃ কেয়ারে ছেলেমেয়ে চাই
টার্গেট ও নাইট শিফট ছাড়া কাস্টমারদের ইনকামিং কল রিসিভ করে ডেটা কার্ড রিচার্জ / চেকবুক ও Account balance enquiry সম্পর্কে সঠিক তথ্য দেওয়ার জন্য ৭৬০ জন ছেলেমেয়ে শীঘ্রই নিয়োগ। যোগ্যতা - M.P. - Graduate (18-35)। অদক্ষ প্রার্থীদের কাজ শিখিয়ে জয়েনিং দেওয়া হবে। বেতন-যোগ্যতানুসারে INC+O.T.+BONUS সহ 10,950/- + অন্যান্য সুবিধা। বহিরাগতদের হোস্টেলের সুবিধা।
GARIA : 8420455516
AIRPORT : 8420666060
BURDWAN : 9830188881
DUMDUM : 9803223211
SILIGURI : 9830771003

MBA ADMISSION FOR ACADEMIC SESSION 2018-2020
DEPARTMENT OF MANAGEMENT
UNIVERSITY OF NORTH BENGAL
Raja Rammohunpur, P.O. North Bengal University, Siliguri 734013, West Bengal, India
(UGC Recognized, AICTE Approved & National Ranked B-School)
Enlightenment to Perfection

Department of Management, University of North Bengal invites application for admission to its 2 year Full Time MBA Programme for the academic session 2018-2020. Eligibility : (i) Graduation (except Graduates in Fine Arts or Performing Arts), (ii) valid scores of **CMAT / MAT / CAT / ATMA / JMET / XAT/WBJEMAT/NBUMAT-2018**, (iii) Scores of Group Discussion and PI.
Prospectus and Application forms will be available during 21.05.2018 to 05.07.2018 from the office of the Department of Management, University of North Bengal, Siliguri (Monday to Friday 11 AM to 4 PM)
Contact: (i) Phone : 0353-2776376, 06295872012
(ii) Email:admission.mbanbu@gmail.com
Payment Mode : Rs. 500/- in cash or Rs. 600/- by post in Demand Draft drawn in favour of '**UNIVERSITY OF NORTH BENGAL**', payable at SBI, NBU Campus Branch (Code 2096)
Duly filled in application forms must reach the Office of the Head, Department of Management, University of North Bengal **on or before 05-07-2018 till 4:00 PM**
*To download forms and detailed information* log on to www.nbu.ac.in (Notice & Circular Section).
Advt. No :- 15/R-2018 Registrar

8 - 12 হাজার টাকা মাহিনার জন্য
বাইরে বেরোনোর দরকার কি ?
যদি বাড়িতে বসেই রোজগার করা যায় !
কি করতে হবে ? বিভিন্নরকম হাতের কাজ আমাদের অর্ডারে ঘরে বসে তৈরি করতে হবে। কাজ ও মেটিরিয়াল আমরা দেব। বাড়িতে নিয়ে গিয়ে তৈরি করে মাসে একবার বা দু'বার জমা দিতে হবে। জমা দিলে সঙ্গে সঙ্গে বানিয়ে দেওয়ার মজুরি দিয়ে দেওয়া হবে।
কেমন রোজগার হবে ? প্রতিটি আইটেমের মজুরি নির্দিষ্ট। তাই যেমন কাজ করতে পারবেন তেমন রোজগার হবে। তবে প্রতিদিন 5 ঘন্টা কাজ করলে মাসে 8000 টাকা, 8 ঘন্টা কাজ করলে মাসে 12000 টাকা আয় করা যায়।
প্রশিক্ষণ লাগবে ? কাজগুলি কেমন করে করবেন দেখিয়ে দেওয়া হবে। কোন টিউশন ফি লাগবে না। কিছু প্র্যাকটিস মেটিরিয়াল কিনে নিয়ে প্র্যাকটিস করে হাত সেট করে নিতে হবে।
কোন ডিপোজিট মানি লাগবে ? না, কোনও ডিপোজিট মানি লাগবে না। এক কপি পাসপোর্ট ফটো ও ঠিকানার প্রমাণপত্র লাগবে। 100 টাকা দিয়ে একটি আবেদনপত্র কিনে পূরণ করে জমা দিতে হবে।
কারা সুযোগ পাবে ? যেহেতু মাসে একবার অথবা দু'বার অর্ডার দেওয়া হয় তাই কোলকাতা সহ পশ্চিমবঙ্গের সব জেলার সব বয়সী পুরুষ/মহিলারাই এই সুযোগ পাবে।
ঘরে বসেই সারাবছর আয়ের সুযোগ নিতে 23.06.2018 তারিখের মধ্যে রবি ও সোমবার বাদে 12 টা থেকে 5 টার মধ্যে সরাসরি অফিসে যোগাযোগ করুন।
RUNNING SUCCESSFULLY FOR LAST 12 YEARS...
সবিতা ফাউন্ডেশন
93/2/R, Becharam Chatterjee Road, Behala, Kolkata - 700 034
Registered Under : Govt. of West Bengal, Registration No.: S/IL/36885
পথ নির্দেশ হাওড়া থেকে S12D, AC12D, 12C/1A, সখের বাজার মিনি এবং শিয়ালদহ থেকে S3A, 3D, 3D/1, 235, JM3 সহ বেহালাগামী বাসে অশোকা সিনেমাহল স্টপেজে নামুন। অশোকা সিনেমাহলের উল্টো দিকে সাউ সুইটস্ এর পাশের রাস্তা দিয়ে সোজা এগিয়ে এসে সানি স্কুল থেকে আর একটু এগিয়ে বিউটি পার্লারের উল্টোদিকে।